কৃষি মন্ত্রণালয়ের ২০১৪-২০১৫ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসি এফ ভূক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
	কৃষি মন্ত্রণালয়	১২	১০	০২	-	০৬	০৫	১২% ৪৩%		১.৫৩% ৪৫.৩৮%

প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ
মূলত: নিম্নলিখিত কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়:

সমাপ্ত প্রকল্পসমূহের মেয়াদকাল বৃদ্ধির প্রধান প্রধান কারণসমূহ হচ্ছে যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা ব্যতীত প্রকল্প প্রণয়ন ও ঠিকাদার নিয়োগে বিলম্ব, ক্রয় কার্য প্রক্রিয়াকরণে সময়ক্ষেপন, ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী ইত্যাদি। তাছাড়া সমাপ্ত প্রকল্পসমূহের ব্যয় মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা বৃদ্ধি না পেলেও প্রকল্প প্রণয়নকালে বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় কার্যক্রম প্রকল্প প্রস্তাবে অন্তর্ভূক্ত না করা, , সঠিক পরিকল্পনার অভাব, দুর্বল প্রকল্প ব্যবস্থাপনা ইত্যাদি কারণে অনেক প্রকল্প মূল পরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
০১।	**এনহেন্সিং ফুড সিকিউরিটি থ্রু ইমপ্রুভড্ ক্রপ ওয়াটার ম্যানেজমেন্ট প্রাকটিসেস ইন দ্যা সাউদার্ন কোষ্টাল এরিয়াস অব বাংলাদেশ (১ম সংশোধিত)** প্রতিটি Water Management Group (WMG) এর আওতায় নিকট সরবরাহকৃত এলএলপি'র সংখ্যা প্রয়োজনের তুলনায় নিতান্তই অপ্রতুল। কিছু কিছু জমিতে গভীর কর্ষণের প্রয়োজন হয় বিধায় সেক্ষেত্রে পাওয়ার টিলারের চেয়ে ট্রাক্টর অধিক কার্যকরি।ভবিষ্যতে শস্য কাটার যন্ত্র (Reaper) সরবরাহ করা গেলে সামগ্রিকভাবে শস্য উৎপাদন খরচ অনেক কমে যাবে। প্রকল্পের আওতায় সরবরাহকৃত শস্য মাড়াইয়ের যন্ত্র Power Thresher কৃষকের নিকট উপযোগী বিবেচিত হয়নি। Power Thresher গুলো যেভাবে ডিজাইন করা হয়েছে তা ধান বা গমের short length harvest-এর জন্য মূলত: উপযোগী। প্রকল্প সমাপ্তির পর লবনাক্ততা সহিষ্ণু জাতের বীজের যোগান খুব সীমিত।	ভবিষ্যতে প্রকল্প এলাকার Need assessment করে রাজস্ব বাজেটের আওতায় প্রকল্প এলাকাসমূহের জন্য প্রয়োজনীয় সংখ্যক এলএলপি, পাওয়ার টিলার ও ট্রাক্টরের সংস্থান করা যেতে পারে। ভবিষ্যতে প্রকল্প এলাকার বাস্তবতা/চাহিদার নিরিখে সকল কৃষি যন্ত্রপাতির ডিজাইন (আলোচ্য পাওয়ার থ্রেসার) নির্ধারণ করতে হবে। ভবিষ্যতে এ জাতীয় কোন প্রকল্প/কর্মসূটি বাস্তবায়নে ফসল কাটার খরচ হ্রাসের জন্য শস্য কাটার যন্ত্র (Reaper)-এর সংস্থান রাখা যেতে পারে।কৃষি মন্ত্রণালয়, বিএডিসি ও সংশ্লিষ্ট সকলকে কৃষকের নিকট
০২।	**দশটি কৃষি অঞ্চলে কৃষি তথ্য সার্ভিস-এর কার্যক্রম নিবিড়করণ (২য় সংশোধিত)** ➢ রিপোর্টিং ভ্যান অপর্যাপ্ত থাকায় প্রকল্প কার্যক্রম পরিদর্শন, বাস্তবায়ন, কৃষি সংবাদ সংগ্রহ ও প্রচার অনেক অঞ্চলে কম হয়েছে। ➢ প্রকল্পের আওতায় নির্মিত ডকুমেন্টারীর ভাষা অঞ্চলভিত্তিক উপকারভোগী ও অনেক আদিবাসীদের কাছে বোধগম্য নয়। ➢ প্রকল্পের অধীনে অঞ্চল পর্যায়ে দুইটি নিজস্ব অফিস ভবন নির্মাণ করা হয়েছে কিন্তু অন্য অঞ্চল পর্যায়ে নিজস্ব অফিস ভবন নেই ।	➢ কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম পরিদর্শন, বাস্তবায়ন, কৃষি সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য অবশিষ্ট ৫টি অঞ্চলে রিপোর্টিং ভ্যান এর ব্যবস্থা করা যেতে পারে। ➢ নির্মিত ডকুমেন্টারীসমূহ অঞ্চলভিত্তিক ভাষায় রূপান্তর করা যেতে পারে যাতে সবার কাছে বোধগম্য হয়। যে সকল অঞ্চলে

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
	➢ আইসিটি উন্নয়ন বিশেষত মোবাইল অ্যাপ্স, সফ্টওয়্যার ইত্যাদি খাতে বরাদ্দ না থাকায় এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা যায়নি।	কৃষি তথ্য সার্ভিসের নিজস্ব ভবন নেই, সে সকল অঞ্চলে অফিস ভবন নির্মাণ করা যেতে পারে। ➢ কৃষিক্ষেত্রে আইসিটি'র ব্যবহার সম্প্রসারণের জন্য মোবাইল অ্যাপ্স, সফটওয়্যার ইত্যাদি ➢ খাতে বরাদ্দ রাখা প্রয়োজন যাতে আইসিটি উদ্যোগ নেয়া সম্ভব হয়। ➢ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদির স্থায়ীত্বের জন্য রাজস্ব বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা প্রয়োজন।
০৩।	**কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে ডিজিটাল কৃষি তথ্যের প্রচলন ও গ্রামীণ জীবনমান উন্নয়ন (১ম সংশোধিত)** ➢ প্রকল্পের মাধ্যমে সকল উপজেলায় এআইসিসি স্থাপন করার সংস্থান নাই। উপজেলা ভিত্তিক একের অধিক এআইসিসি- এর চাহিদা রয়েছে। তাই চাহিদার তুলনায় এআইসিসির সংখ্যা অপ্রতুল । ➢ এআইসিসিতে বিদ্যমান যন্ত্রপাতি পরিচালনার ক্ষেত্রে দক্ষ অপারেটরের অভাব। এ ক্ষেত্রে দক্ষ অপরেটর সৃষ্টির জন্য আইসিটি বিষয়ক গুনগত ও মানসম্পন্ন দীঘ মেয়াদী প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে । ➢ প্রকল্পে নিয়োগকৃত জনবল সম্পূর্ণ অস্থায়ী। প্রকল্প সমাপ্তান্তে প্রকল্পের জেলা অফিস গুলো বন্ধ হয়ে গেছে। তাই প্রকল্পের মনিটরিং ও তত্ত্বাবধায়ন ব্যবস্থায় ঘাটতি দেখা গেছে । ➢ একটি ফটোস্ট্যাট মেশিন সরবরাহ করলে আয় বর্ধন, কর্ম সংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে আরো গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে এবং ➢ এআইসিসি এর কর্মকান্ড পরিচালনার মূল বাঁধা হলো ইন্টারনেটের ধীর গতি। এক্ষেত্রে এআইসিসিগুলোতে ইন্টারনেটের গতি বৃদ্ধি করার জন্য শক্তিশালী ওয়াইফাই জোন তৈরি করা হলে তথ্য সেবা গ্রহণ সহজতর হবে।	➢ বর্ণিত প্রকল্পের মাধ্যমে প্রতিষ্ঠিত ১৫০ টি উপজেলায় ১৫০ টি এআইসিসি এর অনুরূপ অবশিষ্ট উপজেলায় একটি করে এআইসিসি স্থাপন করে সঠিক সময়ে চাহিদামাফিক কৃষি বিষয়ক তথ্য প্রাপ্তি নিশ্চিত এবং ই-কৃষি কার্যক্রম ত্বরান্বিত করা যেতে পারে। ➢ কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র সমূহকে সক্রিয় ও গতিশীল রাখা এবং প্রযুক্তি নির্ভর ডিজিটাল কৃষি তথ্যের উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে অনুন্নয়ন বাজেটের আওতায় প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা যেতে পারে ।সার্ভিসের আওতায় প্রতিটি জেলায় জেলা অফিস স্থাপন করার মাধ্যমে কৃষকদের তথ্য প্রাপ্তি আরও সহজতর করা যেতে পারে । ➢ এআইসিসি পরিচালনার জন্য দক্ষ অপারেটর তৈরি করা প্রয়োজন। এ লক্ষ্যে ক্লাবের সদস্যদেরকে নিবিড় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা অত্যাবশ্যক। ➢ এআইসিসিগুলোতে দ্রুত গতির ইন্টারনেট সংযোগ প্রদান করা প্রয়োজন। ➢ ক্লাবের আয় বর্ধনমূলক কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি এআইসিসি এ একটি করে ফটোকপিয়ার মেশিন সরবরাহ করা যেতে পারে । ➢ প্রকল্পের আওতায় স্থাপিত জেলা অফিস যাহা ইতোমধ্যে বন্ধ হয়ে

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
		গেছে সেগুলো চালু করার উদ্যোগ গ্রহন করা যেতে পারে এবং ➢ কৃষি তথ্য সার্ভিস সীমিত জনবল দিয়ে সারাদেশে কার্যক্রম পরিচালনা করছে। সুষ্ঠভাবে সারাদেশ থেকে তথ্য সংগ্রহের জন্য কৃষি তথ্য সার্ভিসের জনবল বৃদ্ধি করা যেতে পারে।
০৪।	**ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ প্রকল্প ৩য় পর্যায় (২য় সংশোধিত)** ➢ বিএডিসির জরিপ ও পরিবীক্ষণ প্রকল্পের কার্যক্রম দীর্ঘদিন যাবৎ বাস্তবায়িত হলেও এখন পর্যন্ত এটি প্রকল্প নির্ভর। ফলে প্রকল্প সমাপ্তির পরে এ ধরনের কার্যক্রমের ধারাবাহিকতা বিশেষত জনবলের অভাবে ব্যাহত হচ্ছে। পরিদর্শনে কারিগরি জনবলের অনেকেই স্বেচ্ছাধীন সেবা দিতে দেখা গেছে, যাদের চাকুরি প্রকল্প সমাপ্তির সংগেই অবসান হয়েছে। ➢ নিরবিচ্ছিন্ন প্রকল্প পরিচালক না থাকায় মাত্র ৪ বছরে এ প্রকল্পে ৪ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। জনগুরুত্বসম্পন্ন এ ধরনের একটি প্রকল্পে প্রকল্প পরিচালকের ধারাবাহিকতা না থাকায় প্রকল্প পরিকল্পনা, ব্যবস্থাপনা ও তথ্য সংরক্ষণ কার্যক্রমের বিঘ্ন ঘটে। ➢ প্রকল্পের আওতায় প্রতি বছর বোরো মৌসুমে প্রায় আঠারো লক্ষ সেচযন্ত্র, সেচএলাকা ও উপকারভোগী কৃষকের সংখ্যা অস্থায়ীভাবে নিয়োগকৃত ১০০০ জন গণনাকারী মাঠ পর্যায়ে জরিপের কার্যক্রম করে থাকেন যা সেচযন্ত্রের সংখ্যার তুলনায় অপ্রতুল। কমপক্ষে প্রতি ১০০০ সেচযন্ত্রের জরিপের জন্য ১ জন গণনাকারী থাকা প্রয়োজন; এবং ➢ ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ প্রকল্পটি ক্ষুদ্রসেচের একটি তথ্য নির্ভর প্রকল্প। এ প্রকল্পের ধারাবাহিকতা রক্ষার জন্য বাংলাদেশের প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি করে ডিজিটাল অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার স্থাপন করতে হবে ।	➢ ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির উৎস, পানির গুণাগুণ ও ব্যবহারের সম্পর্কে আরও বেশি তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পূর্বক নীতি নির্ধারণী পর্যায়ে তথ্য সরবরাহ করা এবং মাঠ পর্যায়ে কৃষক ও সুবিধাভোগীদের নিকট প্রচারের ব্যবস্থার লক্ষ্যে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমটি প্রাতিষ্ঠানিকরণের উদ্যোগ নেয়া সমীচীন হবে। তাছাড়া প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য রাজস্ব/উন্নয়ন বাজেটের আওতায় কার্যক্রম চালু রাখা প্রয়োজন। ➢ প্রতিটি মেকানিক্যাল পদ্ধতির অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার ডিজিটাইলেশনের উদ্যোগ নিতে হবে। ➢ মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রকল্পের আওতায় পর্যাপ্ত জনবল নিয়োগ করা প্রয়োজন; ➢ সারা বাংলাদেশে আরটিকে জিপিএস এর মাধ্যমে সার্ভে করে প্রতিটি অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার, বিএডিসির গভীর নলকূপ, অবজারবেশন নলকূপের ল্যাটিচিউড, লংগিচিউড ও আর এল নির্ণয় করা হয়েছে। গভীর ও অগভীর নলকূপের আর এল নির্ণয় এ সমীক্ষার সুপারিশ অনুযায়ী বাংলাদেশের আরও ১০০ টি উপজেলায় অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার স্থাপন ও ১০০ টি রেইনগেজ বসানোর সুপারিশ করা হয়েছে। ➢ পানি, মাটি ও সারের জৈব/অজৈব গুণাগুন ও বৈশিষ্ট্যগুলোকে মান নিরূপণে ব্যবহৃত আন্তর্জাতিক প্রতিষ্ঠান এবং সরকার নির্ধারিত আদর্শ মানের মধ্যে পার্থক্যগুলো

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
		বিশেষজ্ঞ পর্যায়ে যাচাই করে হালনাগাদ করা প্রয়োজন এবং ➢ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিরবিচ্ছিন্নভাবে দীর্ঘ সময় দায়িত্ব পালনে সক্ষম কর্মকর্তাদের প্রকল্প পরিচালক পদে নিয়োগ দেওয়া সমীচীন হবে।
০৫।	**তাল, খেজুর ও গোলপাতা উন্নয়নের জন্য পাইলট (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প** ➢ প্রকল্পের ওপর External Audit করা হয়নি। ➢ প্রকল্পের আওতায় সংগৃহীত কতিপয় আসবাবপত্র ও যন্ত্রপাতিতে প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল লেভেলিং করা হয়নি এবং ➢ গবেষণাগারে সংরক্ষিত সিরাপ নষ্ট হয়ে গেছে। উল্লেখ্য, স্বাস্থ্যসম্মতভাবেতৈরী তাল, খেজুর এবং গোলপাতার রসের সিরাপ/গুড় দীর্ঘ মেয়াদেসংরক্ষণ এর প্রযুক্তি উদ্ভাবনের ওপর গবেষণা করা যেতে পারে।	➢ দেশে তাল, খেজুর ও গোলপাতা গাছ হতে গুড়/সিরাপ তৈরীর ব্যাপক সুযোগ এবং সম্ভাবনা রয়েছে। তাল, খেজুর, গোলপাতার গাছ হতে গুড়/সিরাপ তৈরীর মাধ্যমে চিনি জাতীয় খাদ্যের আমদানী হ্রাসপূর্বক বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব। ➢ মানবদেহে ক্ষতিকর ক্যান্সার সৃষ্টিকারী পদার্থ হাইড্রোজ এর পরিবর্তে ভেষজ উদ্ভিদের নির্যাসের মাধ্যমে গুড় উৎপাদনের বিষয়ে অধিক হারে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে কৃষি মন্ত্রণালয়/ বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ➢ প্রকল্পের আওতায় সংগৃহীত যে সব আসবাবপত্র ও যন্ত্রপাতি লেভেলিকরা হয়নি তা দ্রুত লেভেলিং করতে হবে এবং ➢ সমাপ্ত প্রকল্পটির অতি দ্রুত External Audit সম্পন্ন করার ব্যবস্থা করে অডিট প্রতিবেদনর কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে।
০৬।	**"বৃহত্তর ঢাকা জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (২য় সংশোধিত)"** ● যথাসময়ে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সেচযন্ত্র সংযোগ না পাওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে মাঠ পর্যায়ে বৈদ্যুতিক সেচযন্ত্র ক্ষেত্রায়ন করা সম্ভব হয়নি। ● জানুয়ারী মাস পর্যন্ত মাঠে পানি থাকায় এবং পরবর্তীতে ফসল থাকায় খাল খনন ও বারিড পাইপ সেচনালা স্কীম সমূহের কাজ বাস্তবায়ন নির্দিষ্ট সময়ের মধ্যে করা সম্ভব হয় না। ● প্রকল্পের খুচরা যন্ত্রাংশের সংস্থান না থাকায় এর অভাব, ট্রান্সফরমা চুরি/নষ্ট হওয়া এবং মৌসুম শেষে ব্যাটারী অকেজো হয়ে পড়ায় সেচ কাজে বিঘ্ন সৃষ্টি হয়। ● প্রকল্প এলাকায় প্রায় সব গুলো ইউনিট অফিস উপজেলায় ঝুঁকিপূর্ন ভবনে অবস্থিত এবং তেমন কোন আসবাবপত্র নেই। এ অবস্থায় কর্মকর্তাদের প্রকল্প বাস্তবায়নে বেশ অসুবিধা সৃষ্টি হয়েছে। ● প্রকল্পের আওতাধীন দপ্তর সমূহে প্রয়োজনীয় জনবল সংকটের কারনে প্রকল্প বাস্তবায়নে অসুবিধা সৃষ্টি হয়েছে। ● আরডিপিপি'র সংস্থান অনুযায়ী এডিপি বরাদ্দ পাওয়া না পাওয়া।	➢ প্রকল্পের কাজের ধারাবাহিকতার রক্ষা ও ফসল উৎপাদন অব্যাহত রাখতে এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন। ➢ যে সকল সেচ স্কীমে জমির পরিমান বেশী সে সকল স্কীমে ভূ-গর্ভস্থ সেচনালার দৈর্ঘ্য যৌক্তিকভাবে সম্প্রসারণ করা যেতে পারে। ➢ সেচ যন্ত্র চালু রাখার লক্ষ্যে প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ ও ট্রান্সফরমার মজুদ ও সরবরাহের ব্যবস্থা করা যেতে পারে। ➢ পল্লী বিদ্যুৎ সমিতির সাথে আলোচনা করে যথাসময়ে বিদ্যুৎ লাইন নির্মাণ ও সেচযন্ত্রে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করা যেতে

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
	• প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় নিয়োগকৃত জনবলের চাকুরী শেষ হয়ে যাওয়ায় দপ্তর সমূহে জনবল সংকট বেড়ে যায় এবং চলমান স্কীম সমূহের রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হয় এবং • পূর্ণ মেয়াদে প্রকল্প পরিচালক না থাকায় ধারাবহিকভাবে প্রকল্পের কার্যক্রম পরিচালনায় কিছুটা অসুবিধা সৃষ্টি হয়।	পারে। ➢ ইত:পূর্বে বাস্তবায়িত সেচ স্কীম ও সেচ অবকাঠামো প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষনের মাধ্যমে সচল রাখা যেতে পারে। ➢ প্রকল্প এলাকায় যেসব স্থানে বিদ্যুৎ নেই সে সকল স্থানে সোলার পাম্পের মাধ্যমে সেচ প্রদান করা যেতে পারে । ➢ ভূ-গর্ভস্থ পানির সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে মজা পুকুর খনন করে বৃষ্টির পানি সংরক্ষনের মাধ্যমে সেচ কাজে ব্যবহার করা যেতে পারে এবং ➢ সেচের পানির পরিমিত ব্যবহার নিশ্চিতকরণ ও সেচ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক সেচ পদ্ধতি যেমন, স্প্রিংলার ও ড্রিপ সেচ পদ্ধতি সম্প্রসারণ করা যেতে পারে।
০৭।	**আড়াইহাজার হর্টিকালচার সেন্টারকে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে উন্নীতকরণ প্রকল্প (২য় সংশোধিত)** ➢ আআড়াইহাজার কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর পিছনের দিকের জমিতে উঁচু- নীচু পরিলক্ষিত হয় যা যথাযথভাবে লেভেলিং করা প্রয়োজন। ➢ আআড়াইহাজার এটিআই চত্বরে খননকৃত পুকুরের ধারে কোন সিঁড়ি/ঘাটলা নির্মাণ করা হয়নি। ছাত্র/ছাত্রীদের মৎস্য বিষয়ে ব্যবহারিক ক্লাস করার জন্য পুকুর পাড়ে সিঁড়ি/ঘাটলা নির্মাণ করা প্রয়োজন। ➢ প্রপ্রকল্প এলাকায় অতিরিক্ত বৃষ্টি হলে বায়োগ্যাস প্ল্যান্ট সংলগ্ন সীমানা প্রাচীর এর বাইরে অবস্থিত পুকুরের পানি Overflow হয়ে সীমানা প্রাচীর এর নীচ দিয়ে এটিআই চত্বরে প্রবেশ করে পরবর্তীতে পানি সরে গেলে বায়োগ্যাস প্ল্যান্ট পাশ্ববর্তী সীমানা প্রাচীর এর নীচে কোন মাটি না থাকায় শূন্যতার সৃষ্টি হয়। সীমানা প্রাচীর এর নীচে ফাঁকা স্থান দিয়ে বাইরের জনগণ এটিআই চত্বরে প্রবেশ করে নিরাপত্তা বিঘ্ন করতে পারে;	➢ আড়াইহাজার কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের পিছনের দিকের উঁচু-নীচু জমি লেভেলিং করাসহ অতিরিক্ত/উদ্বৃত্ত মাটি এটিআই চত্বর হতে অন্যত্র সরানোর বিষয়ে কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ➢ আড়াইহাজার কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক ক্লাস নিরাপত্তার সাথে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পুকুরপাড়ে সিঁড়ি/ঘাটলা নির্মাণ করতে হবে। ➢ আড়াইহাজার কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের জান-মাল এর নিরাপত্তার স্বার্থে বায়োগ্যাস প্ল্যান্ট এর পাশ্ববর্তী সীমানা প্রাচীর এর সমস্যা সমাধানের বিষয়ে কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
০৮।	**কৃষি যন্ত্রপাতি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্প** ➢ প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন, ল্যাব যন্ত্রপাতি সহ অন্যান্য সকল দ্রব্যাদি লেভেলিং করা প্রয়োজন। ভবিষ্যতে অন্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত সামগ্রী যাতে একত্র হয়ে না যায় তা লক্ষ্য রাখতে হবে। ➢ কৃষকদের যে যন্ত্র বিতরণ করা হয়েছে তাদের মধ্যে কেউ কেউ ঠিকমতো যন্ত্রগুলো রক্ষণাবেক্ষণ করেন না, যন্ত্রপাতি ঢেকে না রাখার ফলে বৃষ্টিতে ভিজে যন্ত্রগুলোতে মরিচা পড়ে নষ্ট হয়ে যাচ্ছে যা কৃষকদের জন্য আর্থিক ক্ষতির কারণ হতে পারে বলে	➢ দেশীয় প্রযুক্তি নির্ভর কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও সম্প্রসারণ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে উন্নয়ন/অনুন্নয়ন বাজেটের আওতায় কৃষি মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারে। ➢ বারি-ব্রি উদ্ভাবিত দেশীয় প্রযুক্তি নির্ভর কৃষি যন্ত্রপাতিসমুহ মাঠ

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
	প্রতীয়মান হয়। এক্ষেত্রে সচেতনতা সৃষ্টি এবং প্রশিক্ষণের মাধ্যমে কিভাবে যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ করতে হবে তা কৃষকদের জানানোর প্রয়োজনীয়তা প্রতীয়মান হয়।	পর্যায়ে সম্প্রসারনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে প্রকল্প গ্রহন করা প্রয়োজন; ➢ প্রকল্পের আওতায় ভর্তূকিমূল্যে বিতরণকৃত কৃষি যন্ত্রপাতির সঠিকরক্ষণাবেক্ষণের জন্য স্ব স্ব এলাকার উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে সম্পৃক্ত করা যেতে পারে এবং প্রকল্পের আওতায় উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতিগুলো আধুনিকায়ণের কাজ অব্যাহত রাখতে হবে।
০৯।	**ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজী প্রজেক্ট (এনএটিপি) ফেজঃ১ (৩য় সংশোধিত)** ➢ পরিদর্শিত FIAC (Farmer's Information and Advice Cintre) এর কয়েকটি ও কম্পিউটার সামগ্রী ছাড়া কার্যক্রম চলছে। ➢ FIAC এর প্রাণিসম্পদ কম্পোনেন্ট সেন্টারে রেফ্রিজারেটর না থাকার গবাদিপশুর টিকা ও ঔষধ সংরক্ষণে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। ➢ CIG গ্রুপের মধ্যে অনেকগুলোর সঞ্চয়ের অগ্রগতি সন্তোষজনক নয় এর পিছনে উৎসাহ, উদ্দীপনার অভাব রয়েছে। ➢ অধিকাংশ CIG এর রেজিষ্ট্রেশন সম্পন্ন হলেও কিছু কিছু CIG এর রেজিষ্ট্রেশন কাজ সম্পন্ন হয়নি। ➢ প্রকল্পটি কৃষি মন্ত্রণালয় ও পশু সম্পদ মন্ত্রণালয় অধীন অনেকগুলো সংস্থা কর্তৃক বাস্তবায়িত হয়েছে; সংস্থাগুলোর মধ্যে সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়েছে। ➢ প্রকল্পটি সরাসরি কৃষি মন্ত্রণালয়ের অধীনে একটি PSU গঠন করে বাস্তবায়ন করা হয়েছে। প্রকৃত পক্ষে মন্ত্রণালয় বাৱস্তবায়নকারী সংস্থা হলে তদারকিতে ঘাটতি থাকে। কোন সংস্থার অধীন বাস্তবায়িত না হওয়ায় বাস্তবায়িত প্রকল্পের সম্পদের রক্ষণাবেক্ষণ/মজুদের সমস্যা হতে পারে।	➢ যে সকল কৃষি তথ্য ও পরামর্শ কেন্দ্রে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী নেই প্রকল্পের পরবর্তী পর্যায়ে তা সরবরাহ করা যেতে পারে। ➢ প্রকল্পের ২য় পর্যায়ে সফল কৃষি তথ্য ও পরামর্শ কেন্দ্রে রেফ্রিজারেটর সরবরাহ করা যেতে পারে; ➢ যে সকল CIG গ্রুপ সঞ্চয়ে পিছিয়ে আছে তাদের সঞ্চয়ের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। ১ম পর্যায়ের CIG গ্রুপ সমূহের মধ্যে যারা সঞ্চয়ে এগিয়ে আছে এবং কৃষিকাজে বিনিয়োগ করেছে তাদের বিশেষ প্রণোদনা দেয়া যেতে পারে। ➢ যে সকল CIG এখনও রেজিষ্ট্রেশন করা হয়নি সেগুলোর রেজিষ্ট্রেশন কাজ সম্পন্ন করতে কৃষি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে। ➢ বাড়ির আঙ্গিনা, পতিত জমিতে সবজি চাষ বিষয়ে বিশেষ করে মহিলাদের প্রশিক্ষণ প্রদান কর্মসূচী পরবর্তী পর্যায়ে সম্প্রসারণ করতে হবে। ➢ সমন্বিত বালাই ব্যবস্থাপনা বিষয়ক একটি প্রকল্প চলমান রয়েছে তাই এনএটিপি প্রকল্পের আইপিএম সংক্রান্ত কার্যাবলীর সাথে দ্বৈততা পরিহার করতে হবে। ➢ এনএটিপি ভিন্ন অন্য কোন চলমান প্রকল্পের সাথে সম্পৃক্ত কৃষকদের এনএটিপি'র পরবর্তী পর্যায়ের

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
		CIG সংগঠনে অন্তর্ভূক্ত করা যাবে না। ➢ এনএটিপি ১ম পর্যায়ের গবেষণার মাধ্যমে উদ্ভাবিত প্রযুক্তিসমূহ এনএটিপি-২য় পর্যায়ের প্রকল্প এলাকায় CIG এর মাধ্যমে সম্প্রসারণ করা রযেতে পারে। ➢ প্রাণি সম্পদের উৎপাদনশীলতা বৃদ্ধির করতে প্রশিক্ষণের পাশাপাশি ঘাষ চাষে (বিশেষত নেপিয়ার ঘাস) গুরুত্ব প্রদান করা যেতে পারে। ➢ প্রশিক্ষণের ক্ষেত্রে দ্বৈততা পরিহারে কৃষকগণের ছবি ও মোবাইল নম্বরসহ একটি ডাটাবেজ তৈরী করা যেতে পারে এবং ➢ প্রকল্পের বাস্তবায়িত কাজের External Audit সম্পন্ন করে তার প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ করতে হবে।
১০।	**বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)** ➢ মূল ডিপিপি অনুযায়ী এ প্রকল্পে কমর্কর্তা/কমর্চারীর মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা ১৬১ জন। কিন্তু প্রকল্প মেয়াদকালে কোন সময়ই প্রকল্পের আওতায় ১৬১ জন লোকবল পাওয়া যায়নি। ফলে প্রয়োজনের তুলনায় কম সংখ্যক লোকবল দিয়ে প্রকল্পটির বাস্তবায়ন কাজে বেশ অসুবিধা হয়েছে। ➢ প্রকল্পের আওতায় স্থাপিত গভীর নলকূপের বিপরীতে বিদ্যুৎ লাইন নির্মাণ ও সংযোগের জন্য প্রাপ্ত ১১২ টি ডিমান্ড নোটের (পল্লী বিদ্যুৎ সমিতি ১০৬টি ও ওজোপাডিকো ৬টি) বিপরীতে পল্লী বিদ্যুৎ সমিতি ও ওজোপাডিকোকে টাকা পরিশোধ করা হয়। তন্মধ্যে পল্লী বিদ্যুৎ সমিতি কতৃর্ক ৬৭টি ও ওজোপাডিকো কতৃর্ক ৩টির (মোট ৭০টি) বিদ্যুৎ সংযোগ পাওয়া যায়। অবশিষ্ট ৪২টি (পল্লী বিদ্যুৎ সমিতি ৩৯ টি ও ওজোপাডিকো ৩ টি) বিদ্যুৎ সংযোগ পাওয়া যায়নি। ফলে গভীর নলকূপগুলো চালু করা সম্ভব হচ্ছে না। প্রকল্পের অধীন সেচযন্ত্রসমূহ (অর্থাৎ গভীর নলকূপ ও শক্তি চালিত পাম্পসমূহ)- এ বিদ্যুৎ সংযোগ কল্পে লাইন নিমার্ণের জন্য পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ডিপোজিট ওয়ার্কে কাজ সম্পাদনের নিমিত্তে অর্থ প্রদান করা হয়। এ ক্ষেত্রে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ কর্তৃক মালামালের স্বল্পতাসহ নানা অসুবিধার করণে লাইন নির্মাণে বিলম্ব হয়। ➢ প্রকল্প এলাকায় উপজেলা পর্যায়ে অফিস হিসাবে ব্যবহৃত UTDC ভবনগুলো জরাজীর্ণ ও ব্যবহারের প্রায় অনুপযোগী। ফলে দাপ্তরিক ও প্রকল্পের কার্যক্রম সম্পাদনে নানামুখী সমস্যার সম্মুখীন হতে হচ্ছে এবং ➢ জিএফআইএডি প্রকল্পটি জুন, ২০১৫ সালে সমাপ্ত হয়েছে। বৃহত্তর ফরিদপুর অঞ্চলে কৃষি উৎপাদন অব্যাহত রাখার স্বার্থে প্রকল্পের আওতায় স্থাপিত সেচযন্ত্র ও নির্মিত সেচ অবকাঠামোসমূহ তথা সেচ স্কীমসমূহ চালু রাখার জন্য তথা প্রকল্পের আওতায় সম্পাদিত উন্নয়ন কমর্কান্ডের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে জিএফআইএডি প্রকল্পে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ৪০ জন	➢ প্রকল্প এলাকায় বিএডিসি'র বিভিন্ন শুন্য পদে জনবল নিয়োগ/পদায়নের ব্যবস্থা নেওয়া প্রয়োজন। ➢ প্রকল্প কতৃর্ক স্থাপিত সেচযন্ত্রসমূহে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে পল্লী বিদ্যুৎ সমিতি ও বিএডিসি'র মধ্যে সাব ষ্টেশন/ফিডার এর ধারণ ক্ষমতা অনুযায়ী সংযোগ প্রদান করতে হবে মর্মে চুক্তি সম্পাদন সাপেক্ষে বৈদ্যুতিক লাইন নিমার্ণের দায়িত্ব প্রকল্প কতৃর্পক্ষের উপর ন্যস্ত থাকা বাঞ্চনীয়। প্রকল্প পরিচালক কতৃর্ক নিজস্ব ভাবে টেন্ডার আহ্বান করে বৈদ্যুতিক লাইন নিমার্ণ কাজ সম্পাদন করবেন। পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ চুক্তি অনুযায়ী সেচযন্ত্রসমূহে বিদ্যুৎ সংযোগ প্রদান করবেন। ➢ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মাষ্টার রোলে জনবল নিয়োগ না করে বিএডিসি'র নিজস্ব জনবল (রাজস্ব খাত হতে বেতন-ভাতাদি প্রাপ্য) প্রেষণে ন্যস্ত করা দরকার। নতুবা প্রকল্পের নিয়োজিত জনবলকে রাজস্ব খাতে আত্তীকরণ করা প্রয়োজন। ➢ ভবিষ্যতে সরকারি ক্রয়ের ক্ষেত্রে পণ্যের গুণগত মান (Quality Expenditure) এবং

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
	এমএলএসএস/দারোয়ান, সাকূল্য বেতনে নিয়োজিত ৪ জন ডাটা এন্ট্রি অপারেটর, আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত ১৫ জন গাড়ী চালক, ১০ জন ইলেকট্রিশিয়ান এর বেতন এবং স্থাপিত সেচযন্ত্রসমূহ ও নির্মিত সেচ অবকাঠামোসমূহ মেরামত/রক্ষণাবেক্ষণসহ অফিস পরিচালনা ব্যয় নির্বাহ প্রকল্পের নিজস্ব আয়ের খাত থেকে অসুবিধা হচ্ছে। এ কারণে সংশ্লিষ্টরা কাজ করার আগ্রহ হারিয়ে ফেলছেন। এসকল জনবল না থাকলে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহ সঠিকভাবে পরিচালনা করা সম্ভব হবে না।	অনাকাঙ্খিত জটিলতা এড়ানোর জন্য ই-টেন্ডারিং বাধ্যতামূলক করা যেতে পারে। ➢ অনিবার্য কারণ ব্যতীত প্রকল্প পরিচালক পরিবর্তন করা সমীচীন হবে না এবং প্রকল্প পরিচালক নিয়োগ দেবার সময় তাঁর চাকুরিকাল অন্তঃত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন তৈরীর সময় পর্যন্ত অবশিষ্ট থাকে তা নিশ্চিত করা যেতে পারে। ➢ প্রকল্পের অব্যয়িত অর্থ যথাযথভাবে সমর্পণ করা হয়েছে কিনা তা কৃষি মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং আইএমিডিকে অবহিত করবে এবং ➢ বৃহত্তর ফরিদপুর অঞ্চলে কৃষি উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে প্রকল্পের ১ম, ২য় ও ৩য় পর্যয়ের স্থাপিত সেচযন্ত্র ও নির্মিত সেচ অবকাঠামোসমূহ তথা সেচ স্কীমসমূহ চালু রাখার মাধ্যমে সেচ সুবিধা অব্যাহত রাখা প্রয়োজন। এছাড়া এ অঞ্চলে আরও অধিক জমিতে সেচ সুবিধা সম্প্রসারণের সুযোগ আছে। তাই প্রকল্প শেষ হলে সেচের অভাবে যেন কৃষি উৎপাদন ও দারিদ্র বিমোচনের কাজ বাধাগ্রস্থ না হয় সে লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করতে পারে।

সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (১ম সংশোধিত) (বিএডিসি অংগ) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

১। **প্রশাসনিক মন্ত্রণালয়** : কৃষি মন্ত্রণালয়

২। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

৩। **প্রকল্পের অবস্থান** : ৪টি বিভাগের ১১টি জেলার ১১টি উপজেলায়।

৪। **প্রকল্পের ব্যয়** : (লক্ষ টাকা)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (জিওবি ও নিজস্ব)	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল অনুমোদিত (জিওবি ও নিজস্ব)	১ম সংশোধিত (জিওবি ও নিজস্ব)		মূল	১ম সংশোধিত সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৬৩৫.৪০০ (২৭৭০.৪০ ও ৮৬৫.০০)	৪৪২৯.০৭৪ (৩১৬৮.৬৫১ ও ১২৬০.৪২৩)	৪৩৯৯.৮২৯৬৫ (৩১৫৭.১৮৪ ও ১২৪২.৬৪৬)	জুলাই, ২০১০ হতে ডিসেম্বর ২০১৩	জুলাই, ২০১০ হতে জুন ২০১৫	জুলাই, ২০১০ হতে জুন ২০১৫	৭৬৪.৪৩ (২১.০৩%)	১ বছর ৬ মাস (৪৩%)

৫। **প্রকল্পের অর্থায়ন:** প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত।

৬। **অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এবং মাঠ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পরীক্ষা, সরেজমিন পদির্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায়, ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৮। **প্রকল্প গ্রহণের পটভূমি:**

৮.১. প্রকল্পের পটভূমি:

বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি এবং কৃষি জমি হ্রাস পরস্পর সম্পর্কিত। প্রতি বছর বাংলাদেশের জনসংখ্যার সাথে যোগ হচ্ছে ২০ লক্ষ মানুষ। কিন্তু প্রতি বছর কৃষি জমি কমছে প্রায় ৮০ হাজার হেক্টর। এই ধারা অব্যাহত থাকলে ২০২০ সালে আমাদের জনসংখ্যা হবে ১৭ কোটি এবং কৃষি জমির পরিমাণ ৮৩ লক্ষ হেক্টর থেকে ১২ লক্ষ হেক্টর কমে দাঁড়াবে ৭১ লক্ষ হেক্টর (সূত্রঃ ইউএনডিপি ২০০৩)। ফলে প্রতিনিয়ত বৃদ্ধি প্রাপ্ত অতিরিক্ত জনসংখ্যার খাদ্য চাহিদা হ্রাসকৃত জমি থেকে পূরণ করতে হলে আমাদের উৎপাদনশীলতা ও ফসলের নিবিড়তা বাড়াতে হবে। এই চ্যালেঞ্জিং কার্যক্রম সঠিকভাবে মোকাবেলা করতে হলে সময়মত উন্নত মানের বীজ, চারা, গুটি, কলম উৎপাদনপূর্বক কৃষক ও জনসাধারণের মাঝে বিতরণের কাজে বিএডিসি ' র উদ্যান উন্নয়ন বিভাগের আওতাধীন বিভিন্ন উদ্যান উন্নয়ন কেন্দ্রকে সম্পৃক্ত করা গেলে দেশের উদ্যান জাতীয় ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে, পাশাপাশি কৃষকসহ জনগণকে যথাযথভাবে প্রশিক্ষণ ও মোটিভেশনের মাধ্যমে শস্য/ফসল সংগ্রহোত্তর অপচয় হ্রাস করা সম্ভবপর হবে। শ্রমিকের স্বল্পতা, মজুরি বৃদ্ধি, শিক্ষার হার বৃদ্ধি এবং উৎপাদিত দানাশস্য জাতীয় ফসলের সঠিক মূল্য না পাওয়ার কারণে ইদানিংকালে বাণিজ্যিক ভিত্তিতে উদ্যান জাতীয় ফসল উৎপাদনের প্রতি কৃষকদের আগ্রহ দিনদিন বৃদ্ধি পাচ্ছে।

সরকারি পৃষ্ঠপোষকতার মাধ্যমে বিভিন্ন ধরণের উদ্যান জাতীয় ফসল কৃষকের মাঠে প্রদর্শন এবং তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা দিলে ফলন বৃদ্ধিসহ দেশের মোট উৎপাদন বৃদ্ধি পাবে এবং কৃষক অর্থনৈতিক ভাবে বেশি লাভবান হবে। যার ফলে উদ্যান জাতীয় ফসল উৎপাদনে কৃষকের আগ্রহ বৃদ্ধি পাবে এবং নতুন নতুন উদ্যোক্তাদের মাধ্যমে কৃষির উন্নয়ন ত্বরান্বিত হতে থাকবে।

আমাদের দেশে বিভিন্ন ধরণের উদ্যান জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে উচ্চ ফলনশীল ও হাইব্রীড জাতের গুণগত মান সম্পন্ন চারা, গুটি, কলম এর অভাব ও সরবরাহের বিষয়টি প্রধান অন্তরায় বলে প্রতিয়মান হয়। উন্নত জাত ও ভাল মানের চারা ও গুটি কলম ব্যবহার করে শাক সবজী ও ফল মূলের ফলন ১৫- ২০% বাড়ানো সম্ভব বলে মনে করা হয়। তাই সমন্বিত মান সম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (১ম সংশোধিত) এর মাধ্যমে দেশের কৃষক পর্যায়সহ প্রকল্প এলাকার জনসাধারণের মাঝে বিভিন্ন ধরণের উদ্যান জাতীয় ফসলের উচ্চ ফলনশীল ও হাইব্রীড জাতের গুণগত মান সম্পন্ন চারা, গুটি, কলম সরবরাহের লক্ষ্য নিয়ে বিভিন্ন ধরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল।

৮.২. প্রকল্পের উদ্দেশ্য :

(ক) দেশে ক্রমবর্ধমান জনগণের পুষ্টিমান বৃদ্ধির লক্ষ্যে অধিক হারে উন্নত জাতের ফল, সব্জী ও মসলা জাতীয় ফসল উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধ করা;
(খ) উন্নত জাতের ও মানের বীজ, চারা, গুটি কলম উৎপাদন করা এবং চাষীদের মাঝে বিতরণ করা;
(গ) ফল ও সব্জী উৎপাদনের আধুনিক কলা কৌশল, সংরক্ষণ, সর্টিং, গ্রেডিং ও বাজারজাতকরনে আধুনিক প্রযুক্তি সম্পর্কে কৃষকদের প্রশিক্ষণ দান;
(ঘ) নতুন প্রকল্প এলাকায় চাষীদের উন্নত জাতের উদ্যান ফসল (ফল, সব্জী, মসলা ও ফুল ইত্যাদি) অধিক হারে উৎপাদনের জন্য উদ্বুদ্ধ করা;
(ঙ) রপ্তানী আয় বৃদ্ধির জন্য উন্নত মানের ফল ও সব্জী উৎপাদনকারী চাষী ও রপ্তানীকারকদের মাঝে সেতু বন্ধন তৈরীতে সহায়তা প্রদান; এবং
(চ) প্রকল্প এলাকায় ও খামারে প্রদর্শনী প্লট স্থাপন এর মাধ্যমে নতুন উদ্ভাবিত ফল ও সবজি প্রদর্শন করা।

৯। **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই-লীড এজেন্সী), কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম), কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক বাস্তবায়িত "সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়" মূল প্রকল্পটি মোট ১৯৪৪৯.২৫০ লক্ষ টাকা (ডিএই অংগঃ ৭৮৬২.৬০ লক্ষ, বিএআরআই অংগঃ ৫৪৮১.১০ লক্ষ, বিএডিসি অংগঃ ৩৬৩৫.৪০ ও ডিএম অংগ ২৪৭০.১৫ লক্ষ) ব্যয়ে জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৬/০৭/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। কিন্তু প্রকল্পের প্রশাসনিক আদেশ জারীসহ অন্যান্য কার্যক্রম ও প্রকল্পের অংগ ভিত্তিক মুল কার্যক্রম শুরু হতে দেরি হওয়ায় পরবর্তীতে ০৭ নভেম্বর, ২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ২২১৮৭.১৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (ডিএইঃ ৯২৭৯.১৮ লক্ষ, বিএআরআইঃ ৫৭৩৮.৯১ লক্ষ, বিএডিসিঃ ৪৪২৯.০৭ লক্ষ ও ডিএএমঃ ২৭৪০.০০ লক্ষ) জুলাই, ২০১০ থেকে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধিত হিসেবে "সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (১ম সংশোধিত)'' অনুমোদিত এবং প্রকল্পটি জুন, ২০১৫ এ সমাপ্তির জন্য নির্ধারিত হয় ।

তাছাড়া ২০১৩ সালের ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৩য় সভায় উক্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।

১০। **সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়:**

(লক্ষ টাকা)

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ		ব্যয়	
	মোট	টাকা	মোট	টাকা
২০১০-২০১১	522.500	522.500	501.674	501.674
২০১১-২০১২	800.000	800.000	775.653	775.653
২০১২-২০১৩	867.000	867.000	854.072	854.072
২০১৩-২০১৪	560.00	560.00	556.151	556.151
২০১৪-২০১৫	470.00	470.00	469.633	469.633
সর্বমোট	**3219.500**	**3219.500**	**3157.185**	**3157.185**

১১। **প্রকল্প পরিচালকের তথ্য:**

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	মেয়াদ কাল
১। মোঃ আব্দুল বাতেন, মহাব্যবস্থাপক (উদ্যান)	পূর্ণকালীন	০১-০৩-২০১০ হতে ২৮-১২-২০১০
২। মোঃ আব্দুর রাজ্জাক, মহাব্যবস্থাপক (উদ্যান)	খন্ডকালীন	২৮-১২-২০১০ হতে ০৩-০৩-২০১১
৩। মোঃ সামসুদ্দিন, মহাব্যবস্থাপক (উদ্যান)	খন্ডকালীন	০৩-০৩-২০১১ হতে ২১-০৩-২০১১
৪। মোঃ আব্দুর রাজ্জাক, মহাব্যবস্থাপক (উদ্যান)	খন্ডকালীন	২১-০৩-২০১১ হতে ১৯-০৬-২০১১
৫। মোঃ আজিজুল হক, মহাব্যবস্থাপক (উদ্যান)	পূর্ণকালীন	১৯-০৬-২০১১ হতে ০৪-০৩-২০১২
৬। মোঃ আমিনুল ইসলাম, মহাব্যবস্থাপক (উদ্যান)	পূর্ণকালীন	০৪-০৩-২০১২ হতে ৩০-০৬-২০১৫

১২। **পরিদর্শনের বাস্তব অবস্থা:**

আইএমইডির মহাপরিচালক (কৃষি) কর্তৃক 04/11/2015 থেকে ০৬/১১/২০১৫ তারিখ পর্যন্ত টাংগাইল ও বগুড়ায়, ১৯/১১/২০১৫ থেকে ২১/১১/২০১৫ পর্যন্ত রাজশাহীতে এবং অন্যান্য সময় চট্টগ্রাম, বান্দরবান ও গাজীপুরে প্রকল্পের কাজ পরিদর্শন করেন। প্রকল্প এলাকা পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়সহ ১১টি উপজেলার ১১টি স্থানে অস্থায়ী প্রকল্প অফিস স্থাপন করা হয়। প্রকল্পের আওতায় অনুমোদিত জনবল ছিল ২১৩জন। প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প পরিচালক হিসেবে বিএডিসি'র মহাব্যবস্থাপক (উদ্যান) দায়িত্ব পালন করেন। প্রকল্পটির সার্বিক কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনায় জানা যায় প্রকল্পের আওতায় বিএডিসি কর্তৃক ৩১,৫২০ জন কৃষককে কৃষক প্রশিক্ষণ, ৫২২৪ জন লিড ফার্মার, নাসারীম্যান, এনজিও প্রতিনিধিগণকে প্রশিক্ষক প্রশিক্ষণ এবং প্রকল্প এলাকার ১২৭৫ জন কৃষকের অংশগ্রহণের মাধ্যমে মোট ৫১টি কৃষক গ্রুপের শিক্ষাসফর বাস্তবায়িত হয়েছে। তাছাড়া যথাযথভাবে প্রশিক্ষণ প্রদান, মোটিভেশন, কারিগরী সহায়তা ও ইনপুট সরবরাহের মাধ্যমে প্রকল্প এলাকার কৃষকগণের মাধ্যমে মোট ১৫৩০টি প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে । উদ্যান উন্নয়ন কেন্দ্র পরিদর্শনকালে প্রকল্পের মাধ্যমে বিদ্যমান অবকাঠামো (অফিস ভবন, ট্রেনিং সেন্টার কাম ডরমেটরি, আবাসিক ভবন) সংস্কার, পুরাতন আবাসিক ভবনকে টিস্যু কালচার ল্যাবে রূপান্তর, অন্যান্য অবকাঠামো (তোরণ, বাউন্ডারি ওয়াল ইত্যাদি) নির্মাণ ও ভূমি উন্নয়ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। এছাড়া প্রকল্পের অর্থায়নে সম্পদ সংগ্রহ যেমন-ডাবল কেবিন পিক-আপ, মিনিট্রাক (কাভার্ড ভ্যান), ট্রাক্টর, পাওয়ার টিলার, প্রশিক্ষণ হলের আসবাবপত্র, কম্পিউটার, ফটোকপিয়ার ক্রয়, নারিকেলসহ অন্যান্য ফলের চারা, কলম উৎপাদন ও প্রদর্শনী প্লট স্থাপন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়।

১৩। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):**

প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;

- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- প্রকল্পের অগ্রগতি মনিটরিং প্রতিবেদন পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পদির্শন এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। **প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ:**

প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ পরিশিষ্ট 'খ'-তে দেখানো হয়েছে।

এছাড়াও আলোচ্য প্রকল্পের মাধ্যমে আরডিপিপির সংস্থান অনুযায়ী বিএডিসি অংগ এর আওতায় বিভিন্ন উদ্যান উন্নয়ন কেন্দ্র ও কেন্দ্র সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে:-

ক্রঃ নং	কার্যক্রমের বিবরণ	লক্ষ্যমাত্রা	অর্জন	শতকর (%)
১.	গ্রীষ্মকালীন ও শীতকালীন শাকসব্জী উৎপাদন	১৫,৫০,২৪৭ মে:টন	১৭,৪২,৫৫৬ মে:টন	১১২%
২.	বিভিন্ন প্রকারের প্রচলিত ও অপ্রচলিত ফল উৎপাদন	৩,১৪,৩৫৫ মে:টন	৩,৪৪,৬৩৫ মে:টন	১১০%
৩.	বিভিন্ন প্রকার ফল ও ফুলের গুটি, কলম উৎপাদন	৭৬,০৮,৫৫০ টি	৯৪,৬৩,৭৩৫ টি	১২৪%
৪.	বিভিন্ন প্রকার সবজী, মসলম্না, ফল, ফুল, ঔষধি ও অন্যান্য চারা উৎপাদন	১৪,৪৫,৬২,৪৫০ টি	১৭,৯৮,১০,৯৬৫ টি	১২৫%
৫.	বিভিন্ন প্রকার গ্রীষ্মকালীন ও শীতকালীন সব্জীবীজ উৎপাদন	৪১.৬০০ মে:টন	৮৪.০৮ মে:টন	২০২%
৬.	১৩.৫০ লক্ষ বীজ নারিকেল হতে ৯.৪৫ লক্ষ নারিকেল চারা উৎপাদন	৯.৪৫০ লক্ষ	৯.৪৫০ লক্ষ	১০০%
৭.	প্রকল্প এলাকার চাষী, বেসরকারী নার্সারীর মালিক/ প্রতিনিধি, প্রগতিশীল চাষীদের জন্য কৃষক প্রশিক্ষণ	৩১৬০০ জন	৩১৫২০ জন	৯৯.৭৫
৮.	প্রগতিশীল চাষী, বেসরকারী নার্সারীর মালিক/ প্রতিনিধিদের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ	৫২২৪ জন	৫২২৪ জন	১০০%
৯.	কৃষক দলের জন্য শিক্ষাসফর কর্মসূচী বাস্তবায়ন	৫০ গ্রুপ	৫১ গ্রুপ	১০২%
১০.	প্রকল্প এলাকায় মোট ১৫০০টি প্রদর্শণী প্লট স্থাপন	১৫০০টি	১৫৩০টি	১০২%

প্রকল্পের আওতায় বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমের ছবি পরিশিষ্ট 'গ'-তে দেখানো হয়েছে।

১৫। **পরিদর্শন পর্যবেক্ষণ:**

উদ্যান উন্নয়ন বিভাগের আওতাধীন ৯টি উদ্যান উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে পরিচালিত প্রকল্প এলাকার কৃষকদেরকে কারিগরি সহায়তা, প্রশিক্ষণ প্রদান এবং ইনপুট সরবরাহের মাধ্যমে বিভিন্ন ধরণের শাক-সবজি, ফল-মূল, চারা-গুটি কলম উৎপাদনসহ বাজারজাতকরণের ব্যাপারে সহায়তা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)-২য় পর্যায় এর খামার ও প্রকল্প এলাকার মাধ্যমে ২০১৩-১৪ সালে ৩,২৩,৫৫১.১৬ মে.টন শাক সবজি, ৬৩,৫১৩.২০ মে.টন ফল, ৩৩৮.০৮ লক্ষ বিভিন্ন ধরণের ফলমূল, শাক-সবজির চারা, গুটি, কলম, ২.৭৫ লক্ষ নারিকেল চারা, ১৩.৪৫ মে.টন সবজি ও অন্যান্য বীজ উৎপাদন ও বিপণন করা হয়েছে। প্রকল্প এলাকার কৃষকগণের পাশাপাশি কেন্দ্র সংশ্লিষ্ট বেসরকারী নার্সারী মালিক/প্রতিনিধিগণকেও উদ্যান জাতীয় বিভিন্ন ফসলের উৎপাদন, বিপণন, সংরক্ষণ, রোগ বালাই দমন, রাসায়নিক ও বিষমুক্ত ফল বাজারজাতকরণ ও প্রক্রিয়াজাতকরণ, ফসল সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, বিভিন্ন উদ্যান ফসলের হাইব্রিড বীজ উৎপাদন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষিত করে তোলা হয়েছে এবং বিগত ৫ বছরে ৩১,২০০ জন কৃষক প্রশিক্ষণ, ৪৯৬৬ জন প্রশিক্ষক প্রশিক্ষণ এবং ১,২৭৫ জন কৃষক ও কৃষাণীর অংশগ্রহনের মাধ্যমে কৃষক শিক্ষা সফর বাস্তবায়িত হয়েছে । উক্ত প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদেরকে দক্ষ জনশক্তিতে রুপান্তরিত করা হয়েছে যার ফলসরুপ দেশে বর্তমানে প্রায় সারা বছরই উচ্চমূল্যের শাক-সবজি ও ফল-মূল উৎপাদিত হচ্ছে এবং শাক-সবজির উৎপাদন বিগত বছরগুলোর তুলনায় ক্ষেত্রভেদে ২-৩ গুণ বৃদ্ধি পেয়েছে।

প্রকল্প এলাকার কৃষকগণের মাধ্যমে ২৯৫ টি সবজির প্রদর্শণী প্লট, ১৫ টি বাণিজ্যিক ফুলের প্রদর্শনী প্লট, ৪০৩ টি মিশ্র ফলবাগান, ৭৪৭ টি প্রচলিত ফলবাগান, ৫০ টি ঔষধি ও বনজ গাছের প্লট, ২০ টি অপ্রচলিত ফলবাগান কেন্দ্র সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় স্থাপিত হয়েছে। উক্ত প্রদর্শণী প্লটগুলোর মাধ্যমে প্রকল্প এলাকার চাষীগণ অর্থনৈতিকভাবে লাভবান হওয়ার পাশাপশি আর্থিকভাবে স্বাবলম্বী হচ্ছে, যা ভবিষ্যতে আরও বৃদ্ধি পাবে।

তাছাড়া ১৯৮৩ সাল থেকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ সবজি ও মৎস্য হিমাগার সৃষ্টির পর হতে বেসরকারী উদ্যোক্তাদের সবজি, ফলমূল, মৎস্য সংরক্ষণ সেবাসহ প্যাকেজিং, গ্রেডিং এবং বিদেশে রপ্তানী কাজে সহায়তা প্রদান করা হচ্ছে। বিগত ৫ বছরে ২৩৭.৫৮৮ মে.টন সবজি ও ফলমূল এবং ১৭৩২.০৬৬ মে.টন হিমায়িত মৎস্য রপ্তানীর উদ্দেশ্যে হিমাগারে সংরক্ষিত রাখা হয়েছিল যার মাধ্যমে দেশে মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। উক্ত কার্যক্রমে সবজি ও ফলমূলের ৩১ টি প্রতিষ্ঠানকে এবং ১২৪ টি বেসরকারী প্রতিষ্ঠানকে হিমায়িত খাদ্যদ্রব্য সংরক্ষণের জন্য সহায়তা প্রদান করা হয়েছে।

বিএডিসি ৪টি বিভাগের ১১টি জেলার ১১টি উপজেলায় / স্থানে (গাজীপুর (কাশিমপুর), ময়মনসিংহ (মুক্তাগাছা), টাঙ্গাইল (জলফৈ), ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর), ঢাকা (আরবান সেল সেন্টার), চট্টগ্রাম (পটিয়া), কুমিল্লা (সৈয়দপুর), রাজশাহী (পবা), বগুড়া (নারুলী), যশোর (ঝুমঝুমপুর) ও কুষ্টিয়া (জুগিয়াপালপাড়া)) এ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করেছে।

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:	
পরিকল্পিত	**অর্জিত**
ক) দেশে ক্রমবর্ধমান জনগণের পুষ্টিমান বৃদ্ধির লক্ষ্যে অধিক হারে উন্নত জাতের ফল, সব্জী ও মসলা জাতীয় ফসল উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধ করা।	প্রকল্পের আওতায় প্রদানকৃত বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রাপ্তির ফলে এবং কৃষক শিক্ষা সফরের আওতায় জার্মপ্লাজম সেন্টার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহসহ বিভিন্ন উদ্যান উন্নয়ন কেন্দ্র পরিদর্শনের ফলে বাস্তব জ্ঞান লাভের মাধ্যমে মানসম্পন্ন উপায়ে ফল-মূল, শাকসবজী, ইত্যাদি উৎপাদন ও বিপণনে তাদের যথেষ্ট উপকার হয়েছে। ফলশ্রুতিতে উন্নত মানের ও জাতের বিভিন্ন ধরনের উদ্যান জাতীয় ফসলের (ফল, সবজি, ফুল, অর্কিড, শোভাবর্ধনকারী গাছ, ঔষধি ও অন্যান্য গাছ ইত্যাদি) চারা, গুটি, কলম, কাটিং, বীজ প্রকল্প মেয়াদে সাফল্যের সহিত উৎপাদনপূর্বক বিতরণ করা হয়েছে।

পরিকল্পিত	**অর্জিত**
খ) উন্নত জাতের ও মানের বীজ, চারা, গুটি কলম উৎপাদন করা এবং চাষীদের মাঝে বিতরণ করা।	আলোচ্য প্রকল্পের খামার ও প্রকল্প এলাকার মাধ্যমে ১৪,৯৩,৬৮৩.৫০ মে.টন শাক সবজি, ৩,০১,০৫৭.২১ মে.টন ফল, ৮০,৮৭,৬৮২ সংখ্যক বিভিন্ন ধরণের ফলমূলের গুটি ও কলম, ১৫,৫৫,৭৪,০৩৫ সংখ্যক বিভিন্ন ধরণের সবজি ও মসলা, ফল, ফুল, ঔষধি ও অন্যান্য চারা, ১০,০৯,৮০০ সংখ্যক নারিকেল চারা, ৬৭.৬৮ মে.টন সবজি ও অন্যান্য বীজ উৎপাদন ও বিতরণ করা হয়েছে।
গ) ফল ও সব্জী উৎপাদনের আধুনিক কলা কৌশল, সংরক্ষণ, সর্টিং, গ্রেডিং ও বাজারজাতকরনে আধুনিক প্রযুক্তি সম্পর্কে কৃষকদের প্রশিক্ষণ দান।	উদ্যান জাতীয় ফসলের উৎপাদনের আধুনিক কলা কৌশল, সংরক্ষণ, সর্টিং, গ্রেডিং, ফসল সংগ্রহোত্তর ক্ষতি কমানো ও বিষমুক্ত সবজি উৎপাদন ও বাজারজাতকরণ ইত্যাদি বিষয়ে মোট ৩১,৫২০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
ঘ) নতুন প্রকল্প এলাকায় চাষীদের উন্নত জাতের উদ্যান ফসল (ফল, সব্জী, মসলা ও ফুল ইত্যাদি) অধিক হারে উৎপাদনের জন্য উদ্বুদ্ধ করা।	কৃষক শিক্ষা সফরের মাধ্যমে জার্মপ্লাজম সেন্টার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কৃষি গবেষণা স্টেশন, আরডিএ, বগুড়া, সনামধন্য বেসরকারী নার্সারী, এনজিও নার্সারীসহ বিভিন্ন উদ্যান উন্নয়ন কেন্দ্র পরিদর্শনের মাধ্যমে কৃষকগণকে উদ্যা জাতীয় ফসল চাষে উদ্বুদ্ধ করা হয়েছে। আলোচ্য প্রকল্পের মাধ্যমে সর্বমোট ৫১ গ্রুপ (১২৭৫ জন) কৃষক শিক্ষা সফর বাস্তবায়িত হয়েছে।
ঙ) রপ্তানী আয় বৃদ্ধির জন্য উন্নত মানের ফল ও সব্জী উৎপাদনকারী চাষী ও রপ্তানীকারকদের মাঝে সেতু বন্ধন তৈরীতে সহায়তা প্রদান।	প্রকল্প মেয়াদে মোট ২৩৭.৫৮৮ মে.টন সবজি ও ফলমূল এবং ১৭৩২.০৬৬ মে.টন হিমায়িত মৎস্য রপ্তানীর উদ্দেশ্যে হিমাগারে সংরক্ষিত রাখা হয়েছিল যার মাধ্যমে দেশে মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। উক্ত কার্যক্রমে সবজি ও ফলমূলের ৩১ টি প্রতিষ্ঠানকে এবং ১২৪ টি বেসরকারী প্রতিষ্ঠানকে হিমায়িত খাদ্যদ্রব্য সংরক্ষণের জন্য সহায়তা প্রদান করা হয়েছে।
চ) প্রকল্প এলাকায় ও খামারে প্রদর্শনী প্লট স্থাপন এর মাধ্যমে নতুন উদ্ভাবিত ফল ও সবজি প্রদর্শন করা।	মোটিভেশন, কারিগরী সহায়তা ও ইনপুট সরবরাহের মাধ্যমে প্রকল্প এলাকার কৃষকগণকে গতানুগতিক চাষাবাদ পদ্ধতি থেকে সরিয়ে এনে বাণিজ্যিক ভিত্তিতে ফল বাগান স্থাপনে অংশীদার করা সম্ভব হয়েছে। প্রকল্প এলাকায় মিশ্র ফল (আম, লিচু, কুল, জামরুল, বাতাবী লেবু, জামরুল, লেবু, কাঠাল, পেয়ারা ইত্যাদি) বাগানের প্লট, গ্রীষ্মকালীন ও শীতকালীন সবজির প্লট, অপ্রচলিত ও বিলুপ্ত প্রায় ফলের প্লট, ঔষধি ও বনজ গাছের প্লট, বাণিজ্যিক ভিত্তিতে ফুল বাগানের প্লট স্থাপনের মাধ্যমে স্থানীয়ভাবে কৃষকদের মাঝে মিশ্র ফল বাগানের ধারনা এবং আধুনিক পদ্ধতিতে বাগান স্থাপন, পরিচর্যা ও উৎপাদন সংক্রান্ত বিভিন্ন কলাকৌশলের ধারনা সৃষ্টি হয়েছে। প্রকল্প মেয়াদে সর্বমোট ১৫৩০ টি প্রদর্শনী প্লট স্থাপিত হয়েছে।

১৭। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ** : প্রকল্পের উদ্দেশ্যে অর্জিত হয়েছে।

১৮। **সমস্যা:**

ক) প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন, ট্রাক্টর, পাওয়ার টিলার, প্রশিক্ষণ আসবাবপত্র, সেচ যন্ত্রপাতি, ল্যাব যন্ত্রপাতি সহ অন্যান্য সকল দ্রব্যাদি লেভেলিং করা হয়নি। ফলে ভবিষ্যতে অন্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত সামগ্রীর সাথে এসকল সামগ্রী একত্র হয়ে যেতে পারে।

খ) আলোচ্য প্রকল্পটি চারটি সংস্থার সমন্বিত উদ্যোগে বাস্তবায়িত হয়েছে। প্রত্যেকটি সংস্থার জন্য পৃথক বরাদ্দ ছিল। পরিদর্শনকালে বিভিন্ন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা থেকে প্রতীয়মান হয়েছে যে প্রকল্প বাস্তবায়নের সময় আন্তঃসংস্থা যোগাযোগ বা সমন্বয় এর অভাব ছিল;

গ) প্রকল্পের আওতায় ক্রয় ও নির্মাণ কাজের ক্ষেত্রে বিভিন্ন পর্যায়ে অনাকাঙ্খিত জটিলতা এড়ানোর জন্য ই-টেন্ডারিং এর প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভুত হয়েছে;

ঘ) প্রকল্পের আওতায় ক্রয়কৃত ইলেকট্রিক ইকুইপম্যান্ট স্থাপনে তদারকির প্রয়োজন রয়েছে এবং রাজশাহীস্থ টিস্যুকালচার ল্যাবে এসি সমূহ সংযোজনে নিম্নমানের কোম্পানীর ব্রন্ড ব্যবহার করা হয়েছে। ভবিষ্যতে সরকারী অফিসে কোন ইকুইপম্যান্ট সংযোজনে ভাল ব্রান্ডের সরঞ্জাম ব্যবহার করতে হবে;

ঙ) প্রকল্প মেয়াদে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর ৬ জন সিনিয়র কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। চাকুরী জীবনের শেষ প্রান্তে থাকা এসব কর্মকর্তাদের কেউই পূর্ণ সময়ের জন্য প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করতে পারেননি;

চ) পিসিআর এ সন্নিবেশিত তথ্য ও প্রকল্প পরিচালকের নিকট হতে জানা যায় প্রকল্পের External Audit সম্পন্ন করার প্রক্রিয়া চলমান রয়েছে। বিভিন্ন বিষয়ে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জবাব দাখিল করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে; এবং

ছ) প্রকল্প পরিচালকের দেওয়া তথ্য অনুসারে প্রকল্প বাস্তবায়ন শেষে অব্যয়িত টাকা সমর্পণ করা হয়েছে। সরেজমিন পরিদর্শনকালে প্রকল্পের নথি পর্যালোচনা করে জানা যায় ২০১০/১১ অর্থবছরে ২০,৮২,৬১৩/- টাকা, ২০১১/১২ অর্থবছরে ২৪,৩৪,৬৮০/- টাকা, ২০১২/১৩ অর্থ বছরে ১২,৯২,৭২৩/- টাকা, ২০১৩/১৪ অর্থ বছরে ৩,৫৩,৮১৬/- টাকা ও ২০১৪/১৫ অর্থ বছরে ৩৬,৬৩৫/- টাকা সমর্পন করা হয়েছে। তবে পিসিআরে এ সংক্রান্ত কোন তথ্য সংযোজন করা হয়নি।

১৯। **সুপারিশমালা:**

আলোচ্য প্রকল্পটির বাস্তবায়নোত্তর সার্বিক মূল্যায়নের আলোকে আইএমইডি'র সুপারিশ নিম্নরূপ:

১৯.১ প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন, ট্রাক্টর, পাওয়ার টিলার, প্রশিক্ষণ আসবাবপত্র, সেচ যন্ত্রপাতি, ল্যাব যন্ত্রপাতি সহ অন্যান্য সকল দ্রব্যাদি লেভেলিং করতে হবে;

১৯.২ প্রকল্পের প্রকৃত সুফল উপকারভোগীদের নিকট যথাযথভাবে পৌঁছানোর লক্ষ্যে ভবিষ্যতে একাধিক সংস্থা কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্পের ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে আন্তঃসংস্থা সমন্বয়ের বিষয়টিকে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে;

১৯.৩ ভবিষ্যতে সরকারি ক্রয়ের ক্ষেত্রে পণ্যের গুণগত মান (Quality Expenditure) এবং অনাকাঙ্খিত জটিলতা এড়ানোর জন্য ই-টেন্ডারিং বাধ্যতামূলক করা যেতে পারে;

১৯.৪ দেশে ক্রমবর্ধমান জনগোষ্ঠীর পুষ্টিমান বৃদ্ধির লক্ষ্যে অধিক হারে উন্নত জাতের ফল, সবজী ও মসলা জাতীয় ফসলসহ উদ্যান জাতীয় বিভিন্ন ফসল উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধকরণ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে উন্নয়ন বাজেটের আওতায় কৃষি মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৯.৫ কৃষক চাহিদা মাঠ পর্যায় থেকে সংগ্রহ করে তা কেন্দ্রীয়ভাবে সমন্বয়পূর্বক ডিপিপিতে সন্নিবেশ করে প্রকল্প বাস্তবায়নের জন্য সংস্থাকে সুপারিশ করা হলো। এক্ষেত্রে কৃষির সাথে জড়িত কৃষক অধিক লাভবান হবেন।

প্রথমে কৃষকের উন্নয়ন এবং এর পাশাপাশি উদ্যান উন্নয়ন কেন্দ্রের উন্নয়ন এভাবে সংস্থাকে কাজ করার জন্য সুপারিশ করা হলো;

১৯.৬ ভবিষ্যতে প্রস্তাবিত ডিপিপিতে কেন্দ্র ভিত্তিক প্রদর্শনী প্লটের সংখ্যা সুস্পষ্টভাবে উল্লেখ রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হলো;

১৯.৭ ভূমি উন্নয়ন ও হেরিংবোন রাস্তা নির্মাণ, সীমানা প্রাচীর নির্মাণসহ সকল প্রকার ভৌত অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে প্রস্তাবিত ডিপিপিতে সুনির্দিষ্টভাবে স্থান ও পরিমান সুস্পষ্টভাবে উল্লেখ রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে;

১৯.৮ প্রকল্পের আওতায় উদ্যান উন্নয়ন কেন্দ্র সংশ্লিষ্ট প্রকল্প এলাকাতে কৃষকদের মাধ্যমে স্থাপিত স্থায়ীধর্মী ফলবাগান/মিশ্র ফলবাগান এর সঠিক রক্ষনাবেক্ষণ ও উন্নয়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ/সহায়তা অব্যাহত রাখার জন্য সংস্থাকে সুপারিশ করা হলো;

১৯.৯ অনিবার্য কারণ ব্যতীত প্রকল্প পরিচালক পরিবর্তন করা সমীচীন হবে না এবং প্রকল্প পরিচালক নিয়োগ দেবার সময় তাঁর চাকুরিকাল অন্তঃত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন তৈরীর সময় পর্যন্ত অবশিষ্ট থাকে তা নিশ্চিত করা যেতে পারে;

১৯.১০ প্রকল্পের External Audit দ্রুত শেষ করে আইএমইডিকে অবহিত করবে; এবং

১৯.১১ প্রকল্পের অব্যয়িত অর্থ যথাযথভাবে সমর্পণ করা হয়েছে কিনা তা কৃষি মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং আইএমিডিকে অবহিত করবে।

পরিশিষ্ট 'ক'

(লক্ষ টাকায়)

ইকনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৪৮০০	সরবরাহ সেবা (অফিস পরিচালনা ব্যয়)			২৯৪০.০১৪		২৯৮৭.২২৭		১০১.৬০৬
৪৮০১	ভ্রমন ব্যয়	থোক	থোক	৯৭.৩১	থোক	৯৫.৬৩৯	থোক	৯৮.২৭৮
৪৮০২	বদলি ব্যয়	থোক	থোক	৫.০০	থোক	৪.২৮৫	থোক	৮৫.৭০০
৪৮১০	পৌর কর	থোক	থোক	২২.০০	থোক	২৪.৯৭৩*	থোক	১১৩.৫১৪
৪৮১১	ভুমি কর	থোক	থোক	৪২.৫০	থোক	৫০.৩৯৪*	থোক	১১৮.৫৭৪
৪৮১৫	ডাক (পোষ্টেজ ওস্টেম্পস)	থোক	থোক	২.৮৫	থোক	১.৮৩৭	থোক	৬৪.৪৫৬
৪৮১৬	টেলিফোন ও মোবাইল ফোন বিল	থোক	থোক	৮.৫০	থোক	৮.১৩৫	থোক	৯৫.৭০৬
৪৮১৮	রেজিষ্ট্রেশন ফি	থোক	থোক	২২.২৮	থোক	১৯.৯৫৪	থোক	৮৯.৫৭৪
৪৮১৯	পানি	থোক	থোক	৭.৯৬	থোক	৭.৪০০	থোক	৯২.৯৬৫
৪৮২১	বিদ্যুৎ ব্যয়	থোক	থোক	১৬১.৩৩	থোক	১৬৪.৫০০*	থোক	১০১.৯৬৩
৪৮২২	গ্যাস ও জ্বালানী	থোক	থোক	১৯.১৯	থোক	১৭.১৫২	থোক	৮৯.৩৯৯
৪৮২৪	বীমা/ব্যাংক চার্জেস	থোক	থোক	৫.০০	থোক	৪.০৮৭	থোক	৮১.৭৪০
৪৮২৭	মুদ্রণ ও প্রকাশনা	থোক	থোক	২০.২৫	থোক	২১.৩৬৫*	থোক	১০৫.৫২০
৪৮২৮	ষ্টেশনারী,সিল ও ষ্ট্যাম্পস	থোক	থোক	৩০.৫০	থোক	৩১.৫০১*	থোক	১০৩.২৮২
৪৮৩৬	ইউনিফর্ম	থোক	থোক	১৪.৫০	থোক	১৪.৩৬৭	থোক	৯৯.০৮৩
৪৮৮২	আইন সংক্রামন্ত ব্যায়	থোক	থোক	৭.৩৩	থোক	২.৮৩৫	থোক	৩৮.৬৭২
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	থোক	২৪.২৬	থোক	২৭.৭৯৩*	থোক	১১৪.৫৪৪
৪৮৪০	প্রশিক্ষণ ব্যায়			২৫১.১৭৪		২৫০.৫৯১		৯৯.৭৬৮
ক)	কৃষক/উদ্যক্তা/ মালী প্রশিক্ষণ	৩১৬০০ জন	৩১৬০০ জন	১৯৭.৫০	৩১৫২০ জন	১৯৭.০০০	৯৯.৭৪৭	৯৯.৭৪৭
খ)	প্রশিক্ষক প্রশিক্ষণ	৪২২৪ জন	৪২২৪ জন	৩৫.৬৭	৪২২৪ জন	৩৫.৫৯১	১০০.০০০	৯৯.৭৬৭
গ)	কৃষক শিক্ষা সফর	৫১ গ্রুপ	৫১ গ্রুপ	১৮.০০	৫১ গ্রুপ	১৮.০০০	১০২.০০০	১০০.০০০
৪৮২৩	পেট্রোল ও লুব্রিকেট			২২৭.৯১৪		২১৭.৬৮৫		৯৫.৫১২
ক)	কৃষি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ	১০৪টি	১০৪টি	৭৮.০০	১০৪টি	৭১.৫০১	১০৪টি	৯১.৬৬৬
খ)	যানবাহন	৬৭ টি	৬৭ টি	১৪৯.৯১	৬৭ টি	১৪৬.১৮৪	৬৭টি	৯৭.৫১৩
৪৮৫৮	বীজ ও উদ্ভিদ			৫৭৮.৫৯৪		৫৭৪.৪৩৪		৯৯.২৮১

অর্থনৈতিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ক)	বীজ নারিকেল ক্রয়	১৩.৫০ লক্ষ	১৩.৫০ লক্ষ	৩৭২.৪৯	১৩.৫৫ লক্ষ	৩৮৪.৮৮৫*	১০০.৩৭০	১০৩.৩২৯
খ)	সবজী বীজ,গ্রাফট,গুটি এবং মাতৃগাছ	থোক	থোক	১৯৪.৫০	থোক	১৭৭.৯৩৬	থোক	৯১.৪৮৬
গ)	প্রদর্শণীর জন্য বীজ ,চারা ও উদ্ভিদ	থোক	থোক	১১.৬১		১১.৬১৩	থোক	১০০.০০০
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	থোক	১০৯৫.২২	থোক	১১১৮.০৭৬*	থোক	১০২.০৮৭
৪৮৬১	সার ক্রয়			৭৩.৫৩৯		৭০.৬৮৬		৯৬.১২০
ক)	উদ্যান উন্নয়ন কেন্দের জন্য	থোক	থোক	৬১.০০	থোক	৫৯.৪৯৮	থোক	৯৭.৫৩৮
খ)	প্রদর্শণীর জন্য			১২.৫৪		১১.১৮৮	থোক	৮৯.২২৩
৪৮৫৯	কীটনাশক ও ঔষধ ক্রয়			২৬.০৯৯		২৭.২২০*		১০৪.২৯৬
ক)	উদ্যান উন্নয়ন কেন্দেও জন্যর	থোক	থোক	২০.৯০	থোক	২২.০২৪*	থোক	১০৫.৩৬৩
খ)	প্রদর্শণীর জন্য			৫.২০		৫.১৯৬	থোক	১০০.০০৬
৪৮৫৪	ব্যবহার্য দ্রব্যাদি ক্রয় (খামার)	থোক	থোক	৯৪.০৩	থোক	৯২.০২৮	থোক	৯৭.৮৭৪
৪৮৬৩/৬৪	মৎস ও মৎস জাত দ্রব্যাদি এবং পশুর খাদ্য	থোক	থোক	১২.০০	থোক	১১.০০০	থোক	৯১.৬৬৭
৪৮৮৩	প্রগ্রেস মনিটরিং ফি	থোক	থোক	৩.০০	থোক	৩.০০০	থোক	১০০.০০০
৪৮৯৯	অন্যান্য ব্যয়	থোক	থোক	৮৭.৬৯	থোক	১২৬.২৯০*	থোক	১৪৪.০১৯
৪৯০০	মেরামত সংরক্ষণ ও পূর্ণবাসন			৮২৬.৫৩৬		৭৩৫.১৮৬	থোক	৮৮.৯৪৮
৪৯০১	মোটর যানবাহন	৬৭ টি	৬৭ টি	১১৫.৪০	৬৭ টি	১২৮.৭০১*	৬৭টি	১১১.৫২৮
৪৯০৬	আসবাবপত্র	থোক	থোক	৬.৭০	থোক	৯.২৮৩*	থোক	১৩৮.৬৩৫
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	থোক	১৩.৬০	থোক	১৭.৪৬৩*	থোক	১২৮.৪০৪
৪৯২১	অফিস ভবন	থোক	থোক	৭৭.২২	থোক	৭৬.৭৩০	থোক	৯৯.৩৬৮
৪৯২৬	আবাসিক ভবন	থোক	থোক	৭১.৬৯	থোক	৬২.১৪১	থোক	৮৬.৬৭৯
৪৯৩১	অন্যান্য ভবন ও স্থাপনা	থোক	থোক	১৩০.৯৮	থোক	১৩৪.১১১*	থোক	১০২.৩৯০
৪৯৯১	অন্যান্য			৪১০.৯৫২		৩০৬.৭৫৭		৭৪.৬৪৬

ইকনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	মেরামত ও সংরক্ষণ							
ক)	কৃষি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ	থোক	থোক	৩৪০.৬৪	থোক	২৩৩.৩৫৮	থোক	৬৮.৫০৬
খ)	পুকুর সংস্কার ও রক্ষনাবেক্ষণ	থোক	থোক	১২.৭৪	থোক	১৪.৫৮১*	থোক	১১৪.৪০৭
গ)	গোডাউন ও অন্যান্য	থোক	থোক	৫৭.৫৭	থোক	৫৮.৮১৮*	থোক	১০২.১৭২
উপ-মোট রাজস্ব				৩৭৬৬.৫৫০		৩৭২২.৪১৩		৯৮.৮২৮
৬৮০০	সম্পদ সংগ্রহ/ক্রয়			৪০৬.১৫৬		৪১৬.২৬৩*		১০২.৪৮৮
৬৮০৭	যানবাহন							০.০০০
ক)	কার/ জীপ (প্রকল্প পরিচালকের জন্য)	১ টি	১ টি	২৫.৮২০	১ টি	২৫.৮২০	১০০.০০০	১০০.০০০
খ)	ডবল কেবিন পিক-আপ (প্রতিস্থাপন)	২ টি	২ টি	৪৯.৬৪০	২ টি	৪৯.৬৪০	১০০.০০০	১০০.০০০
গ)	মিনি ট্রাক (প্রতিস্থাপন)	৪ টি	৪ টি	১১৬.৯৯৯	৪ টি	১১৬.৯৯৯	১০০.০০০	১০০.০০০
৬৮১৩	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম			৮৪.০০০		৮৩.৯৭০		৯৯.৯৬৪
ক)	ট্রাক্টর (প্রতিস্থাপন)	৩টি	৩টি	৭৫.০০০	৩টি	৭৪.৯৭০	১০০.০০০	৯৯.৯৬০
খ)	পাওয়ার টিলার (প্রতিস্থাপন)	৯ টি	৯ টি	৯.০০০	৯ টি	৯.০০০	১০০.০০০	১০০.০০০
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ (প্রতিস্থাপন)	১০ টি	১০ টি	৯.৯৯৮	১০ টি	১১.৫৭২*	১০০.০০০	১১৫.৭৪৩
৬৮১৯	অফিস সরঞ্জাম							
ক)	ফটোকপিয়ার	১৫ টি	১৫ টি	৩০.৫৭৫	১৫ টি	৩০.৫৭৫	১০০.০০০	১০০.০০০
খ)	অন্যান্য সরঞ্জাম (টিস্যুকালচার ল্যাব ও জার্মপ্লাজম ব্যাংক)	থোক	থোক	২০.০০০	থোক	২০.০০০	থোক	১০০.০০০
৬৮২১	আসবাবপত্র (প্রতিস্থাপন)	থোক	থোক	২৬.৭১৯	থোক	৩৪.২৮২*	থোক	১২৮.৩০৬
৬৮২৭	বৈদ্যুতিক সরঞ্জাম	থোক	থোক	২৭.৪০৫	থোক	২৮.৪০৫*	থোক	১০৩.৬৪৯

ইকনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৬৮৪১	টিস্যু কালচার ল্যাবের জন্য ইকুইপমেন্ট (ইলাইজা কিট, ডিজিটাল জেনারেটর, অটোক্লেভ মেশিন ইত্যাদি) ও অন্যান্য কেমিক্যালস)	থোক	থোক	১৫.০০০	থোক	১৫.০০০	থোক	১০০.০০০
৭০০০	নির্মাণ ও পূর্ত			২৫৬.৩৬৮		২৬১.১৫৫ *		১০১.৮৬৭
৭০০১	ভুমি উন্নয়ন	৯৩৫২ কিউবি মিঃ	৯৩৫২ কিউবি মিঃ	৬৭.৫০০	১৮৫৭৯.২৮ কিউবি মিঃ	৬৭.৫০০	১৯৮.৬৬৬	১০০.০০০
৭০০৬	অফিস ভবন	১৪২.০০ ব:মি:	১৪২.০০ ব:মি:	২৫.৯৭২	১৪২.০০ ব:মি:	২৫.৯৭১	১০০.০০০	৯৯.৯৯৬
৭০১৬	অন্যান্য ভবন ও অবকাঠামো			১৩৩.৯৩৩		১৩৮.৭২১ *		১০৩.৫৭৫
ক)	সীমানা প্রাচীর	৩০০০ রা:মি:	৩০০০ রা:মি:	৩০.৪৩৪	৫৮৯.৬৩ রা: মি:	৩৫.৮৫৩ *	১৯.৬৫৪	১১৭.৮০৬
খ)	গ্যাস লাইন স্থাপন	১২০০ রা:মি:	১২০০ রা:মি:	১২.০০০	১০৯৫ রা: মি:	১১.৩৬৯	৯১.২৫০	৯৪.৭৪২
গ)	সীড বেড	১৮ টি	১৮ টি	৪.৩৬৩	১৮ টি	৪.৩৬৩	১০০.০০০	১০০.০০০
ঘ)	নেট হাউজ (৬ টি)	৬ টি (১০০০ ব: মি:)	৬ টি (১০০০ ব:মি:)	২.৯৪১	৬ টি	২.৯৪১	১০০.০০০	১০০.০০০
ঙ)	সেলস সেন্টার	৩ টি	৩ টি	৮৪.১৯৫	৩ টি	৮৪.১৯৫	১০০.০০০	১০০.০০০
৭০৩১	হেরিং বোন বন্ড রাসত্মা	১০০০ রা: মি:	১০০০ রা: মি:	১১.৯৭৪	১৪৫১.৪৩ রা:মি:	১১.৯৭৪	১৪৫.১৪৩	১০০.০০০
৭০৪৭	অগভীর নলকূপ স্থাপন (প্রতিস্থাপন)	৩ টি	৩ টি	১৪.৯৯০	৩ টি	১৪.৯৯০	১০০.০০০	১০০.০০০
৭০৫১	টেলি কমিউনিকেশন	থোক	থোক	১.৯৯৯	থোক	১.৯৯৯	থোক	১০০.০০০
উপ-মোট মূলধন				৬৬২.৫২৪		৬৭৭.৪১৮	১০০.০০	১০২.২৪৮

অর্থনৈতিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
						*	০	
মোট (রাজস্ব+মূলধন)				৪৪২৯.০৭৪		৪৩৯৯.৮৩১	৯৮.৫০০	৯৯.৩৪০
নিজস্ব আয়				১২৬০.৪২৩		১২৪২.৬৪৬	৯০.১৪০	৯৮.৫৯০
সর্বমোট (জিওবি)				৩১৬৮.৬৫১		৩১৫৭.১৮৫	৯৬.০০০	৯৯.৬৩৮

নোট : অনুমোদিত রিভাইজড ডিপিপিতে জিওবি ও নিজস্ব আয়ের অংগ ভিত্তিক ব্যয় বরাদ্দ পৃথকভাবে উল্লেখ ছিল না। কিন্তু অনুমোদিত আরডিপিপি'র মোট প্রাক্কলিত ব্যয়ের চেয়ে জিওবি খাত হতে মোট ১১.৪৬৬ লক্ষ টাকা এবং নিজস্ব আয় হতে মোট ১৭.৭৭৭ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে।

* চিহ্নিত অতিরিক্ত ব্যয় সমূহ (কতিপয় উপ-খাতে) নিজস্ব আয় হতে ব্যয় নির্বাহ হয়েছে।

পরিশিষ্ট 'খ'

খরচের খাত/উপ-খাত	পরিমাণ	ক্রয়ের সময় (তারিখ)	মন্তব্য
যানবাহন			
কার/জীপ (প্রকল্প পরিচালকের জন্য)	১টি	১টি (১৬.০৮.১১)	-
ডাবল কেবিন পিকআপ	২টি	২টি (১৬.০৮.১১	-
মিনি ট্রাক (কাভার্ড ভ্যান)	৪টি	২টি (১৬.০৬.১১) ২টি (২৩-০৬-১১)	-
নির্মান ও পূর্ত-			
ভূমি উন্নয়ন	(৯৩৫২ ঘন মি`)	১৮৫৭৯.২৮ ঘন মি` (জুলাই ২০১২ হতে জুন ২০১৪)	-
অফিস বিল্ডিং	২৫০ বর্গ মি.	১৪২.২০ বর্গ মি. (জুলাই-২০১১ হতে জুন ১৩)	-
বাউন্ডারি ওয়াল	৩০০০ রানিং মি.	৫৯৯.৯৮৫ রানিং মি. (মে ২০১০ হতে জুন ২০১৩)	-
গ্যাস সংযোগ স্থাপন	১২০০ রানিং মি.	১০৯৫ রানিং মি. (জুলাই ২০১৩ হতে জুন ১৪)	-
সীড বেড	১৮টি	১৮টি (জুলাই ২০১১ হতে জুন ১২)	-
নেট হাউট	৬টি	৬টি (জুলাই ২০১১ হতে জুন ১২)	-
বিক্রয় কেন্দ্র ও অন্যান্য	৩টি	৩টি (জুলাই ২০১২ হতে জুন ১৩)	-
হেরিং বোন বন্ড রাস্তা	১০০০ রানিং মি.	১৪৫১.৪৩ রানিং মি. (জুলাই ২০১২ হতে জুন ১৩)	-
শ্যালো টিউবওয়েল	৩টি	৩টি (মে ২০১০ হতে জুন ২০১৩)	-
টেলি কমিউনিকেশন	থোক	থোক (জুলাই ২০১১ হতে জুন ১৩)	-
কৃষি যন্ত্রপাতি ও অন্যান্য যন্ত্রাংশ-			
ট্রাক্টর	৩টি	৩টি (জুলাই ২০১৩ হতে জুন ১৪)	-
পাওয়ার টিলার	৯টি	৯টি (জুলাই ২০১২ হতে জুন ১৩)	-
কম্পিউটার সরঞ্জাম	১০ টি	১০টি (মে ২০১১ হতে জুন ২০১৩)	-
ফটোকপিয়ার	১২টি	১৫টি (মে ২০১১ হতে জুন ২০১৩)	-
অন্যান্য সরঞ্জাম (টিস্যুকালচার ল্যাব ও জার্মপ্লাজম ব্যাংক)	থোক	থোক (জুলাই ২০১২ হতে জুন ১৩)	-
আসবাবপত্র (প্রতিস্থাপন)	থোক	থোক (জুলাই ২০১২ হতে জুন ১৩)	-
বৈদ্যুতিক সরঞ্জাম	থোক	থোক (মে ২০১১ হতে জুন ২০১৩)	-
টিস্যু কালচার ল্যাবের জন্য ইকুইপমেন্ট (ইলাইজা কিট, ডিজিটাল জেনারেটর, অটোক্লেভ মেশিন ইত্যাদি) ও অন্যান্য কেমিক্যালস)	থোক	থোক (জুলাই ২০১২ হতে জুন ১৩)	-

পরিশিষ্ট 'গ'

খামারের উৎপাদন কার্যক্রম



খামারের ফল উৎপাদন কার্যক্রম



সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন ২য় পর্যায় (১ম সংশোধিত) (বারি অংশ) শীর্ষক **প্রক**ল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন।

(সমাপ্ত: জুন, ২০১৫)

১। **প্রশাসনিক মন্ত্রণালয়** : কৃষি মন্ত্রণালয়

২। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)

৩। **প্রকল্পের অবস্থান** : ৬টি বিভাগের ১৮টি জেলার ২০টি উপজেলায়।

৪। **প্রকল্পের ব্যয়** :

(লক্ষ টাকা)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত (১ম) (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত (১ম)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৪৮১.১০ (-)	৫৭৩৮.৯১ (-)	৫৭৩৮.৩১ (-)	জুলাই/২০১০ ডিসেম্বর/২০১৩	জুলাই/২০১০ জুন/২০১৫	জুলাই/২০১০ জুন/২০১৫	২৫৭.৮১ (৪.৭০%)	১ বছর ৬ মাস (৪৩%)

৫। **প্রকল্পের অর্থায়ন:** প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত।

৬। **অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এবং মাঠ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**

প্রকল্প দপ্তর (বারি) থেকে পাওয়া তথ্য অনুসারে কোন কাজ অসম্পূর্ণ নেই।

৮। প্রকল্প গ্রহণের পটভূমি:

৮.১. **প্রকল্পে পটভূমি:**

বাংলাদেশ দানাদার শস্যে সাবলম্বি হলেও উদ্যান ফসল উৎপাদনে আশানুরূপ সফলতা অর্জন করেনি। FAO-এর দেওয়া তথ্য অনুসারে একজন পূর্ণ বয়স্ক মানুষের দৈনিক ২০০-২৫০ গ্রাম শাক-সবজি ১০০-১২০ গ্রাম ফল এবং ৪৫-৫০ গ্রাম মসলা প্রয়োজন। জাতীয় পুষ্টি পরিষদের গবেষণা মোতাবেক একজন পূর্ণ বয়স্ক মানুষের দৈনিক ২২০ গ্রাম সবজি এবং ৮৫ গ্রাম ফল খাওয়া দরকার। কিন্তু বাংলাদেশের মানুষ দৈনিক গড়ে ৮০ গ্রাম শাক-সবজি ও ৩৬ গ্রাম ফল গ্রহণ করে। পুষ্টির চাহিদা ও প্রাপ্তির বিশাল ব্যবধানের কারণে বাংলাদেশের শতকরা ৮৭% লোক পুষ্টিহীনতায় ভোগে। দেশের উৎপাদন স্বল্পতা ও পুষ্টি চাহিদার পার্থক্য হ্রাসে ফল ও শাক-সবজি উন্নত জাত এবং আধুনিক চাষাবাদ কলাকৌশল উদ্ভাবন করা অত্যন্ত জরুরী। এছাড়া ফলের চাহিদার সিংহভাগ পূরণ হয় বিদেশ থেকে ফল আমদানী করে। এতে প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় হয়। এ দেশে প্রচলিত/অপ্রচলিত ও সম্ভাবনাময় বিদেশী ফল সারা বছর উৎপাদন করতে পারলে কাংখিত ফল প্রাপ্তির পাশাপাশি বিদেশে ফল রপ্তানী করা সম্ভব হবে। এ প্রেক্ষিতে উদ্যান ফসলের উন্নয়নের লক্ষ্যেই আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২। প্রকল্পের উদ্দেশ্য :

ক) ফসলের নতুন নতুন জাত ও উদ্যান ফসলের বিভিন্ন কলাকৌশল উদ্ভাবন বিষয়ে কার্যক্রম গ্রহণ;

খ) প্রশিক্ষণ প্রদান;

গ) উদ্যান ফসল উন্নয়নের জন্য স্থানীয়ভাবে ও বিদেশ হতে সংগ্রহকৃত জার্মপ্লাজম সংরক্ষণ ও সম্প্রসারনের লক্ষ্যে হর্টিকালচার সেন্টারসমূহের অবকাঠামোসহ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি প্রদান;

ঘ) সেমিনার ওয়ার্কসপ এর মাধ্যমে উদ্যান ফসলের যাবতীয় কলাকৌশল অবহিত ও সম্প্রসারণ করা;

ঙ) উৎপাদনকারী, ব্যবসায়ী ও রপ্তানীকারকদের মধ্যে বাজার ব্যবস্থাপনা পদ্ধতির সংযোগ স্থাপন; এবং

চ) কর্মকর্তাদের বিদেশ ভ্রমণের সময় নতুন নতুন জার্মপ্লাজম সংগ্রহ, উৎপাদন ও সম্প্রসারণ।

৯। প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

প্রকল্পটি ০৬/০৭/২০১০ তারিখে একনেক কর্তৃক ১৯৪৪৯.২৫ লক্ষ টাকা ব্যয় (বারি অংগ ৫৪৮১.১০ লক্ষ টাকা)-এ জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৩ মেয়াদের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রথম অনুমোদিত ডিপিপিতে গবেষণা মাঠে রক্ষিত জার্মপ্লাজমের নিরাপত্তার জন্য বিভিন্ন কেন্দ্রে সীমানা প্রাচীর বৃদ্ধি করা, প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে প্রশিক্ষণ ডরমিটরি, কর্মকর্তাদের একক আবাসনের উর্দ্ধমুখী নির্মাণ কাজ সংযুক্ত করতে এবং অন্যান্য অপারেশনাল ব্যয় নির্বাহের নিমিত্তে বারি অংগের ব্যয় ২৫৭.৮ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি করে (মোট বারি অংগের ব্যয় ৫৭৩৮.৯১ লক্ষ টাকা) প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। (স্মারক নং- ১২.০৮৯.০১৪.০৮৬.০০০.০৫৭.২০১০/১২২, তারিখ ১৮ নভেম্বর, ২০১৩)।

১০। বছর ভিত্তিক এডিপি বরাদ্দ:

(লক্ষ টাকা)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	ব্যয়
২০১০-২০১১	৮০০.০০	৭৯৯.৯৮
২০১১-২০১২	১১০০.০০	১০৯৮.৯৩
২০১২-২০১৩	১৪০০.০০	১৪০০.০০
২০১৩-২০১৪	১২০০.০০	১২০০.০০
২০১৪-২০১৫	১২৪০.০০	১২৩৯.৪০
মোট	৫৭৪০.০০	৫৭৩৮.৩১

১১। প্রকল্প পরিচালকের তথ্য:

ক্রঃ	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণ/খন্ডকালীন	মেয়াদকাল	
			যোগদান	বদলী
1.	মোঃ ইউসুফ মিঞা, পরিচালক, বারি	খন্ডকালীন	৩০.০৬.২০১০	০৩.০৭.২০১০
2.	ড. মোঃ আব্দুল জলিল ভূঞা, পরিচালক, বারি	খন্ডকালীন	০৪.০৭.২০১০	২৩.১০.২০১১
3.	ড. মোঃ খালেদ সুলতান, পরিচালক, বারি	খন্ডকালীন	২৪.১০.২০১১	০১.০৪.২০১৩
4.	ড. মোঃ আলতাফ হোসেন, পরিচালক, বারি	খন্ডকালীন	০১.০৪.২০১৩	৩১.০৩.২০১৪
5.	ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল, পরিচালক, বারি	খন্ডকালীন	০১.০৪.২০১৪	৩১.০৩.২০১৪
6.	ড. মোঃ হাফিজ উল্লাহ, পরিচালক, বারি	খন্ডকালীন	২০.০৪.২০১৪	০৩.০৮.২০১৪
7.	ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল, পরিচালক, বারি	খন্ডকালীন	০৪.০৮.২০১৪	২১.০৯.২০১৪
8.	ড. মোঃ রওশন আলী, পরিচালক, বারি	খন্ডকালীন	২২.০৯.২০১৪	২৯.১২.২০১৪
9.	ড. শাহাবুদ্দীন আহমদ, পরিচালক, বারি	খন্ডকালীন	৩০.১২.২০১৪	৩০.০৬.২০১৫

১২। **পরিদর্শনের বাস্তব অবস্থা:**

আইএমইডির মহাপরিচালক (কৃষি) কর্তৃক ২০/১১/২০১৫ তারিখে রাজশাহী জেলায় এবং সহকারী পরিচালক মোঃ মাহ্‌বুব জামান কর্তৃক ২৯/১০/২০১৫ তারিখে গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত বারি সদর দপ্তরে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে সর্বশেষ প্রকল্প পরিচালক, বারির নির্বাহী প্রকৌশলী এবং বারির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম নিয়ে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট গবেষকদের সাথে আলোচনা হয়েছে। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও উপাত্ত এর ওপর ভিত্তি করে চূড়ান্ত সমাপ্ত প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১৩। **পরিদর্শনকৃত বিভিন্ন অংগ ভিত্তিক অগ্রগতি:**

১৩.১. দায়িত্ব ভাতা:

আরডিপিপি'র সংস্থান অনুযায়ী ৩৫ জন কর্মকর্তা/কর্মচারী নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য ১৬.৭৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল এবং বরাদ্দের বিপরীতে পুরো অর্থই ব্যয় করা হয়েছে।

১৩.২ সরবরাহ ও সেবা:

আরডিপিপি'র সংস্থান অনুযায়ী গবেষণা, জৈব ও অজৈব সার, কাঁচামাল, গ্লাসওয়ার, জার্মপ্লাজম সংগ্রহ, কীটনাশক, শ্রমিক মজুরী, বুক/জার্নাল, পাবলিকেশন, গ্যাস ও তৈল জ্বালানী (ফার্মমেশিনারীসহ), বিদ্যুৎ বিল ইত্যাদি খাতে ৩১৫৭.৪৪ লক্ষ টাকা বরাদ্দ ছিল। বরাদ্দের বিপরীতে পুরো অর্থই ব্যয় করা হয়েছে।

১৩.৩ মেরামত ও রক্ষনাবেক্ষণ:

উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রগুলোর বিদ্যমান ল্যাব-কাম-অফিস ভবনসহ অন্যান্য অবকাঠামো, যানবাহন এবং যন্ত্রপাতির মেরামত ও রক্ষনাবেক্ষণ বাবদ বরাদ্দ ছিল ৪০৯.৯৮ লক্ষ টাকা যা পুরো অর্থই ব্যয় হয়েছে।

১৩.৪ প্রশিক্ষণ:

এ খাতে ১৯৪.৭৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৯৪.৭৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত অর্থে প্রকল্পের লক্ষমাত্রা অনুযায়ী এমএস ১০ জন, পিএইচডি ১০ জন এবং ৪৯৫০ জন কর্মকর্তা ও কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ গ্রহণকারীদের তালিকা সংরক্ষিত রয়েছে।

১৩.৫ যানবাহন:

এ খাতে ৬১.২০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬১.২০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত অর্থে প্রকল্পের সংস্থান অনুযায়ী ৫০টি মটরসাইকেল সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে জয়দেবপুরে ২৫টি এবং মাঠ পর্যায়ের অফিসে ২৫টি সরবরাহ করা হয়েছে। মটরসাইকেলগুলি বর্তমানে জার্মপ্লাজম সংগ্রহের কাজে ব্যবহৃত হচ্ছে।

১৩.৬ কলকব্জা ও যন্ত্রপাতি:

এ খাতে গবেষণাগারের বিভিন্ন যন্ত্রপাতি কেনার জন্য ৮৯৫.৭৪ লক্ষ টাকা বরাদ্দ ছিল। যন্ত্রপাতি কেনা বাবদ মোট ৮৯৫.৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। পিসিআর এ উল্লেখিত তথ্য অনুযায়ী গবেষণাগারের জন্য আসবাপত্রসহ মোট ১৪২ প্রকারের আইটেম সংগ্রহ করা হয়। এগুলি বর্তমানে গবেষণা কাজে ব্যবহৃত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি যন্ত্রপাতির নাম ও ছবিসহ ব্যবহার পরিশিষ্ট 'খ'-তে দেখানো হয়েছে।

১৩.৮ কম্পিউটার সফটওয়ার:

গবেষণার কাজে ব্যবহার করার জন্য সফটওয়ার ক্রয় বাবদ ৪.১০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা হয়েছে।

১৩.৯ অফিস স্টেশনারি:

অফিস স্টেশনারি খাতে ৪৬.৭৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৬.৬৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

১৩.১০ অফিস ফার্নিচার:

অফিস ফার্নিচার ক্রয় বাবদ ডিপিপিতে বরাদ্দকৃত ২৪.২৮ লক্ষ টাকার পুরোটাই ব্যয় করা হয়েছে। উক্ত অর্থে প্রকল্পের কর্মসূচী মোতাবেক সেক্রেটারিয়েট টেবিল, চেয়ার, স্টিল আলমিরা, ফাইল কেবিনেট, কম্পিউটার টেবিল ও চেয়ার সংগ্রহ করা হয়েছে। যা সদরদপ্তরসহ মাঠ অফিসে ব্যবহার করা হচ্ছে।

১৩.১১ গভীর নলকূপ:

এ খাতে ৯৭.৮২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৯৭.৭২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত অর্থে প্রকল্পের কর্মসূচী মোতাবেক জয়দেবপুরে ১টি, বুড়িরহাট, রংপুরে-১টি ও দেবীগঞ্জ, পঞ্চগড়ে ১টি গভীর নলকুপ স্থাপন করা হয়েছে।

১৩.১২ মাঠ যন্ত্রপাতি:

এ খাতে ১৯৮.৩২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে পুরো অর্থই ব্যয় করা হয়েছে। উক্ত অর্থে প্রকল্পের ডিপিপি মোতাবেক ট্রাক্টর ৬টি, পাওয়ার টিলার ১৫টি, লনমোয়ার ২০টি, ট্রলি ৩টিসহ আনুষাঙ্গিক দ্রব্যাদি সংগ্রহ করা হয়েছে। যা সদর দপ্তরসহ মাঠ অফিসে সরবরাহ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি যন্ত্রপাতির ছবিসহ ব্যবহার পরিশিষ্ট 'খ'-তে দেখানো হয়েছে।

১৩.১৩ পূর্ত কাজ:

এ খাতে ১০০৩.০৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০০২.৮৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত অর্থে প্রকল্পের ডিপিপির সংস্থান অনুযায়ী জয়দেবপুরে ৯.৭৪ লক্ষ টাকা ব্যয়-এ ২ হেক্টর, বারির মাঠ পর্যায়ের ১৪টি কেন্দ্রে ২১ হেক্টর ভূমি উন্নয়নে ৯০.৪৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ল্যাব-কাম-অফিস ভবন খাতে ৭৭.৮৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জয়দেবপুরে ৩৯.৬৭ লক্ষ টাকা ব্যয়ে ২০০ বর্গ মিটার মাশরুম স্পন প্রোডাকশন ল্যাব, খাগড়াছড়িতে ৩৮.২২ লক্ষ টাকা ব্যয়ে ২০০ বর্গ মিটার ল্যাব কাম অফিস ভবন নির্মাণ এবং অন্যান্য নির্মাণ খাতে ৮৪৬.৬৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮৪৬.১৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুসারে বারির ১৮টি কেন্দ্রে প্রশিক্ষণ ভবন, সিংগেল একোমোডেশন, অর্কিডেরিয়াম, পাম্প হাউজ, ইরিগেশন লাইন, নেট হাউজ, পলিহাউজ, ভিনাইল হাউজ, গ্রীন হাউজ, নার্সারী হাউজ, বাউন্ডারী ওয়াল, সীডবেড ইত্যাদি নির্মাণ করা হয়েছে।

১৩.১৪ উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, জয়দেবপুর:

প্রকল্পের আওতায় জয়দেবপুরে ১টি মাশরুম স্পন প্রোডাকশন ল্যাব স্থাপন, ১টি অর্কেডেরিয়াম, ১টি নেট হাউজ, ২টি পলি হাউজ, ৩টি আইসোলেশন হাউজ, ২টি ভিনাইল হাউজ ইত্যাদি নির্মাণ করা হয়েছে। উক্ত কাজের মান আপাতদৃষ্টিতে সন্তোষজনক মনে হয়েছে। আরডিপিপি'র সংস্থান অনুযায়ী গবেষণা কেন্দ্রে প্রয়োজনীয় অফিস/ল্যাব যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এছাড়া ক্রয়কৃত ৬টি ট্রাক্টরের মধ্যে ৩টি, ৫০টি মটরসাইকেলের মধ্যে ২৫টি জয়দেবপুরে গবেষণা মাঠে ও জার্মপ্লাজম সংগ্রহের কাজে ব্যবহৃত হচ্ছে। উক্ত ট্রাক্টর ও মটরসাইকেলগুলো চালু অবস্থায় আছে। পরিদর্শনকালে ল্যাবরেটরীতে দেশী-বিদেশী জাতের জার্মপস্নাজমের নমুনা এবং মাঠ প্রদর্শনী দেখা হয়। গবেষণা লব্ধ বিভিন্ন উন্নত জাতের ফল, সবজি এবং ফুলের গাছগুলো বর্ধিষ্ণু অবস্থায় দেখা যায়।

১৪। **পরিদর্শন পর্যবেক্ষণ:**

আলোচ্য প্রকল্পটি একটি গবেষণাধর্মী প্রকল্প। গবেষণার মাধ্যমে বিভিন্ন সময় উপযোগী জাত উদ্ভাবন করে তা কৃষক ও গ্রাহক পর্যায়ে পৌঁছে দেওয়াই এ প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পটি কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন চারটি সংস্থা বিএআরআই (বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট), ডিএই (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর), বিএডিসি (বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন) ও ডিএএম (কৃষি বিপণন অধিদপ্তর) কর্তৃক বাস্তবায়িত হয়।

উল্লিখিত প্রত্যেকটি সংস্থার জন্য আলাদা বরাদ্দ ছিল। বারি'র মূল কাজ ছিল ফসলের নতুন নতুন জাত ও উদ্যান ফসলের বিভিন্ন কলাকৌশল উদ্ভাবন বিষয়ে কার্যক্রম গ্রহণ করা। বারি দেশের বৃহত্তম বহুবিধ ফসল গবেষণা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান দানাশস্য, কন্দাল, ডাল, তৈলবীজ, সবজি, ফল, মসলা, ফুল ইত্যাদির উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন বিষয়ে গবেষণা করে থাকে। প্রতিষ্ঠানটি মৃত্তিকা এবং শস্য ব্যবস্থাপনা, রোগ বালাই এবং পোকামাকড় ব্যবস্থাপনা, পানি এবং সেচ ব্যবস্থাপনা, কৃষি যন্ত্রপাতির উন্নয়ন, খামার পদ্ধতির উন্নয়ন, শস্য সংগ্রহোত্তর প্রযুক্তি উদ্ভাবন এবং আর্থ সামাজিক সংশ্লিষ্ট উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, বিপণন এবং পরিমাণ নির্ধারণ বিষয়ে গবেষণা করে থাকে। বারি ১৮টি জেলার

২০টি উপজেলায় [গাজীপুর (জয়দেবপুর), জামালপুর (জামালপুর সদর), নরসিংদী (শিবপুর), চট্টগ্রাম (হাটহাজারী ও পাহাড়তলী), খাগড়াছড়ি (খাগড়াছড়ি সদর ও রামগড়), রাঙ্গামাটি (রাইখালি), কুমিল্লা (কুমিল্লা সদর), পাবনা (ঈশ্বরদী), চাঁপাইনবাবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ সদর), রাজশাহি (বিনোদপুর), রংপুর (বুড়িরহাট), ঠাকুরগাঁও (ঠাকুরগাঁও সদর), নিলফামারী (দেবীগঞ্জ), পটুয়াখালী (পটুয়াখালী সদর), বরিশাল (রহমতপুর), মৌলভীবাজার (আকবরপুর), সিলেট (জৈন্তাপুর), যশোর (যশোর সদর)] এ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করেছে।

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:	
পরিকল্পিত	**অর্জিত**
দেশি এবং বিদেশি উৎস থেকে সবজি, ফল ও ফুলের বিভিন্ন জাত সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ	➢ বিভিন্ন সবজির ১০০টি জার্মপ্লাজম সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ ➢ বিভিন্ন ফলের প্রায় ৮০টি, ফুলের ও অর্ণামেন্টালের প্রায় ২২টি জার্মপ্লাজম সংগ্রহ ও মূল্যায়ন করা হয়েছে। কিছু উন্নত জাত সনাক্তকরণ করা হয়েছে।
মুক্ত পরাগায়িত এবং হাইব্রিড জাতের উদ্ভাবন	➢ প্রকল্পের আওতায় ২২টি উচ্চ ফলনশীল সবজি এবং ১৪টি উচ্চ ফলনশীল ফলের জাত জাত উদ্ভাবন করা হয়েছে। উদ্ভাবিত জাতগুলির মধ্যে কিছু জাত মুক্তায়নের অপেক্ষায় রয়েছে।
➢ আধুনিক উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন	➢ গ্রীষ্মকালীন সবজি উৎপাদন যথাঃ টমেটো, ফুলকপি, অন্যান্য (পলিথিন ছাউনির নিচে) ➢ শীতের শেষে (নাবী) টমেটো উৎপাদন ➢ হাইড্রোফনিক পদ্ধতিতে উচ্চ মূল্যের সবজি উৎপাদন ➢ আইপিএম পদ্ধতিতে উন্নতমানের বিষমুক্ত সবজি উৎপাদন ➢ বছরব্যাপী আনারস উৎপাদন। ৯-১৩ মাস বয়সের গাছে ইথরেল (৫০০ পিপিএম) স্প্রে করতে হবে। ➢ পলিটানেল এর নীচে ফার্টিগেশন পদ্ধতিতে উন্নত ক্যাপসিকাম উৎপাদন
➢ অঙ্গজ বংশবৃদ্ধি প্রমিতকরণ	➢ আম = ভিনিয়ার ও ক্লেফ্ট গ্রাফটিং ➢ কদবেল = ক্লেফ্ট গ্রাফটিং ➢ কামরাঙ্গা = ক্লেফ্ট গ্রাফটিং ➢ লিচু = লেয়ারিং ➢ গ্রাফটিং টেকনলজির মাধ্যমে টমেটো এবং বেগুনের ব্যাকটেরিয়াজনিত ঢলেপড়া রোগ দমন সম্ভব হয়েছে।
➢ অল্প ব্যয়যুক্ত সংগ্রহোত্তর প্রযুক্তি উদ্ভাবন	➢ কিছু সবজি এবং ফলের জাত সংরক্ষণের উন্নত পদ্ধতি উদ্ভাবন করা (যেমনঃ লিচু, কলা, আম, বেগুন, মূলা, টমেটো এবং মিক্সড সবজি) হয়েছে।
➢ রোগ ও পোকামাকড় চিহ্নিতকরণ ও দমন ব্যবস্থাপনা	➢ আইপিএম পদ্ধতিতে বেগুনের জ্যাসিড এবং ডগা ও ফল ছেদক পোকা দমন এবং টমেটোর সাদা মাছি এবং কুমড়া জাতীয় সবজির মাছি পোকা দমন করা হয়েছে। ➢ বেগুন ও টমেটোর ব্যাকটেরিয়াজনিত ঢলেপড়া রোগ দমনের আইপিএম পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে।
➢ প্রজনন বীজ উৎপাদনের উন্নত পদ্ধতি উদ্ভাবন	➢ প্রজননবীজ উৎপাদনের বিভিন্ন বিষয় যেমনঃ আইসোলেশন দূরত্ব, রোগিং এবং আত্মঃ পরিচর্যা চিহ্নিতকরণ সংক্রান্ত করা হয়েছে।

➢ প্রকল্পের ফলাফল মনিটরিং	➢ গ্রীষ্মকালীন টমেটোর চাষ, বেগুন ও টমেটোর গ্রাফটিং টেকনোলজি লাভজনক হিসাবে প্রতীয়মান হয়েছে।
➢ মানব সম্পদ উন্নয়ন	➢ সবজির উন্নত চাষ পদ্ধতি এবং আইপিএম টেকনোলজির উপর প্রশিক্ষক প্রশিক্ষণ (তিন দিন প্রতিটি) দেওয়া হয়েছে। ➢ সবজির উন্নত চাষ পদ্ধতির উপর কৃষক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ➢ উন্নত ফল উৎপাদন এবং গ্রীষ্মকালীন টমেটো চাষের উপর ৩টি মাঠ দিবস হয়েছে।
➢ আধুনিক জাত ও প্রযুক্তি বিস্তার	➢ প্রকল্প মেয়াদকালে বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থাকে সবজির উন্নত বীজ সরবরাহ করা হয়েছে। ➢ দেশব্যাপী কৃষক পর্যায়ে গ্রীষ্মকালীন টমেটোর ৯০টি মাঠ প্রদর্শনী স্থাপন করা হয়েছে। ➢ গ্লাডিওলাস ফুলের উন্নত জাতের ১৫টি প্রদর্শনী প্লট কৃষকদের মাঝে স্থাপন করা হয়েছে। ➢ বারি গ্লাডিওলাস-৩ ফুলের জাত কৃষকদের মাঝে ব্যাপক সাড়া পেয়েছে। ➢ বারি কর্তৃক উদ্ভাবিত ফলের ২০টি মাতৃবাগান স্থাপন করা হয়েছে। ➢ আধুনিক উৎপাদন প্রযুক্তির উপর শতাধিক কৃষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ➢ প্রযুক্তি হস্তান্তরের জন্য সেমিনার/ওয়ার্কসপ আয়োজন করা হয়েছে।
➢ অন্যান্য	➢ খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবন পার্বত্যজেলায় লেবু জাতীয় ফলের জার্মপ্লাজম সংগ্রহের নিমিত্তে লেবু জাতীয় ফলের প্রদর্শনী করা হয়েছে। ➢ সবজি/ফলে ব্যবহৃত কীটনাশকের রেসিডিউ নির্ধারনের প্রোটকল উদ্ভাবন করা হয়েছে। ➢ বিভিন্ন বাণিজ্যিক কীটনাশকের শুদ্ধতা পরীক্ষা করা হয়েছে। ➢ বেগুনে ব্যবহৃত ডায়াজিননের অবশিষ্টাংশ (রেসিডিউ) নির্ধারণ করা সম্ভব হয়েছে।

১৬। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ** : প্রকল্পের উদ্দেশ্যে অর্জিত হয়েছে।

১৭। **সমস্যা:**

১৭.১ **উৎপাদিত ফসল বাজারজাতকরণে সমস্যা:**

উদ্বুদ্ধকরণের মাধ্যমে কৃষকদের বসতভিটা এবং বাড়ীর সামনের উদ্যান ফসল উৎপাদন করা হলেও সুষ্ঠু বাজারজাতকরণ ব্যবস্থার অভাবে কৃষক অনেক ক্ষেত্রেই ন্যায্য মূল্য পায়নি। এ ক্ষেত্রে কৃষকদের উৎপাদিত ফসল মধ্যসত্বভোগীদের হাতে তুলে দিতে হয়েছে। বিপণনের দিকটি এ ক্ষেত্রে উপেক্ষিত হয়েছে;

১৭.২ **গবেষণার ধারাবাহিকতা রক্ষার টেকসই ব্যবস্থা না থাকা:**

বারি দেশের বৃহত্তম কৃষি সংক্রান্ত গবেষণা কেন্দ্র। নানা রকম ফসল, সব্জি ও ফলের জাত উন্নয়নে এই প্রতিষ্ঠান উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। সরেজমিন পরিদর্শণকালে জানা যায় গবেষণা কার্যক্রমের একটি বড়

অংশ প্রকল্প নির্ভর।

প্রকল্প শেষ হয়ে গেলে গবেষণা কাযক্রমের ব্যয় বারির নিজস্ব বাজেট থেকে সংস্থান করা প্রায় সম্ভব হয় না। সেই কারণে ধারাবাহিকভাবে প্রকল্প গ্রহণ করা উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু এটি কোন স্থায়ী সমাধান নয়। যেহেতু বারি মূলত একটি গবেষণা প্রতিষ্ঠান, সুতরাং এর আওতায় সকল গবেষণা কার্যক্রম রাজস্ব বাজেটের আওতায় পরিচালনা করার উদ্যোগ কৃষি মন্তণালয় গ্রহণ করতে পারে;

১৭.৩ **অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত:**

প্রকল্প পরিচালকের দেওয়া তথ্য অনুসারে প্রকল্প বাস্তবায়ন শেষে অব্যয়িত টাকা সমর্পণ করা হয়েছে। তবে পিসিআরে এ সংক্রান্ত কোন তথ্য সংযোজন করা হয়নি। এ বিষয়টি কৃষি মন্ত্রণালয় নিশ্চিত করতে পারে;

১৭.৪ **অডিট নিষ্পত্তি না হওয়া:** পিসিআর এ সন্নিবেশিত তথ্য ও প্রকল্প পরিচালকের নিকট হতে জানা যায় প্রকল্পের External Audit সম্পন্ন করার প্রক্রিয়া চলমান রয়েছে। বিভিন্ন বিষয়ে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জবাব দাখিল করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে;

১৭.৫ **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন:**

প্রকল্প মেয়াদে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ৯ জন সিনিয়র কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। চাকুরী জীবনের শেষ প্রান্তে থাকা এসব কর্মকর্তাদের কেউই পূর্ণ সময়ের জন্য প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করতে পারেননি;

১৭.৬ **ক্রয় সংক্রান্ত তথ্য:**

এই প্রকল্পে বিভিন্ন ধরণের বৈজ্ঞানিক যন্ত্রপাতি, মাঠ যন্ত্রপাতি এবং নির্মাণ কাজের সংস্থান ছিল। কিন্তু পিসিআর-এ শুধু মটরসাইকেল ক্রয় ছাড়া অন্য কোন ক্রয়ের নির্ধারিত ছকে তথ্য নেই। মটরসাইকেল ক্রয়রে তথ্যও অসম্পূর্ণ। যদিও পরিদর্শনকালে প্রকল্পের নথি পর্যবেক্ষণ করে ক্রয় প্রক্রিয়া স্বচ্ছ বলেই মনে হয়েছে।

১৭.৭ **প্রশিক্ষণ ডাটাবেজ:**

প্রকল্পের আওতায় বিভিন্ন পর্যায়ে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তবে পরিদর্শনের সময় প্রকল্প চলাকালীন বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণকারীদের সম্পূর্ণ তালিকা পাওয়া যায়নি এবং প্রশিক্ষণার্থীদের কোন Database তৈরী করা হয়নি। কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রায় প্রকল্পেই প্রশিক্ষণ সঙ্ক্রান্ত Component থাকে। কিন্তু প্রশিক্ষনাণার্থীদের ছবি, নাম, পেশা, বয়স, জাতীয় পরিচয়পত্র, প্রশিক্ষণের ধরন ও মেয়াদ ইত্যাদি সংবলিত কোন Database না থাকার কারণে কোন ধরনের ব্যক্তি কোন বিষয়ে প্রশিক্ষণ পাচ্ছেন সেই তথ্য বিশ্লেষণের সুযোগ থাকে না। তাছাড়া একই ব্যক্তির প্রকল্প মেয়াদে একই বিষয়ে একাধিকবার প্রশিক্ষণের বিষয়টিও ঘটতে পারে;

১৭.৮ **ডিপিপিতে বিভিন্ন খাতে ব্যয়:**

পিসিআর-এ বর্ণিত ব্যয়ের হিসাব হতে দেখা যায় ডিপিপি'র খাত অনুযায়ী আর্থিক বরাদ্দের বিপরীতে প্রায় প্রতিটি খাতে বরাদ্দের সমান ব্যয় হয়েছে, যা বাস্তবসম্মত বলে মনে হয় না। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, ডিপিপি'র খাত অনুযায়ী আর্থিক ও ভৌত লক্ষ্যমাত্রা যথাযথভাবে অর্জন করাই প্রকল্প পরিচালকের অন্যতম দায়িত্ব ও কর্তব্য। এর ব্যত্যয় হলে অডিট আপত্তিসহ মন্ত্রণালয় ও বিভাগে জবাবদিহি করতে হয়। সে কারণে বাস্তবতার নিরিখে এবং ক্রয় নীতিমালা যথাযথভাবে অনুসরণ করেই খাত অনুযায়ী পূর্ণ টাকা খরচের সর্বোচ্চ চেষ্টা করা হয়েছে। তাছাড়া এই প্রকল্পটি যখন সংশোধন করা হয়েছে তখন বিভিন্ন খাতে ব্যয় সমন্বয় করা হয়েছে। বাস্তবে দেখা যায়, মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভায় প্রকল্প পরিচালকদের প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ নির্ধারিত সময়ের মধ্যে সঠিক ভাবে ব্যয় করার জন্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে তাগিদ প্রদান করা হয়। আইএমইডি মনে করে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রত্যাশিত গুণগত মানসহ ভৌত লক্ষমাত্রা অর্জন করাই মূল

উদ্দেশ্য। কোন প্রকল্পের গুণগত মানসহ ভৌত লক্ষমাত্রা অর্জন করার পরও যদি ডিপিপিতে বরাদ্দকৃত অর্থ অপেক্ষা কম অর্থ ব্যয় হয়, তাহলে সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে মূল্যায়ন করা প্রয়োজন। এতে সরকারি অর্থের সর্বোত্তম ব্যাবহার নিশ্চিত হবে।

১৭.৯ **একই ধরনের ক্রয় একাধিক খাতে করা:**

বৈজ্ঞানিক যন্ত্রপাতি চালানোর সফটওয়্যার কিনার জন্য ডিপিতে অর্থ বরাদ্দ ছিল। কিন্তু 'কলকব্জা ও যন্ত্রপাতি' খাত হতেই এই অর্থ ব্যয় করা যেতো। কারণ যন্ত্রপাতি কেনার সাথে সাথে সেগুলি চালানোর উপকরণও সংযুক্ত করা সমীচীন ছিল;

১৭.10 **একই যন্ত্রের একাধিক সংস্করণ ক্রয় করা:**

বৈজ্ঞানিক যন্ত্রপাতির তালিকা পর্যালোচনা করে দেখা যায় একই যন্ত্রের দুটি সংস্করণ ক্রয় করা হয়েছে। যেমন: পিএইচ মিটার ও ডিজিটাল পিএইচ মিটার। এক্ষেত্রে অপেক্ষাকৃত আধুনিক ডিজিটাল পিএইচ মিটার ক্রয় করাই সমীচীন ছিল।

১৮। **সুপারিশমালা:**

আলোচ্য প্রকল্পটির বাস্তবায়নোত্তর সার্বিক মূল্যায়নের আলোকে আইএমইডি'র সুপারিশ নিম্নরূপ:

১৮.১ কৃষকদের উৎপাদিত ফসলের নায্য মূল্য কৃষকরা যেন পান, সেই প্রক্রিয়াটি নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয় তার সংশ্লিষ্ট সংস্থাগুলি নিয়ে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে পারে;

১৮.২ বারি কর্তৃক চলমান গবেষণা কার্যক্রমের সাফল্য ও ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য তাৎক্ষণিক সমাধান হিসাবে প্রকল্পের ধারাবাহিকতা এই পর্যায়ে রক্ষা করা যেতে পারে। তবে গবেষণা কার্যক্রমের মত গুরুত্বপূর্ণ প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য পর্যায়ক্রমে প্রকল্প গ্রহণ কোন স্থায়ী সমাধান নয়। সেকারণে প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা সৃষ্টির পর রাজস্ব বাজেটের আওতায় বারি'র গবেষণা কার্যক্রম অব্যাহত রাখার জন্য কৃষি মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করতে পারে;

১৮.৩ প্রকল্পের অব্যয়িত অর্থ যথাযথভাবে সমর্পণ করা হয়েছে কিনা তা কৃষি মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং আইএমিডিকে অবহিত করবে ;

১৮.৪ প্রকল্পের External Audit দ্রুত শেষ করে আইএমইডিকে অবহিত করবে;

১৮.৫ অনিবার্য কারণ ব্যতীত প্রকল্প পরিচালক পরিবর্তন করা সমীচীন হবে না এবং প্রকল্প পরিচালক নিয়োগ দেবার সময় তাঁর চাকুরিকাল অন্তঃত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন তৈরীর সময় পর্যন্ত অবশিষ্ট থাকে তা নিশ্চিত করা যেতে পারে;

১৮.৬ পরবর্তীতে অন্যান্য প্রকল্পের পিসিআর প্রেরণের সময় তাতে প্রকল্প সংক্রান্ত তথ্য যেন পূর্ণাঙ্গভাবে উপস্থাপন করা হয়, সেই বিষয়টি কৃষি মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৮.৭ প্রশিক্ষণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবার জন্য যে কোনো প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থীদের মোবাইল নাম্বার ও জাতীয় পরিচয়পত্র নম্বর সহ Database তৈরী করা আবশ্যক;

১৮.৮ কৃষি মন্ত্রণালয়ের আওতায় যেসকল প্রশিক্ষণ প্রদান করা হয় সেগুলির সেন্ট্রাল ডাটাবেজ তৈরীর উদ্যোগ গ্রহণ করা য়েতে পারে;

১৮.৯ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আর্থিক ব্যয়ের পাশাপাশি ডিপিপি অনুসারে গুণগত মানসম্পন্ন ভৌত লক্ষমাত্রা অর্জন করতে পারাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে এবং এই বিষয়ে প্রকল্প পরিচালকদের মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারে; এবং

১৮.১০ পরবর্তীতে ডিপিপি তৈরীর সময় একই ধরণের মালামাল যেন পৃথভাবে না ক্রয় করা করা হয়, সে বিষয়টি কৃষি মন্ত্রণালয় ও এর আওতাভুক্ত সংস্থাসমূহ নিশ্চিত করবে।

পরিশিষ্ট 'ক'

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক (%)	বাস্তব (%)
	(ক) রাজস্ব বাজেট					
1.	দায়িত্ব ভাতা	৩৫জন	১৬.৭৫	৩৫জন	১৬.৭৫	৩৫ (১০০%)
2.	সরবরাহ ও সেবা	থোক	৩১৫৭.৪৪	থোক	৩১৫৭.৪৪	থোক (১০০%)
3.	মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	৪০৯.৯৮	থোক	৪০৯.৯৮	থোক (১০০%)
4.	প্রশিক্ষণ	থোক	১৯৪.৭৪	থোক	১৯৪.৭৪	থোক (১০০%)
5.	যানবাহন	৫০টি	৬১.২০	৫০টি	৬১.২০	৫০ (১০০%)
6.	কলকব্জা ও যন্ত্রপাতি	থোক	৪৭৬.৩৩	থোক	৪৭৬.২৩	থোক (১০০%)
7.	কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ	থোক	৪৮.১৩	থোক	৪৮.০৩	থোক (১০০%)
8.	কম্পিউটার সফ্টওয়ার	থোক	৪.১০	থোক	৪.১০	থোক (১০০%)
9.	অফিস স্টেশনারী	থোক	৪৬.৭৬	থোক	৪৬.৬৬	থোক (১০০%)
10.	অফিস ফার্ণিচার	থোক	২৪.২৮	থোক	২৪.২৮	থোক (১০০%)
11.	গভীর নলকুপ	৩টি	৯৭.৮২	৩টি	৯৭.৭২	৩ (১০০%)
12.	মাঠ যন্ত্রপাতি	থোক	১৯৮.৩২	থোক	১৯৮.৩২	থোক (১০০%)
13.	পূর্ত কাজ	থোক	১০০৩.০৬	থোক	১০০২.৮৬	থোক (১০০%)
	মোট		**৫৭৩৮.৯১**		**৫৭৩৮.৩১**	থোক (১০০%)

গবেষণাগারের জন্য ক্রয়কৃত বিভিন্ন যন্ত্রপাতির মধ্যে রয়েছে- এনালাইটিক্যাল ব্যালান্স, ডিজিটাল ব্যালান্স, লিফ এরিয়া মিটার, ক্লোরোফিল মিটার, রেফ্রিজারেটোর (১৪ সিএফটি), ফ্রিজার, ফটোসিনথেসিস মিটার, মাইক্রোপিপেট (বিভিন্ন মাপের), অটোক্লেভ, লেমিনার এয়ারফ্লো (হরাইজন্টাল), পিএইচ মিটার (ডিজিটাল), থার্মোমিটার (ম্যাক্স.-মিন.), থার্মোমিটার ডিজিটাল, ওয়াটার ডিস্টিলেশনপ্লান্ট, ডিজিটাল টাইমার, ইনকিউবেটার (+ ১৫°সে.-+৫০°সে.), ইনকিউবেটার (+ ২০°সে.-+৮০°সে.), ইনকিউবেটার উইথ অরবিটাল সেকার(+ ১০°সে.-+৮০°সে.), লাক্স মিটার, গ্লাসওয়ার, প্লাষ্টিক ওয়ার, ফয়েলস, কুলিং বক্স, কালচার ডিশেস, ব্যালেন্স (টপ লোডিং), ডিজিটাল রিফ্রাক্টোমিটার, ডিজিটাল স্লাইড ক্যালিপার্স, সীড জার্মিনেটর, ইসি মিটার, হট প্লেট/স্টাইরার (১ X ৩ পজিশন), ভ্যাকুয়াম ড্রায়ার, ওয়াটার রিসাইকেল পাম, কালার চার্ট, ময়েশচার এনালাইজার, ডিআয়োনাইজার, শেকার (হরাইজন্টাল), ভ্যাকুয়ামপ্যাক, ড্রাম ড্রায়ার, হোমোজেনাইজার,মাফল ফারনেচ, কলোনী কাউন্টার, ডাটা লগার, গ্যাস এনালাইজার, ভেজিটেবল ব্লাঞ্চার, ক্যানফিলিং মেশিন উইথ একসেসোরিস, কার্বোনডাইঅক্সাইড সিলিন্ডার, ব্লেন্ডার, হার্ডনেস মিটার, হেভি ডিউটি গ্রাইন্ডার, পলি সিলার, ডাইজেশন চেম্বার, আইস মিটার, মাইক্রোপ্লট মেটালিক, স্যাম্পল কালেকশন কিট (১২ লি.), স্যাম্পল কালেকশন কিট (৩০ লি.), র‍্যাক উড এন্ড মেটাল মেড, ট্রে (মেটালিক), ইন্সসেক্ট পিনিং ৪ ট্রে, ইন্সসেক্ট পিন্স(১০০ পিন্স সাইজ ৩ ফাইন কোয়ালিটি), বাইনোকুলার মাইক্রোসকোপ, কমপাউন্ড মাইক্রোসকোপ (ইনভার্টেড), স্টেরিও জুম মাইক্রোসকোপ উইথ মাইক্রোফটোগ্রাফিক, স্টেরিও জুম মাইক্রোসকোপ (লো পাওয়ার),ফ্লুয়োরিসেন্স মাইক্রোসকোপ, কনসীল্ড শেকার (হিউমিডিটি এন্ড টেমপারেচার), অরিটাল শেকার, সেন্টিফিউগালশেকার, হিমোসিটোমিটার, ফ্রিজ ড্রায়ার, ওভেন (টেমপারেচার ৩০০°সে.), মাইক্রো স্প্রেয়ার, ডিপ ফ্রিজ (-৮০°সে.), ইলিকট্রিক সয়েল স্টেরিলাইজার, মিডিয়া ডিসপেনচার, ভেসিন এন্ড সিন, গ্লোভস, হাই পাওয়ার ভোল্টেজস্ট্যাবিলাইজার, হটওয়াটার বাথ, ট্যাব ট্রলি, সিজারস, ভ্যাকুয়াম ক্লিনার, মাইক্রোওয়েভ ওভেন, পিপেট পাম্প, মাইক্রোপিপেট উইথ এক্সেসরিজ, স্কালপেল উইথ এক্সেসরিজ,স্প্যাটুলা স্টেইনলেচ স্টিল, ওয়াটার ডিআয়োনাইজারপ্লান্ট উইথ কার্টিজ, সয়েল গ্রিনডার এন্ড প্লান্টগ্রিন্ডার (মটোরাইজড), ভ্যাকুয়াম ড্রায়ার, ফিউমহুড, সেল ডিসরাপচার, ডিএনএ কাউন্টার, ভোরটেক্স মিক্সার, এক্সরে ফটোগ্রাফার, আইচ ক্রাসার, সয়েল হাইড্রোমিটার (ডিজিটাল), সয়েল কোর স্যামপ্লার (স্টেইনলেচ স্টিল), সয়েল আগার(স্টেইনলেচ স্টিল),গ্লাস ওয়ার ওয়াশার, প্লান্ট গ্রিন্ডার (মটোরাইজড) (ব্লেন্ডার টাইপ), জিপিএস উইথ এক্সেসোরিস, নাইট্রোজেন সিলিন্ডার উইথ গ্যাস, হিলিয়াম সিলিন্ডার উইথ গ্যাস, রেসপিরেটরি প্রটেকশন/ফেয়ার এক্সটিনগুইশাল, লিকুইট নাইট্রোজেন কন্টেনার, ইউভি স্পেক্টোফটোমিটার উইথ এক্সেসরিস, জেল ইলেকট্রোফরেসিজ এপারেটাস উইথ এক্সেসরিস, ইউভি ক্রস লিনকার, পাওয়ার প্যাক ফর ইলেকট্রোফরেসিজ(স্মল), ইপেনডরফ টিউবস এন্ড প্লেট ডিফারেন্ট সাইজ, ইনসেক্ট প্রুফ নেট হাউজ, মাল্টিচেনেল পিপেট (৫-৫০ ইউএল), মাল্টিচ্যানেল পিপেট উইথ ৮ এন্ড ১২ চ্যানেল চার্জিং (১০০-১০০০ ইউএল), হট এয়ার স্ট্রেরিলাইজার বেস রিফ্রাক্টোমিটার, ক্যান সিলার, এলুমিনিয়াম ফয়েল সিলার, রিফ্লাক্স ইউনিট, কনসিসটো মিটার, স্যাকশন পাম্প, ইউভি চেম্বার, র‍্যাপিং মেশিন, ইউডিওয়াই মিল, ভিসকোমিটার, সিমিং মেশিন, থিন লেয়ার এপ্লিকেটর সেট, রোটারি ইভাপোরেটার, ফ্লাস ইভাপোরেটার, টিউব রোটেটর, ল্যাবরেটরি ফিটিং এন্ড ফিক্সিং, ব্যাকিং ওভেন, জেল ড্রাইং ফ্রেম, ফেরিনোগ্রাফ, ভিসকোগ্রাফ, ডিজিটাল প্লাটফর্ম ব্যালেন্স, সাইক্রোমিটার, সীড ময়েশচার মিটার, ইলেকট্রিক সীড কাউন্টার, টেনসিওমিটার, এসি (২.৫ টনস), ল্যাব ফার্নিচার। উল্লেখযোগ্য যন্ত্রপাতির ছবি ও ব্যবহার নিম্নে দেওয়া হল-

ক্রমিক নং ও যন্ত্রের নাম	যন্ত্রের ব্যবহার	ছবি
১। ডিজিটাল রিফ্র্যাক্টো মিটার	বিভিন্ন ফলের রসের মিষ্টতা বা বিক্রমান (টিএসএস) নির্ণয় করার কাজে ব্যবহৃত হয়।	

ক্রমিক নং ও যন্ত্রের নাম	যন্ত্রের ব্যবহার	ছবি
২। এ্যানালাইটিক্যাল ব্যালেন্স	বিভিন্ন ফলের জৈব রাসায়নিক উপাদানসমূহের বিশ্লেষণ ও পরিমাণ নির্ধারণের জন্য বিভিন্ন রাসায়নিক যৌগের সূত্র ওজন (০.০০০১ গ্রাম পর্যন্ত) পরিমাপ করার কাজে ব্যবহৃত হয়।	
৩। আইস ক্রাসার	মাঠ থেকে ফল ফসলের বিভিন্ন নমুনা সংগ্রহের পর তা নমুনা সংগ্রহ বাক্সে সংরক্ষণের জন্য ব্যবহৃত বরফ খন্ড ভাঙ্গার কাজে ব্যবহার করা হয়।	
৪। হরাইজোন্টাল শেকার	বিভিন্ন ফলের রসের রাসায়নিক উপাদানসমূহের বিশেস্নষণের ও পরিমাপ নির্ধারণের জন্য প্রয়োজনীয় বিভিন্ন প্রকার রাসায়নিক দ্রবনের উত্তম মিশ্রন প্রস্তুত করার জন্য ব্যবহৃত হয়।	
৫। Water Distillation Plant	ল্যাবরেটরিতে গ্লাসওয়ার পরিস্কার করা, রিএজেন্ট এর সঠিক মাত্রায় দ্রবন তৈরী, ও অন্যান্য কাজে ব্যবহারের জন্য বিশুদ্ধ পানি উৎপাদনে Water Distillation Plant ব্যবহৃত হয়।	
৬। pH meter	পিএইচ মিটার দ্বারা মাটি, পানি ও অন্যান্য দ্রব্যাদি/বিক্রিয়কের পিএইচ এর মান নির্ণয় করা হয়। কোন পদার্থের অম্লত্ব ও ক্ষারত্ব নির্ণয়ে বিশেষ উপযোগী।	
৭। লেমিনার এয়ারফ্লো	এটি একটি গুরুত্বপূর্ন যন্ত্র যা উদ্ভিদ রোগতত্ত্ব গবেষণায় বীজানুমুক্ত পরিবেশ সৃষ্টি করে মাইক্রোবাইলোজিকাল কালচার দূষণ মুক্ত করতে ব্যবহৃত হয়।	

ক্রমিক নং ও যন্ত্রের নাম	যন্ত্রের ব্যবহার	ছবি
৮। ইনকিউবেটর	এটি একটি যন্ত্র যা প্যাথলোজিকাল ল্যাবরেটরীতে তাপমাত্রা এবং আর্দ্রতা নিয়ন্ত্রন করে অনুকহল পরিবেশ সৃষ্টি করার মাধ্যমে মাইক্রোবাইলোজিকাল কালচার বৃদ্ধি করতে ব্যবহৃত হয়।	
৯। ল্যাব কোল্ড	ইহা মেডিকেল ও সায়েন্টিফিক রেফ্রিজারেটর। ইহাতে ঔষধ পত্র কীটনাশক সংরক্ষন করা যায়। ইহা আকারে ছোট হওয়াতে বিভিন্ন জায়গায় বহন করা যায়।	
১০। ডিজিটাল মাইক্রোস্কোপ	ইহা জীববিজ্ঞান গবেষণার জন্য খুব গুরুতবপূর্ণ। ইহা দ্বারা বিভিননা পোকামাকড় রোগ ব্যাধি শনাক্ত করা যায়। অতি ক্ষুদ্র জিনিস ও দেখা যায় এবং পোকার আক্রমণ বুঝা যায়।	
১১। ভ্যাকুয়াম ড্রায়ার	সবজি ফসলের যে সকল নমুনা তাপমাত্রা ও অক্সিজেন সংবেদনশীল সে সকল নমুনা নিম্ন চাপে আর্দ্রতা কমানোর কাজে ব্যবহার করা হয়। এই যন্ত্রের সাহায্যে নমুনা শুকালে তার গুনাগুন অক্ষুন্ন থাকে।	
১২। সীড জার্মিনেটর	তাপমাত্রা, আর্দ্রতা ও আলো ইত্যাদি নিয়ন্ত্রণ করে সবজি বীজের অঙ্কুরোদগম, গাছের বৃদ্ধি পরীক্ষা, কীট ও রোগতাত্ত্বিক গবেষণার কাজে ব্যবহার করা হয়।	
১৩। অটোক্লেভ	প্লান্ট টিসু কালচার এর বিভিন্ন মিডিয়া, পেট্রিডিস ও ব্যবহারিক যন্ত্রপাতি জীবানুমুক্ত করতে ব্যবহার করা হয়। এছাড়া হাইড্রোপনিক্স গবেষণায় বিভিন্ন জড় সাবসট্রেট জীবানুমুক্ত করতে ব্যবহার করা হয়।	

ক্রমিক নং ও যন্ত্রের নাম	যন্ত্রের ব্যবহার	ছবি
১৪। ডিজিটাল রিফেক্টোমিটার	ফল ও সবজির মধ্যে সলিড উপাদান পরিমাপের জন্য এটি ব্যবহার হয়।	
১৫। ভিসকোমিটার	ফল বা সবজির জুম কিংবা কোন তরল পদার্থের আদ্রতা পরিমাপের জন্য এটি ব্যবহার হয়।	
১৬। লুক্স মিটার	এ যন্ত্র দ্বারা শেড নিয়ন্ত্রিত গবেষণা ফল, সবজি ও ফুলের জন্য কতটুকু আলো দরকার তা মাপা হয়। উদ্যানতাত্ত্বিক ফসলের ক্যানোপির ভিতর কতটুকু আলো পড়ছে তাও মাপা হয়।	
১৭। ক্লোরোফিল মিটার	এ যন্ত্র দ্বারা গবেষণা পরীক্ষণের ফল, সবজি ও ফুলের পাতার ক্লোরোফিলের পরিমান মাপা হয়।ক্লোরোফিলের পরিমানের ওপর সালোকসংশ্লেষনের পরিমান নির্ভর করে।	
১৮। ট্রাক্টর এইচপি ৯০০	উদ্যানতাত্ত্বিক সবজি ফসলের গবেষণা খামারে জমি চাষাবাদের কাজে ব্যবহৃত হচ্ছে।	

"ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ প্রকল্প ৩য় পর্যায় (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৫)

১। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

২। প্রশাসনিক মন্ত্রণালয় : কৃষি মন্ত্রণালয়

৩। প্রকল্প এলাকা : সমগ্র বাংলাদেশ

৪। **প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	২য় সংশোধিত		মূল	২য় সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২২১.০০	২৬৪৪.৫৯	২৬৩৫.৩৫	জুলাই, ২০১১ হতে জুন ২০১৪	জুলাই, ২০১১ হতে জুন ২০১৫	জুলাই, ২০১১ হতে জুন ২০১৫	১৮.৬৫%	৩৩.৩৩%

৫। **প্রকল্পের অর্থায়নঃ**
প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। **কাজের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর তথ্যের ভিত্তিতে) পরিশিষ্ট-'ক'**

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা, প্রকল্প সরেজমিন পরিদর্শন ও প্রকল্প পরিচালকের সাথে আলোচনা করে জানা যায়, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রমঃ**

৯.১। **পটভূমিঃ**

বাংলাদেশের সমগ্র এলাকা সেচ কার্যে ব্যবহৃত ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির মনিটরিং, প্রাপ্যতা ও অনুসন্ধান সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করে ক্ষুদ্রসেচ উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে কৃষকদের পরামর্শ ও সহায়তা প্রদান এবং সেচ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি দ্বারা সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানকে সহায়তা প্রদানের লক্ষ্যে ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ এবং পরিবীক্ষণ প্রকল্পটির কার্যক্রম শুরু করা হয়। প্রকল্পটি জুলাই' ২০১১ থেকে জুন ২০১৪ মেয়াদে বিগত ১২/০৬/২০১১ তারিখে পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং ২৮/০৬/১১ তারিখে কৃষিমন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন হয়। অনুমোদিত প্রকল্পের ব্যয় ২২২১.০০ লক্ষ টাকা। প্রকল্পের কার্যক্রম পূর্ণাঙ্গভাবে সম্পন্ন এবং এ দীর্ঘ মেয়াদী সুফল প্রাপ্তির লক্ষ্যে প্রকল্পের মেয়াদকাল বৃদ্ধি করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৯.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- ক্ষুদ্রসেচ সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্রসেচ সংক্রান্ত উপাত্ত যেমন-সেচযন্ত্রের সংখ্যা, সেচকৃত এলাকা, সেচযোগ্য এলাকা, সেচ খরচ, উৎপাদন খরচ, উপকৃত কৃষকের সংখ্যা, পানির গুণাগুণ পরীক্ষা, লবণাক্ততা অনুপ্রবেশ, ভূগর্ভস্থ পানির লেভেল, নলকূপের বোরলগ লিথোলজি, ভূ-পরিস্থ পানির উৎস ও প্রাপ্যতা, ইত্যাদি উপাত্ত সংগ্রহ;
- গৃহীত উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ জরিপ, গভীর নলকূপ/অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডারের মাধ্যমে ভূ-গর্ভস্থ পানির মনিটরিং, নলকূপের বোরলগ লিথোলজি, ভূ-পরিস্থ পানির উৎস ও প্রাপ্যতা, ইত্যাদি উপাত্ত সংগ্রহের মাধ্যম তথ্য-পুস্তক, সাময়িকী ও প্রতিবেদন প্রকাশনা;

- প্রকল্পের চূড়ান্ত লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে নির্ভুল তথ্য-উপাত্ত সংগ্রহে উদ্বুদ্ধকরণ, সঠিকভাবে ডাটা এন্ট্রি ও তথ্য-ভান্ডার গড়ে তোলা, কাজের গতি ত্বরান্বিতকরণ, ইত্যাদি বিষয়ে উপাত্ত সংগ্রহকারী ও প্রকল্প জনবলের কর্ম সচেতনতা সৃষ্টি, স্বকর্মে উদ্বুদ্ধকরণ, জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ; এবং
- ক্ষুদ্রসেচ সেক্টরের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্রসেচ নীতিমালা ও পরিকল্পনা প্রণয়নে সরকার ও নীতি নির্ধারকগণকে প্রয়োজনীয় পরামর্শ এবং কৃষকগণকে কারিগরি পরামর্শ ও সহায়তা প্রদান।

৯.৩। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- ডাটা ও তথ্য উপাত্তের ভিত্তিতে বিভিন্ন তথ্য পুস্তক, বুলেটিন, সাময়িকী, ট্রেনিং, ম্যানুয়াল, রিপোর্ট ও প্রতিবেদন প্রকাশনা;
- সেচযন্ত্র গণনাকারী, কারিগরী জনবল ও প্রকৌশলীদের প্রশিক্ষণ প্রদান ;
- মাঠ পর্যায়ে সেচের পানির রাসায়নিক গুণাগুণ নির্ণয়;
- বোরো মৌসুমে সেচযন্ত্রের সংখ্যা, সেচকৃত এলাকা, সেচযোগ্য এলাকা, সেচ খরচ, উৎপাদন খরচ, উপকৃত কৃষকের সংখ্যা ইত্যাদি জরিপ করা; এবং
- সংগৃহীত উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ জরিপ, গভীর নলকূপ/অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডারের মাধ্যমে ভূগর্ভস্থ পানির মনিটরিং, নলকূপের বোরলগ লিথোলজি, ভূ-পরিস্থ পানির উৎস ও প্রাপ্যতা, ইত্যাদি উপাত্ত সংগ্রহের মাধ্যম তথ্য-পুস্তক, সাময়িকী ও প্রতিবেদন প্রকাশনা।

১০। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ** আলোচ্য প্রকল্পটি ১২/০৬/২০১১ তারিখে পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং ২৮/০৬/১১ তারিখে কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী হয়। ২৬/০৫/২০১৩ তারিখে কৃষি মন্ত্রণালয় কর্তৃক ১ম সংশোধন অনুমোদিত হয়। মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০১/০৯/২০১৪ তারিখে ২য় সংশোধন অনুমোদিত হয়।

১১। **সংশোধিত এডিপি বরাদ্দ (পিসিআর অনুযায়ী)**

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ		ব্যয়	
	মোট	টাকা	মোট	টাকা
১	২	৩	৬	৭
২০১১-১২	৫৭০.০০	৫৭০.০০	৫৬৫.১০	৫৬৫.১০
২০১২-১৩	৮০০.০০	৮০০.০০	৭৯৮.০৮	৭৯৮.০৮
২০১৩-১৪	৮০০.০০	৮০০.০০	৭৯৪.১৭	৭৯৪.১৭
২০১৪-১৫	৪৮২.০০	৪৮২.০০	৪৭৮.০০	৪৭৮.০০
মোট	**২৬৫২.০০**	**২৬৫২.০০**	**২৬৩৫.৩৫**	**২৬৩৫.৩৫**

১২। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৩। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	মেয়াদকাল
জনাব মোঃ আমিনুজ্জামান	পূর্ণকালীন	২৭-০৭-২০১১ হতে ২৭-০১-২০১৪
জনাব মোঃ নাজিফুর রহমান	খন্ডকালীন	০৯-০২-২০১৪ হতে ০৯-০৪-২০১৪
জনাব মোঃ রফিকুল ইসলাম	খন্ডকালীন	১৪-০৪-২০১৪ হতে ৩০-১২-২০১৪
জনাব মোঃ লুৎফর রহমান	পূর্নকালীন	৩০-১২-২০১৪ হতে অদ্যাবধি

১৪। **প্রকল্প পরিদর্শন ও সাধারণ পর্যবেক্ষণঃ**

গত ২৫/১২/২০১৫ ও ২৬/১২/২০১৫ তারিখে আইএমইডির উপ পরিচালক জনাব তাহেরা হক কর্তৃক প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য সিলেট জেলা, মৌলভীবাজার জেলা এবং হবিগঞ্জ জেলায় অবস্থিত প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে তত্বাবধায়ক প্রকৌশলী সিলেট ক্ষুদ্রসেচ সার্কেল, নির্বাহী প্রকৌশলী সিলেট, সহকারী প্রকৌশলী সিলেট ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

১৪.১ পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় সিলেট বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারটি মেরামত করা হয়েছে এবং সিলেট জেলার সদর উপজেলার অটোমটিক ওয়াটার লেভেল রের্কডারটির ঘড়ি মেরামত করা হয়েছে। তিনি আরও বলেন যে, সিলেট বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারে প্রকল্প হতে পরীক্ষাগারের যন্ত্রপাতি (২০ সেট), কম্পিউটার (প্রিন্টার সহ) ১ সেট, সার্ভে এন্ড ট্রেনিং ইকুইপমেন্ট (২ সেট), পানি পরীক্ষার জন্য ফিল্ড কিট (২০ সেট), পরীক্ষাগারের জন্য রাসায়নিক দ্রব্যাদি ক্রয় (১০ সেট), ফিল্ড কিটের জন্য রাসায়নিক দ্রব্যাদি ক্রয় (৪০ সেট), অটোমেটিক ওয়াটার লেভেল এর জন্য গ্রাফ পেপার (৬০ সেট) ও কলম ক্রয় (৪ সেট) সরবরাহ করা হয়েছে।

১৪.২ ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ প্রকল্পের আওতায় সিলেট জেলায় অবস্থিত বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারে এটোমিক এবজরবশন এসপেকটোফটোমিটার (এ এ এস) এর মাধ্যমে ০.০৩ মিঃ গ্রাঃ পর্যন্ত আর্সেনিক এর মাত্রা নির্ণয় করা হয়। এছাড়াও ০.০১ মিঃ গ্রাঃ পর্যন্ত আয়রণ, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, সোডিয়াম, জিংক, ফসফরাস এর মাত্রা নির্ণয় করা যায়। ইউ-ভি এসপেকটোফটোমিটার মাধ্যমে ০.০৩ মিঃ গ্রাঃ পর্যন্ত আর্সেনিক এর মাত্রা নির্ণয় করা হয়। এছাড়াও ০.০১ মিঃ গ্রাঃ পর্যন্ত আয়রণ, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, সোডিয়াম, জিংক, ফসফরাস, টোটাল ডিজলব সলিড, হার্ডনেস, ক্লোরাইড, নাইট্রেট , নাইট্রোজেন এর মাত্রা নির্ণয় করা যায়। হাই পারফরমেন্স লিক্যুইড ক্রোমাটোগ্রাফি (এইচ পি এল সি) এর মাধ্যমে ম্যলাথন , ডায়াজিনন, কার্বফোরাম এবঙ মেলাথিনন ইত্যাদি কীটনাশকের মাত্রা নির্ণয় করা হয়। ডিজিটাল মাইক্রোপিপেট এর মাধ্যমে পানির স্যাম্পল সঠিক মাত্রায় নেয়া যায়, ডি আয়োনাইজার, ডি হিউমিডিফায়ার এর মাধ্যমে পরীক্ষাগারের আর্দ্রতা সঠিক রাখা হয়। বেঞ্চ টপ পি এইচ ও ইসি মিটার এর মাধ্যমে পানির পি এইচ ও ইলেকট্রিসিটি কনডাকটিভিটি নির্ণয় করা হয়। ডিজিটাল ব্যালেন্স এর মাধ্যমে ক্যেমিকেলের সঠিক পরিমাণ ধার্য করা হয়। ইত্যাদি অত্যাধুনিক যন্ত্রপাতির মাধ্যমে সেচের পানির গুণাগুন নির্ণয় করা হয়ে থাকে।

১৪.৩ পরিদর্শনকালে জানা যায় যে, সিলেট জেলার সদর উপজেলায় স্থাপিত একটি অটোমেটিক ওয়াটার লেভেল রের্কডারের মাধ্যমে ভূগর্ভস্থ পানির স্তরের উঠানামা প্রতি মাসের ১ তারিখ ও ১৬ তারিখে পর্যবেক্ষণ করা হচ্ছে। প্রকল্প হতে সরবরাহকৃত গ্রাফ পেপার এবং বিশেষ ধরনের কলম ব্যবহার করে ভূগর্ভস্থ পানির স্তরের উঠানামা গ্রাফ এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে উপস্থাপন করা হচ্ছে।





চিত্রঃ সিলেট সদর উপজেলার অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার

এছাড়াও মৌলভীবাজার জেলার সদর উপজেলায় একটি এবং হবিগঞ্জ জেলার সদর উপজেলায় একটি অটোমেটিক ওয়াটার লেভেল রের্কডারের মাধ্যমে প্রতি মাসে দুইবার ভূগর্ভস্থ পানির স্তরের উঠানামা পর্যবেক্ষণ করা হচ্ছে।

সম্পদ সংগ্রহঃ

অনুমোদিত ডিপিপি অনুযায়ী জিওবি অর্থায়নে পরীক্ষাগারের যন্ত্রপাতি যথা ভ্যাকুয়াম ইভাপরেট (১ সেট), এটোমিক এবজরবসন স্পেকটোফোটোমিটারের জন্য হলো ক্যাথড ল্যাম্প (৮ সেট), ডিআয়োনাইজারের জন্য কার্টিজ (১২ সেট), ডিজিটাল মাইক্রোপিপপেট (৪সেট), আর্সেনিক টেষ্টের জন্য কোয়ার্টজ সেল (১১ সেট) ও অন্যান্য যন্ত্রপাতি সমূহ সংগ্রহ করে ল্যাবে গবেষণা কাজে ব্যবহৃত হচ্ছে। গবেষণাগারের ব্যবহৃত যন্ত্রপাতি ছাড়াও মাঠপর্যায়ে ২০১ টি উপজেলায় মেকানিক্যাল পদ্ধতির অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার ও ১৩ টি ডাটালগারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতির রেকর্ডারের মাধ্যমে ভূগর্ভস্থ পানির স্তরের উঠানামার কার্যক্রম প্রতিদিন মনিটর করা হচ্ছে।

যানবাহনঃ

প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহনগুলো (পিক আপ ২টি ও মাইক্রোবাস ১টি) প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে ব্যবহার করা হচ্ছে।

কম্পিউটার, প্রিন্টারঃ

মাঠ পর্যায়ে প্রকল্পের তথ্যের ডাটা বেজ তৈরির জন্য ১৭ সেট কম্পিউটার ব্যবহৃত হচ্ছে।

সার্ভে ও প্রশিক্ষণ যন্ত্রপাতিঃ

মাঠ পর্যায়ের প্রকল্পের মাধ্যমে ক্ষুদ্রসেচ সংক্রান্ত জরিপ কাজে ৫২ সেট সার্ভে ও প্রশিক্ষণ যন্ত্রপাতি (আর টি কে জিপিএস ও হ্যান্ড জিপিএস) ব্যবহৃত হচ্ছে।

অনুমোদিত	অর্জিত
ক্ষুদ্রসেচ সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্রসেচ সংক্রান্ত উপাত্ত যেমন-সেচযন্ত্রের সংখ্যা, সেচকৃত এলাকা, সেচযোগ্য এলাকা, সেচ খরচ, উৎপাদন খরচ, উপকৃত কৃষকের সংখ্যা, পানির গুণাগুন পরীক্ষা, লবণাক্ততা অনুপ্রবেশ, ভূগর্ভস্থ পানির অবস্থা, নলকূপের বোরলগ লিথোলজি, ভূ-পরিস্থ পানির উৎস ও প্রাপ্যতা, ইত্যাদি উপাত্ত সংগ্রহ;	প্রকল্প হতে প্রতি বছর বোরো মৌসুমে সেচ সঙক্রান্ত জরিপ প্রতিবেদন বিএডিসি, বিএমডিএ ও ডিএই এর যৌথ স্বাক্ষরের মাধ্যমে প্রকাশ করা হয়। প্রকল্পের শুরু পর্যন্ত অর্থাৎ ২০১১ হতে ২০১৫ পর্যন্তসেচযন্ত্রের সংখ্যা, সেচকৃত এলাকা, সেচযোগ্য এলাকা, সেচ খরচ, উৎপাদন খরচ, উপকৃত কৃষকের সংখ্যার ওপর মোট ৪ টি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এছাড়াও এ প্রকল্পের আওতায় ৬ টি বিভাগীয় পানি পরীক্ষাগার ও উপজেলা পর্যায়ে ৯৮ টি মিনি পরীক্ষাগারের মাধ্যমে সেচের পানির গুণাগুণ পরীক্ষা করা হচ্ছে। প্রকল্পের শুরু হতে এ পর্যন্ত ২০১১ হতে ২০১৪ পর্যন্ত সেচের পানির গুণাগুণের ওপর মোট ২টি প্রতিবেদন পুস্তিকাকারে প্রকাশিত হয়েছে। ভূগর্ভস্থ পানির স্তরের উঠানামার তথ্য ২০১টি উপজেলায় অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডারের মাধ্যমে তথ্য সংগ্রহ সংরক্ষণ করে প্রতিবেদন প্রণয়ন করা হচ্ছে। এছাড়াও ১৩ টি ডাটালগারের মাধ্যমে কেন্দ্রীয় সার্ভারে তথ্য সংগ্রহ করা হচ্ছে। প্রকল্পের শুরু হতে এ পর্যন্ত ১৬ টি বুলেটিন প্রকাশ করা হয়েছে। এছাড়াও ৩০০০ টি নলকূপের বোরলগ লিথোলজি ডাটা প্রকল্প দপ্তরে সংরক্ষিত রয়েছে। অতি সম্প্রতি বাংলাদেশের তিনটি হাইড্রোলজিক্যাল জোনের ভূ-পরিস্থ পানির প্র্যাপ্যতার উপর একটি সার্ভে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
সংগৃহীত উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ জরিপ, গভীর নলকূপ/অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডারের মাধ্যমে ভূগর্ভস্থ পানির	এ প্রকল্প হতে প্রতিবছর ত্রৈমাসিক ভিত্তিতে ভূগর্ভস্থ পানির গ্রাউন্ড ওয়াটার বুলেটিন প্রকাশ করা হয়। এছাড়াও অন্যান্য প্রকাশনার বিবরণ অনুচ্ছেদ ১৬ (ক) তে বর্ণনা করা হয়েছে।

অনুমোদিত	অর্জিত
মনিটরিং নলকূপের বোরলগ লিথোলজি, ভূ-পরিস্থ পানির উৎস ও প্রাপ্যতা, ইত্যাদি উপাত্ত সংগ্রহের মাধ্যমে তথ্য-পুস্তক, সাময়িকী ও প্রতিবেদন প্রকাশনা;	
প্রকল্পের চূড়ান্ত লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে নির্ভুল তথ্য-উপাত্ত সংগ্রহে উদ্বুদ্ধকরণ, সঠিকভাবে ডাটা এন্ট্রি ও তথ্য-ভান্ডার গড়ে তোলা, কাজের গতি ত্বরান্বিতকরণ ইত্যাদি বিষয়ে উপাত্ত সংগ্রহকারী ও প্রকল্প জনবলের কর্ম সচেতনতা সৃষ্টি, স্বকর্মে উদ্বুদ্ধকরণ, জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ;	প্রকল্পের চূড়ান্ত লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে প্রকল্পের আওতায় ৭৫০ জন সেচযন্ত্র গণনাকারীর প্রশিক্ষণ প্রদান করা হয়। ২৯৪ জন কারিগরি জনবল ও ৭০ জন প্রকল্প কর্মকর্তাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।
ক্ষুদ্রসেচ সেক্টরের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্রসেচ নীতিমালা ও পরিকল্পনা প্রণয়নে সরকার ও নীতি নির্ধারকগণকে প্রয়োজনীয় পরামর্শ এবং কৃষকগণকে কারিগরি পরামর্শ ও সহায়তা প্রদান।	এ প্রকল্পের তথ্য ও উপাত্তের ভিত্তিতে ক্ষুদ্রসেচ সেক্টরের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্রসেচ নীতিমালা ও পরিকল্পনা প্রণয়নে সরকার ও নীতি নির্ধারকগণকে প্রয়োজনীয় পরামর্শ এবং কৃষকগণকে কারিগরি পরামর্শ ও সহায়তা প্রদান করা হয়। এছাড়াও প্রকল্পের সংগৃহীত তথ্য ভান্ডার বিভিন্ন গবেষণা কাজে দেশি ও বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠান প্রতিনিয়ত সংগ্রহ করছে। এছাড়া উচ্চ শিক্ষাগ্রহণার্থে ছাত্র/ছাত্রীগণ প্রকল্পের তথ্য ভান্ডার হতে তথ্য নিয়ে নিরন্তর গবেষণা করছেন।যা দেশের ক্ষুদ্রসেচ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে।

১৬। বাস্তবায়ন সমস্যাঃ

১৬.১ প্রকল্পের আওতায় ৬টি বিভাগীয় পরীক্ষাগারের রাসায়নবিদ ৬ জন ও ল্যাব টেকনিশিয়ান ৬ জন নিয়োগ দেয়ার সংস্থান ছিল। মহামান্য হাইকোর্টের রসায়নবিদ নিয়োগের ওপর রিটের কারণে প্রকল্প চলাকালীন সময়ে ১ জন রসায়নবিদ ও ২ জন ল্যাব টেকনিশিয়ান ছিল। বাকি জনবল নিয়োগ দেয়া সম্ভব হয় নাই;

১৬.২ বিএডিসির জরিপ ও পরিবীক্ষণ প্রকল্পের কার্যক্রম দীর্ঘদিন যাবৎ বাস্তবায়িত হলেও এখন পর্যন্ত এটি প্রকল্প নির্ভর। ফলে প্রকল্প সমাপ্তির পরে এ ধরনের কার্যক্রমের ধারাবাহিকতা বিশেষত জনবলের অভাবে ব্যাহত হচ্ছে। পরিদর্শনে কারিগরি জনবলের অনেকেই স্বেচ্ছাধীন সেবা দিতে দেখা গেছে, যাদের চাকুরি প্রকল্প সমাপ্তির সংগেই অবসান হয়েছে;

১৬.৩ নিরবিচ্ছিন্ন প্রকল্প পরিচালক না থাকায় মাত্র ৪ বছরে এ প্রকল্পে ৪ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। জনগুরুত্বসম্পন্ন এ ধরনের একটি প্রকল্পে প্রকল্প পরিচালকের ধারাবাহিকতা না থাকায় প্রকল্প পরিকল্পনা, ব্যবস্থাপনা ও তথ্য সংরক্ষণ কার্যক্রমের বিঘ্ন ঘটে;

১৬.৪ প্রকল্পের আওতায় প্রতি বছর বোরো মৌসুমে প্রায় আঠারো লক্ষ সেচযন্ত্র, সেচএলাকা ও উপকারভোগী কৃষকের সংখ্যা অস্থায়ীভাবে নিয়োগকৃত ১০০০ জন গণনাকারী মাঠ পর্যায়ে জরিপের কার্যক্রম করে থাকেন যা সেচযন্ত্রের সংখ্যার তুলনায় অপ্রতুল। কমপক্ষে প্রতি ১০০০ সেচযন্ত্রের জরিপের জন্য ১ জন গণনাকারী থাকা প্রয়োজন; এবং

১৬.৫ ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ প্রকল্পটি ক্ষুদ্রসেচের একটি তথ্য নির্ভর প্রকল্প। এ প্রকল্পের ধারাবাহিকতা রক্ষার জন্য বাংলাদেশের প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি করে ডিজিটাল অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার স্থাপন করতে হবে ।

১৭। সুপারিশঃ

১৭.১ ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির উৎস, পানির গুণাগুণ ও ব্যবহারের সম্পর্কে আরও বেশি তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পূর্বক নীতি নির্ধারণী পর্যায়ে তথ্য সরবরাহ করা এবং মাঠ পর্যায়ে কৃষক ও সুবিধাভোগীদের নিকট প্রচারের ব্যবস্থার লক্ষ্যে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমটি প্রাতিষ্ঠানিকরণের উদ্যোগ নেয়া সমীচীন হবে। তাছাড়া প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য রাজস্ব/উন্নয়ন বাজেটের আওতায় কার্যক্রম চালু রাখা প্রয়োজন;

১৭.২ ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ প্রকল্পটি ক্ষুদ্রসেচের একটি তথ্য নির্ভর প্রকল্প। এ প্রকল্পের ধারাবাহিকতা রক্ষার জন্য বাংলাদেশের প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি করে ডিজিটাল অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার স্থাপন করা যেতে পারে;

১৭.৩ প্রতিটি মেকানিক্যাল পদ্ধতির অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার ডিজিটাইলেশনের উদ্যোগ নিতে হবে;

১৭.৪ মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রকল্পের আওতায় পর্যাপ্ত জনবল নিয়োগ করা প্রয়োজন;

১৭.৫ সারা বাংলাদেশে আরটিকে জিপিএস এর মাধ্যমে সার্ভে করে প্রতিটি অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার, বিএডিসির গভীর নলকূপ, অবজারবেশন নলকূপের ল্যাটিচিউড, লংগিচিউড ও আর এল নির্ণয় করা হয়েছে। গভীর ও অগভীর নলকূপের আর এল নির্ণয় এ সমীক্ষার সুপারিশ অনুযায়ী বাংলাদেশের আরও ১০০ টি উপজেলায় অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার স্থাপন ও ১০০ টি রেইনগেজ বসানোর সুপারিশ করা হয়েছে;

১৭.৬ ৬ টি বিভাগীয় পরীক্ষাগার ছাড়াও বাকী ৩ টি বিভাগে রাসায়নিক পরীক্ষাগার স্থাপন করা প্রয়োজন;

১৭.৭ প্রকল্পের আওতায় প্রতি বছর বোরো মৌসুমে প্রায় আঠারো লক্ষ সেচযন্ত্র, সেচএলাকা ও উপকারভোগী কৃষকের সংখ্যা অস্থায়ীভাবে নিয়োগকৃত ১০০০ জন গণনাকারী মাঠ পর্যায়ে জরিপের কার্যক্রম করে থাকেন যা সেচযন্ত্রের সংখ্যার তুলনায় অপ্রতুল। কমপক্ষে প্রতি ১০০০ সেচযন্ত্রের জরিপের জন্য ১ জন গণনাকারী থাকা প্রয়োজন;

১৭.৮ বাংলাদেশের ৮ টি হাইড্রোলজিক্যাল রিজিয়নের মধ্যে ৩ টি হাইড্রোলজিক্যাল রিজিয়ন (যথা North Central, South East এবং South West) এর ক্ষুদ্রসেচ উন্নয়নে ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির প্রাপ্যতা নির্ণয় সংক্রান্ত সমীক্ষার কার্যক্রম প্রকল্পের ৩য় পর্যায়ে সম্পন্ন করা হয়েছে।বাকী ৫ টি হাইড্রোলজিক্যাল রিজিয়নের ক্ষুদ্রসেচ উন্নয়নে ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির প্রাপ্যতা নির্ণয় সংক্রান্ত সমীক্ষা চালানো প্রয়োজন;

১৭.৯ পানি, মাটি ও সারের জৈব/অজৈব গুণাগুন ও বৈশিষ্ট্যগুলোকে মান নিরূপণে ব্যবহৃত আন্তর্জাতিক প্রতিষ্ঠান এবং সরকার নির্ধারিত আদর্শ মানের মধ্যে পার্থক্যগুলো বিশেষজ্ঞ পর্যায়ে যাচাই করে হালনাগাদ করার উদ্যোগ নেওয়ার জন্য বিএডিসি'কে পরামর্শ দেওয়া হলো; এবং

১৭.১০ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিরবিচ্ছিন্নভাবে দীর্ঘ সময় দায়িত্ব পালনে সক্ষম কর্মকর্তাদের প্রকল্প পরিচালক পদে নিয়োগ দেওয়া সমীচীন হবে।

১৮। অনুচ্ছেদ ১৭ এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং তা আগামী ২ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-'ক'

কাজের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন

(লক্ষ টাকা)

ক্রঃনং	অঙ্গের নাম	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী		প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	শতকরা (%)
ক	কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদি	সংখ্যা	২৭ জন	১১৫.৬১	১৮ জন	১১১.৯৭	৯৬.৮৫%
খ	**সরবরাহ ও সেবা**						
০১	ভ্রমণ ব্যয়	থোক	থোক	১৫০.০০	থোক	১৫০.০০	১০০%
০২	অতিরিক্ত কাজের ভাতা	থোক	থোক	৩.০০	থোক	৩.০০	১০০%
০৩	ডাক	থোক	থোক	৩.০০	থোক	৩.০০	১০০%
০৪	ফোন	থোক	থোক	৪.০০	থোক	৪.০০	১০০%
০৫	রেজিস্ট্রেশন ফি	সংখ্যা	২৭ টি	৬.০০	২৭ টি	৫.৭৩	৯৫.৫০%
০৬	পরীক্ষাগারের গ্যাস ও জ্বালানি	থোক	থোক	১.৫০	থোক	১.২৬	৮৪%
০৭	প্রেট্রাল ও লুব্রিকেন্ট	সংখ্যা	২৭ টি	৯৬.১৮	২৭ টি	৯৬.১৮	১০০%
০৮	ইনসুরেন্স	থোক	থোক	১.৫০	থোক	০.৮০	৫৩.৩৩%
০৯	মুদ্রণ ও প্রকাশনা	সংখ্যা	৬৮ টি	২৬.৭০	থোক	২৬.৭০	১০০%
১০	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	থোক	২৪.০০	থোক	২৪.০০	১০০%
১১	বইপত্র ও সাময়িকী	থোক	থোক	২.০০	থোক	১.৩৬	৬৮%
১২	প্রচার ও বিজ্ঞাপন	থোক	থোক	৭.০০	থোক	৭.০০	১০০%
১৩	প্রশিক্ষণ ব্যয়						
	ক) গণনাকারীদের প্রশিক্ষণ	সংখ্যা	৭৫০ জন	৫.২৭	৭৫০ জন	৫.২৭	১০০%
	খ)কারিগরি জনবল প্রশিক্ষণ	সংখ্যা	৩৯১জন	৪.৮৮	২৯৪জন	৪.৫৩	৯২.৮২%
	গ) প্রকল্প কর্মকর্তা প্রশিক্ষণ	সংখ্যা	৭০ জন	৬.২৪	৭০ জন	৬.২৩	৯৯.৮৪%
	ঘ) এইচপিএলসির মেথড ডেভেলপমেন্ট এবং প্রশিক্ষণ	সংখ্যা	৫ টি পদ্ধতি ও ২০ জন	৬.৩৬	৫ টি পদ্ধতি ও ২০ জন	৬.২৮	৯৮.৭৪%
১৪	সেমিনার , ওয়ার্কশপ এবং কনফারেন্স	সংখ্যা	৪ টি	৫.৫৫	৪ টি	৫.৫৫	১০০%
১৫	উত্তোলন ও পরিবহন	থোক	থোক	৪.০০	থোক	৪.০০	১০০%
১৬	শ্রমিক মজুরী	সংখ্যা	২৫ জন	৬৫.০০	২৫ জন	৬৩.৪৪	৯৭.৬০%
১৭	পরীক্ষাগারের জন্য রাসায়নিক দ্রব্যাদি ক্রয়	সেট	৫৮ টি	৫০.০০	৫৮ টি	৪৯.৯৮	৯৯.৯৬%
১৮	ফিল্ডকিটের জন্য রাসায়নিক দ্রব্যাদি ক্রয়	সেট	৬০১ টি	৫৮৭.০০	৬০১ টি	৫৮৬.৭৫	৯৯.৯৫%
১৯	অটোমেটিক ওয়াটার লেভেল রের্কডারের গ্রাফ পেপার ও কলম ক্রয়	সেট	১৩৩৩৩ টি	৫৫.০০	১৩৩৩৩ টি	৫৪.৬৫	৯৯.৩৬%
২০	পরামর্শক						

ক্রঃনং	অঙ্গের নাম	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী		প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	শতকরা (%)
	ক) সার্ভে এন্ড মনিটরিং বিশেষজ্ঞ	জনমাস	৩৪ জনমাস	৩৪.০০	৩৪ জনমাস	৩৪.০০	১০০%
	খ) পানির গুনাগুন বিশেষজ্ঞ	জনমাস	১০ জনমাস	১০.০০	১০ জনমাস	১০.০০	১০০%
২১	সম্মানী ভাতা	থোক	থোক	৫.০০	থোক	৪.২৩	৮৪.৬০%
২২	ক্ষুদ্রসেচের যন্ত্রাংশ, সেচকৃত এলাকা এবং সেচখরচ সংক্রান্ত জরিপ	সংখ্যা	৩৫৭৫ জন	২৭৫.০০	৩৪৭২ জন	২৭৫.০০	১০০%
২৩	গভীর ও অগভীর নলকূপের জোন অব ইনফ্লুয়েন্স নির্ণয়	জনমাস	৫২ জনমাস	৭০.৬২	৫২ জনমাস	৭০.৬২	১০০%
২৪	গভীর ও অগভীর নলকূপের আর এল নির্ণয়	জনমাস	৫৪ জনমাস	৯৫.০০	৫৪ জনমাস	৯৫.০০	১০০%
২৫	ক্ষুদ্রসেচ উন্নয়নের জন্য ভূপরিস্থ ও ভূগর্ভস্থ পানির প্র্যাপতা নির্ণয়	জনমাস	৬৩ জনমাস	৯৯.৮৪	৬৩ জনমাস	৯৯.৮৪	১০০%
২৬	কম্পিউটার সামগ্রী	থোক	থোক	৭.০০	থোক	৭.০০	১০০%
২৭	অন্যান্য ব্যয়	থোক	থোক	১৬.২০	থোক	১৬.২০	১০০%
	মোট সরবরাহ ও সেবা			**১৭২৬.৮৪**		**১৭২১.৬০**	৯৯.৬৯%
	গ মেরামত ও সংরক্ষণ						
০১	যানবাহন	সংখ্যা	২৭ টি	২৫.০০	২৭ টি	২৪.৯৯	৯৯.৯৬%
০২	অফিস আসবাব	থোক	থোক	২.৫০	থোক	২.৫০	১০০%
০৩	কম্পিউটার, প্রিন্টার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি	থোক	থোক	৩.০০	থোক	৩.০০	১০০%
০৪	পরীক্ষাগারের যন্ত্রপাতি	ল্যাব	৬ টি	১১.০০	৬ টি	১১.০০	১০০%
০৫	অটোসেটিক ওয়াটার লেভেল রেকর্ডার	সেট	১৯৮ টি	৩৩.০৫	১৯৮ টি	৩৩.০৫	১০০%
০৬	অফিস ভবন	ল্যাব ও প্রকল্প দপ্তর	৬ টি ও ১টি	৩০.০০	৬ টি ও ১টি	৩০.০০	১০০%
	মোট মেরামত ও সংরক্ষণ (গ)			**১০৪.৫৫**		**১০৪.৫৫**	**১০০%**
	মোট রাজস্ব ব্যয় (ক+খ+গ)			**১৯৪৭.০০**		**১৯৩৮.১১**	**৯৯.৫৪%**
ঘ	**সম্পদ সংগ্রহ ও ক্রয়**						
০১	**পিক আপ (২৩০০-২৫০০ সি সি)**	সংখ্যা	২ টি	**৭২.২২**	২ টি	**৭২.২২**	**১০০%**
০২	**মাইক্রোবাস (২৪০০-২৭০০ সি সি)**	সংখ্যা	১ টি	**৩৭.১৩**	১ টি	**৩৭.১৩**	**১০০%**
০৩	**পরীক্ষাগারের যন্ত্রপাতি**	সেট	৯৮ টি	**৯০.৪৮**	৯৮ টি	**৯০.৪৮**	**১০০%**
০৪	**পানি পরীক্ষার ফিল্ড কিট**	সেট	২১৭ টি	**২৭৫.০০**	২১৭ টি	**২৭৪.৭৯**	**৯৯.৯২%**

০৫	**ওয়াটার লেভেল রেকর্ডার, কন্টাক গেজ ও রেইনগেজ**	সেট	৩২টি	**১৬৮.২৫**	৩২টি	**১৬৮.১১**	**৯৯.৯২%**
০৬	**কম্পিউটার, প্রিন্টার ও আনুষাঙ্গিক**	সেট	১৭টি	**১৪.০০**	১৭ টি	**১৪.০০**	**১০০%**
০৭	**জরিপ ও প্রশিক্ষণ যন্ত্রপাতি**	সেট	৫২ টি	**২৮.৫১**	৫২ টি	**২৮.৫১**	**১০০%**
০৮	**অফিস আসবাব**	থোক	থোক	**১২.০০**	থোক	**১২.০০**	**১০০%**
	মোট মূলধন			**৬৯৭.৫৯**		**৬৯৭.২৪**	**৯৯.৯৫%**
	সর্বমোট (ক+খ+গ+ঘ)			**২৬৪৪.৫৯**		**২৬৩৫.৩৫**	**৯৯.৬৫%**

কৃষি যন্ত্রপাতি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

1। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) (লীড এজেন্সী)
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)

2। **প্রশাসনিক মন্ত্রণালয়** : কৃষি মন্ত্রণালয়

3। **প্রকল্প এলাকা** :

বারি-ডিএই

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	শেরপুর	নকলা ও শ্রীবর্দী
	মানিকগঞ্জ	ঘিওর, শিবালয়
	নরসিংদী	নরসিংদী সদর, শিবপুর
	গাজীপুর	গাজীপুর সদর, কালিয়াকৈর
	রাজবাড়ী	বালিয়াকান্দি, পাংশা
রংপুর	রংপুর	পীরগঞ্জ ও মিঠাপুকুর
বরিশাল	বরিশাল	মেহেন্দীগঞ্জ ও গৌরনদী
	ঝালকাঠি	ঝালকাঠি সদর ও রাজাপুর
খুলনা	ঝিনাইদহ	কালীগঞ্জ ও শৈলকুপা
	মাগুরা	শ্রীপুর ও শালিখা
রাজশাহী	পাবনা	সুজানগর ও সাথিয়া
	সিরাজগঞ্জ	শাহাজাদপুর ও উলস্নাপাড়া
মোটঃ বিভাগ-৫টি	জেলা-১২টি	উপজেলা-২৪টি

ব্রি-ডিএই

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	গাজীপুর	শ্রীপুর, কাপাসিয়া
	ফরিদপুর	আলফাডাঙ্গা, নগরকান্দা
	মাদারীপুর	মাদারীপুর সদর, শিবচর
রংপুর	গাইবান্ধা	গোবিন্দগঞ্জ, সাদুল্যাপুর
রাজশাহী	নাটোর	নাটোর সদর, সিংড়া
	রাজশাহী	মোহনপুর, তানোর
	চাঁপাইনবাবগঞ্জ	গোমসত্মাপুর, নাচোল
	জয়পুরহাট	জয়পুরহাট সদর, পাঁচবিবি
খুলনা	কুষ্টিয়া	মিরপুর, কুমারখালী
	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর, আলমডাঙ্গা
চট্টগ্রাম	চাঁদপুর	চাঁদপুর সদর, হাজিগঞ্জ
	নোয়াখালী	সোনাইমুড়ী, বেগমগঞ্জ
মোট: বিভাগ-৫টি	জেলা-১২টি	উপজেলা-২৪টি

4। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
৩৯৭৬.৬৯	প্রযোজ্য নয়	৩৯৫৫.৯২	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	-

4.১ **বারি অংগ:** (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃসাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১৭৫৩.৩৪	প্রযোজ্য নয়	১৭৫২.২৪	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	-

4.২ **ব্রি অংগ:** (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)
মূল (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১৭০৮.৯৫	প্রযোজ্য নয়	১৬৯৩.২৩	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	-

4.৩ **ডিএই অংগ:** (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
৫১৪.৪০	প্রযোজ্য নয়	৫১০.৪৫	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	-	-

5। প্রকল্পের অর্থায়ন:

সর্বমোট ৩৯৭৬.৬৯ লক্ষ টাকা (জিওবি) ব্যয়ে প্রকল্পটি ০১ জুলাই ২০১০ - ৩০ জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়িত হয়।

6। কাজের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন:

6.১ বারি অংগ: **(লক্ষ টাকায়)**

ক্রঃ নং	অঙ্গের নাম	পরিমাণ	ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলন			প্রকৃত বাস্তবায়ন		
				আর্থিক মোট		বাস্তব	আর্থিক মোট	
				জিওবি	ডিপিএ		জিওবি	%
ক	কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি	১৮ জন		১৪৬.৪৮		১৮ জন	১৪৬.০৯	১৪৬.০৯ (৯৯.৭৩)
খ	**সরবরাহ ও সেবা**							
০১	ভ্রমণ ভাতা		থোক	৩১.৭৫		প্রয়োজন মত	৩১.৭৫	৩১.৭৫ (১০০)
০২	ওভার টাইম			-		-	-	-
০৩	পোস্টাল		থোক	০.৬৭		প্রয়োজন মত	০.৬৭	০.৬৭ (১০০)
০৪	যানবাহন রেজিস্ট্রেশন ফি		থোক	৫.৬৮		প্রয়োজন মত	৫.৬৮	৫.৬৮ (১০০)
০৫	গ্যাস ও জ্বালানী		থোক	১৪.৫০		প্রয়োজন মত	১৪.৫০	১৪.৫০ (১০০)
০৬	পেট্রোল, ডিজেল ও লুব্রিকেন্ট		থোক	১৭.৫০		প্রয়োজন মত	১৭.৫০	১৭.৫০ (১০০)
০৭	মুদ্রণ ও প্রকাশনা		থোক	১৬.০০		প্রয়োজন মত	১৬.০০	১৬.০০ (১০০)
০৮	স্টেশনারী		থোক	৯.৫০		প্রয়োজন মত	৯.৫০	৯.৫ (১০০)
বারি এসপি রিপার	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি গম/ধান থ্রেসার	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি উইনোয়ার	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি ইউএসজি এপিগ্নকেটর	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি পটেটো গ্রেডার	১০	১০ (৩০/০৬/১১)	-
বারি পাওয়ার মেইজ সেলার	১০	১০ (৩০/০৬/১১)	-
পাওয়ার টিলার	২৫	২৫ (৩০/০৫/১১)	-
বারি হাইব্রিড ড্রায়ার	১০	১০ (৩০/০৬/১১)	-
পিটি ট্রলি	০৫	০৫ (৩০/০৬/১১)	-
বারি কমপোস্ট সেপারেটর	০৫	০৫ (৩০/০৬/১১)	-
কম্বাইন হারভেস্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
হারভেস্টার (বাইন্ডার)	০১	০১ (২৮/০৬/১২)	-
মিনি কম্বাইন হারভেস্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
ফ্লাট বেড ড্রায়ার	০১	০১ (২৮/০৬/১২)	-
হিট পাম্প ড্রায়ার	০১	০১ (২৮/০৬/১২)	-
রাইস ট্রান্সপগ্নান্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
ভেজিটেবল ট্রান্সপগ্নান্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
ট্রাক্টর (৪৫ অশ্ব শক্তি)	০১	০১ (২৮/০৬/১২)	-
ল্যাব ইকুইপমেন্ট			
মাল্টিমিডিয়া প্রজেক্টর	১	১ (৩০/০৬/১১)	-
ডিজিটাল থার্মোমিটার	১	১ (১১/০৪/১২)	-
ডিজিটাল ডায়নামো মিটার	২	২ (১১/০৪/১২)	-
ডিজিটাল গ্রেইন ময়েশ্চার মিটার	১	১ (৩০/০৬/১১)	-

খরচের খাত/উপ-খাত	পরিমাণ	ক্রয়ের সময় (তারিখ)	মন্তব্য
ডিজিটাল সয়েল ময়েশ্চার মিটার	২	২ (৩০/০৬/১১)	-
ডিজিটাল ফ্লো মিটার	৫	৫ (৩০/০৬/১১)	-
ফ্রিজ	২	২ (৩০/০৬/১১)	-
ডিজিটাল ক্যামেরা	৫	৫ (৩০/০৬/১১)	-
ভ্যাকুয়াম ক্লিনার	১	১ (৩০/০৬/১১)	-
আইপিএস	১	১ (৩০/০৬/১১)	-
ল্যাব ওভেন	২	২ (৩০/০৬/১১)	-
গ্যাস এনালাইজার	১	১ (১১/০৪/১২)	-
অ্যালুমিনিয়াম সিলিং মেশিন	১	৭ (১০.১১.১০)	-
ডিজিটাল কোন পেনোট্রোমিটার	১	১ (১১/০৪/১২)	-
আসবাবপত্র ও অন্যান্য			
কম্পিউটার সরঞ্জাম	৮	৮ (৩০/০৬/১১)	-
লেজার প্রিন্টার	৬	৬ (৩০/০৬/১১)	-
স্ক্যানার	১	১ (৩০/০৬/১১)	-
অফিস সরঞ্জাম			
ফটোকপিয়ার	২	২ (৩০/০৬/১১)	-
আসবাবপত্র ও অন্যান্য			
আসবাবপত্র (অফিস, কম্পিউটার ও ল্যাব)	থোক	থোক (৩০/১২/১২)	-
খরচের খাত/উপ-খাত	**পরিমাণ**	**ক্রয়ের সময় (তারিখ)**	**মন্তব্য**
যানবাহন			
পিকআপ	১	১(২৮.১২.১১)	-
ট্রাক	১	১(৩০.০৬.১১)	-
মটর সাইকেল	৭	৭(৩০.০৬.১১)	-
বাই সাইকেল	১২	১২(৩০.০৬.১১)	-
নির্মান ও পূর্ত			
ল্যাবরেটরী-কাম মেশিন প্রদর্শনী ও টেষ্টিং ল্যাব	১২০০ বর্গ মি.	১২০০ বর্গ মি. (২৪.১১.২০১২)	-
ভূমি উন্নয়ন	১.০ হে:	১.০ হে: (১৪.০৬.২০১১)	-
বাউন্ডারি ওয়াল ও থ্রেসিং ফ্লোর	১০০০ মি., ১০০ বর্গ মি.	১০০০ মি., ১০০ বর্গ মি. (০৮.০৭.২০১১)	-
মেশিন রাখার গুদাম	৫ টি	৫ (১৫.০৬.২০১১)	-
সম্পদ সংগ্রহ ক্রয় এবং অন্যান্য			
বারি হাই স্পিড টিলার	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি ইনক্লাইন্ড পেল্লট সিডার	২০	২০(৩০/০৬/১১)	-
বারি বেড ফর্মার-কাম-সিডার	১০	১০ (৩০/০৬/১১)	-
বারি ড্রাই ল্যান্ড উইডার	১০০	১০০ (৩০/০৬/১১)	-
বারি এসপি রিপার	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি গম/ধান থ্রেসার	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি উইনোয়ার	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি ইউএসজি এপিয়্লকেটর	২০	২০ (৩০/০৬/১১)	-
বারি পটেটো গ্রেডার	১০	১০ (৩০/০৬/১১)	-
বারি পাওয়ার মেইজ সেলার	১০	১০ (৩০/০৬/১১)	-

খরচের খাত/উপ-খাত	পরিমাণ	ক্রয়ের সময় (তারিখ)	মন্তব্য
পাওয়ার টিলার	২৫	২৫ (৩০/০৫/১১)	-
বারি হাইব্রিড ড্রায়ার	১০	১০ (৩০/০৬/১১)	-
পিটি ট্রলি	০৫	০৫ (৩০/০৬/১১)	-
বারি কমপোস্ট সেপারেটর	০৫	০৫ (৩০/০৬/১১)	-
কম্বাইন হারভেস্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
হারভেস্টার (বাইন্ডার)	০১	০১ (২৮/০৬/১২)	-
মিনি কম্বাইন হারভেস্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
ফ্লাট বেড ড্রায়ার	০১	০১ (২৮/০৬/১২)	-
হিট পাম্প ড্রায়ার	০১	০১ (২৮/০৬/১২)	-
রাইস ট্রান্সপ্লান্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
ভেজিটেবল ট্রান্সপ্লান্টার	০১	০১ (২৮/০৬/১২)	-
ট্রাক্টর (৪৫ অশ্ব শক্তি)	০১	০১ (২৮/০৬/১২)	-
ল্যাব ইকুইপমেন্ট			
মাল্টিমিডিয়া প্রজেক্টর	১	১ (৩০/০৬/১১)	-
ডিজিটাল থার্মোমিটার	১	১ (১১/০৪/১২)	-
ডিজিটাল ডায়নামো মিটার	২	২ (১১/০৪/১২)	-
ডিজিটাল গ্রেইন ময়েশ্চার মিটার	১	১ (৩০/০৬/১১)	-
ডিজিটাল সয়েল ময়েশ্চার মিটার	২	২ (৩০/০৬/১১)	-
ডিজিটাল ফ্লো মিটার	৫	৫ (৩০/০৬/১১)	-
ফ্রিজ	২	২ (৩০/০৬/১১)	-
ডিজিটাল ক্যামেরা	৫	৫ (৩০/০৬/১১)	-
ভ্যাকুয়াম ক্লিনার	১	১ (৩০/০৬/১১)	-
আইপিএস	১	১ (৩০/০৬/১১)	-
ল্যাব ওভেন	২	২ (৩০/০৬/১১)	-
গ্যাস এনালাইজার	১	১ (১১/০৪/১২)	-
অ্যালুমিনিয়াম সিলিং মেশিন	১	৭ (১০.১১.১০)	-
ডিজিটাল কোন পেনোট্রোমিটার	১	১ (১১/০৪/১২)	-
আসবাবপত্র ও অন্যান্য			
কম্পিউটার সরঞ্জাম	৮	৮ (৩০/০৬/১১)	-
লেজার প্রিন্টার	৬	৬ (৩০/০৬/১১)	-
স্ক্যানার	১	১ (৩০/০৬/১১)	-
অফিস সরঞ্জাম			
ফটোকপিয়ার	২	২ (৩০/০৬/১১)	-
আসবাবপত্র ও অন্যান্য			
আসবাবপত্র (অফিস, কম্পিউটার ও ল্যাব)	থোক	থোক (৩০/১২/১২)	-

কৃষি যন্ত্রপাতি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্প (ব্রি অঙ্গ) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন।

(সমাপ্ত: জুন, ২০১৫)

১। **প্রকল্পের নাম** : কৃষি যন্ত্রপাতি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্প

২। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) (লীড এজেন্সী)
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়**: কৃষি মন্ত্রণালয়

৪। **প্রকল্প এলাকা** :

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	গাজীপুর	শ্রীপুর, কাপাসিয়া
	ফরিদপুর	আলফাডাঙ্গা, নগরকান্দা
	মাদারীপুর	মাদারীপুর সদর, শিবচর
রংপুর	গাইবান্ধা	গোবিন্দগঞ্জ, সাদুল্যাপুর
রাজশাহী	নাটোর	নাটোর সদর, সিংড়া
	রাজশাহী	মোহনপুর, তানোর
	চাঁপাইনবাবগঞ্জ	গোমস্তাপুর, নাচোল
	জয়পুরহাট	জয়পুরহাট সদর, পাঁচবিবি
খুলনা	কুষ্টিয়া	মিরপুর, কুমারখালী
	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর, আলমডাঙ্গা
চট্টগ্রাম	চাঁদপুর	চাঁদপুর সদর, হাজিগঞ্জ
	নোয়াখালী	সোনাইমুড়ী, বেগমগঞ্জ
মোট: বিভাগ-৫টি	জেলা-১২টি	উপজেলা-২৪টি

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪১১.৭৩	১৭০৮.৯৫	১৬৯৩.২৩	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১3	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৫	২৮১.১৫ (১৯.৯২%)	০২ বৎসর (৬৬%)

৬। প্রকল্পের অর্থায়ন:

সর্বমোট ১৭০৮.৯৫ লক্ষ টাকা (জিওবি) ব্যয়ে প্রকল্পটি ০১ জুলাই ২০১০ - ৩০ জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়িত হয়।

৭। কাজের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন:

কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এবং মাঠ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR), সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায়, ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৯। **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য:**

৯.১। **পটভূমি:**

জনসংখ্যা বৃদ্ধি ও কৃষি জমি হ্রাস পরস্পর সম্পর্কিত। প্রতি বছর বাংলাদেশের জনসংখ্যার সাথে যোগ হচ্ছে ২০ লক্ষ মানুষ। কিন্তু প্রতি বছর কৃষি জমি কমছে প্রায় ৮০ হাজার হেক্টর। এই ধারা অব্যাহত থাকলে ২০২০ সালে আমাদের জনসংখ্যা হবে ১৭ কোটি এবং কৃষি জমির পরিমাণ ৮৩ লক্ষ হেক্টর থেকে ১২ লক্ষ হেক্টর কমে দাঁড়াবে ৭১ লক্ষ হেক্টর (সূত্রঃ ইউএনডিপি ২০০৩)। এ অতিরিক্ত জনসংখ্যার খাদ্য চাহিদা হ্রাসকৃত জমি থেকে পূরণ করতে হলে আমাদের উৎপাদনশীলতা ও ফসলের নিবিড়তা বাড়াতে হবে। সময়মত জমি তৈরি, বীজ বপন/চারা রোপন, আগাছা দমন, সার ও সেচ প্রয়োগসহ ফসল কাটা, মাড়াই, ঝাড়াই প্রভৃতি কাজে ব্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রের ব্যবহারের মাধ্যমে একদিকে যেমন জমির এবং শ্রমিকের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে, অপরদিকে তেমনি শস্য সংগ্রহোত্তর অপচয় হ্রাস পাবে। উদাহরণস্বরূপ বলা যায়, আমাদের দেশে উত্তরাঞ্চলে প্রচুর গমের আবাদ হয় কিন্তু গড় ফলন কম (২.৪ টন/হেক্টর)। এর প্রধান কারণ হচ্ছে দেরিতে বীজ বপন। শ্রমিকের স্বল্পতার কারণে ধান পাকার পরও কৃষককে বেশ কিছু দিন অপেক্ষা করতে হয়।

দেরি করে ফসল কাটলে অনেক ফসল মাঠেই ঝরে পড়ে। এ অবস্থায় ব্রি উদ্ভাবিত ধান-গম কর্তন যন্ত্র ব্যবহার করে আরও ১৫-২০ দিন পূর্বে ধান কাটার পর একই জমিতে গম, ভুট্টা, আলু ও অন্যান্য রবি ফসল সময়মত বপন করা যায়। এতে গম ও অন্যান্য রবি ফসলের ফলন বৃদ্ধি পাবে। আবার গম/ধান পুরোনো পদ্ধতিতে মাড়াই করলে ৭-১০% গম খড়ের সাথে থেকে যায়। ব্রি উদ্ভাবিত ধান-গম মাড়াই যন্ত্র ব্যবহার করে এ অপচয় ১-২% এ কমানো সম্ভব।

সাম্প্রতিক সময়ে শ্রমিকের স্বল্পতা, মজুরি বৃদ্ধি এবং শিক্ষার হার বৃদ্ধির কারণে যন্ত্রের প্রতি কৃষকদের আগ্রহ বৃদ্ধি পেয়েছে। বর্তমানে আমাদের দেশের ৭০% জমি যান্ত্রিক কর্ষণের আওতায় এসেছে। যন্ত্রের প্রতি আগ্রহের পাশাপাশি তারা কিছুটা অভিজ্ঞতা সঞ্চয় করেছে। ব্রি ধান চাষের জন্য বিভিন্ন প্রকার লাঙ্গল, বীজ বপন যন্ত্র, নিড়ানি, শস্য কর্তন যন্ত্র, শস্য মাড়াই ও ঝাড়াই যন্ত্র প্রভৃতি উদ্ভাবন করেছে এবং এ যন্ত্রগুলোর উপযুক্ততাও প্রমাণিত হয়েছে। সরকারি পৃষ্ঠপোষকতার মাধ্যমে এসব যন্ত্রপাতি কৃষকের মাঠে প্রদর্শন এবং এসব যন্ত্রের ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও তৈরি বিষয়ে কৃষক, চালক ও প্রস্তুতকারকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা দিলে একদিকে যেমন ফলনের স্থবিরতা কাটবে অপর দিকে তেমনি দেশের উৎপাদন বৃদ্ধি পাবে। এতে কৃষি কাজে মানুষের আগ্রহ বৃদ্ধি পাবে এবং নতুন নতুন উদ্যোক্তাদের মাধ্যমে কৃষির আধুনিকায়ন সম্ভব হবে। জমি কর্ষণ থেকে শুরু করে শস্য সংরক্ষণ পর্যন্ত ব্রি উদ্ভাবিত বিভিন্ন কৃষি যন্ত্রপাতি কৃষকের মাঠে প্রদর্শনীর মাধ্যমে যন্ত্রের কার্যকারিতা সম্পর্কে ব্যবহারিক জ্ঞান প্রদান করা হবে। সাথে সাথে এসব যন্ত্র ক্রয় এবং ব্যবহারের জন্য কৃষককে উদ্বুদ্ধ করা হবে। এসব যন্ত্র সমগ্র দেশে সহজলভ্য করার জন্য কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারকদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কারিগরি সহায়তার উদ্যোগ গ্রহণ করা হবে। এভাবে চাষাবাদের সকল কাজে কৃষি যন্ত্রের ব্যবহার নিশ্চিত করতে পারলে দেশের কৃষি ভিত্তিক অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন সাধিত হবে।

শস্য নিবিড়তা এবং কার্যক্রম বিবেচনা করে সমগ্র বাংলাদেশ থেকে নির্বাচিত ১২টি জেলা থেকে ২৪টি উপজেলা নির্বাচন করা হয়েছে। জরিপের মাধ্যমে এসব উপজেলাগুলোর জন্য উপযুক্ত কৃষি যন্ত্রপাতি নির্বাচন এবং এগুলোর সম্ভাব্য চাহিদা নিরূপণ করা হবে। প্রতিটি উপজেলাতে মৌসুম অনুযায়ী নির্বাচিত কৃষি যন্ত্রপাতির প্রদর্শনী করা হবে। যন্ত্রের উপকারিতা এবং প্রয়োজনীয়তা

অনুধাবনের জন্য মৌসুম অনুযায়ী এক সেট করে যন্ত্রপাতি এসব উপজেলার কৃষকদের ব্যবহারের জন্য সরবরাহ করা হবে। যন্ত্র কিনতে আগ্রহী কৃষকদেরকে এসব যন্ত্র প্রকল্পের মাধ্যমে মোট মূল্যের ৬০% হ্রাসকৃত মূল্যে বিক্রয় করা হবে।

প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রতি দুই জেলায় একটি প্রকল্প অফিস স্থাপন করা হবে। এভাবে মোট ৬টি অফিসের মাধ্যমে ১২টি জেলার ২৪টি উপজেলায় প্রকল্প বাস্তবায়ন করা হবে। প্রতিটি অফিসে একজন কৃষি প্রকৌশলী এবং দুইজন মেকানিক থাকবে। এছাড়া প্রকল্প পরিচালনার জন্য ব্রি'র ফার্ম মেশিনারী বিভাগের বিজ্ঞানীগণ প্রকল্প পরিচালক/উপ-পরিচালকের তত্ত্বধানে প্রকল্পের সার্বিক কার্যক্রম তদারকি করবেন। নিয়োগকৃত জনবল ছাড়াও প্রয়োজনে বিভাগের জনবল ব্যবহার করা হবে। প্রকল্পের নিয়োগকৃত সকল কর্মকর্তা, মেকানিকদেরকে এসব যন্ত্রপাতি পরিচালনা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতি জেলায় নূন্যতম ১ টি কৃষি যন্ত্রপাতি তৈরীর কারখানা নির্বাচন এবং তাদেরকে এসব যন্ত্রপাতি তৈরির বিষয়ে প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান করা হবে। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য ডিএই সার্বিক সহযোগিতা করবে।

প্রকল্প এলাকায় মাঠ প্রদর্শনী, প্রশিক্ষণ ও কারিগরি সহায়তার মাধ্যমে ব্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির ব্যবহার ও উপযোগিতা সম্পর্কে কৃষকদের সচেতনতা বৃদ্ধি ও আগ্রহ সৃষ্টি করা হবে। ব্রি উদ্ভাবিত কৃষি যন্ত্র জনপ্রিয় করার লক্ষ্যে ভতুর্কির মাধ্যমে কৃষকদের মাঝে বিক্রয় করার পাশাপাশি স্থানীয় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারকদেরকে কারিগরি সহায়তার মাধ্যমে মানসম্মত কৃষি যন্ত্রপাতি তৈরি করা হবে। কৃষক, মেকানিক ও সম্প্রসারণ কর্মীদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কৃষি যন্ত্রপাতির ব্যবহার ও কারিগরি সুবিধা বিষয়ে দক্ষতা বৃদ্ধি এবং কৃষি যন্ত্রপাতি মেলা ও বিভিন্ন প্রকাশনার মাধ্যমে কৃষি যন্ত্রপাতি সম্পর্কিত তথ্য প্রচার করা হবে। সবচেয়ে জনপ্রিয় গণমাধ্যম হচ্ছে টেলিভিশন। কৃষি যন্ত্রগুলোর ব্যবহার ও এগুলোর উপযুক্ততা এবং প্রয়োজনীয়তা টেলিভিশনের মাধ্যমে প্রচার করা হবে।

৯.২। প্রকল্পের উদ্দেশ্য:

- মাঠ প্রর্দশনী এবং প্রশিক্ষণের মাধ্যমে ব্রি উদ্ভাবিত বিভিন্ন কৃষি যন্ত্রপাতি ব্যবহারের প্রয়োজনীতা ও সুফল সম্পর্কে কৃষকদের অবহিত করণ ও সচেতনতা বৃদ্ধি করা;
- ব্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি পরিচালনা, মেরামত, রক্ষনাবেক্ষণ ও তৈরির কলাকৌশল বিষয়ে কৃষক, চালক, কৃষি সম্প্রসারণ কর্মী, প্রস্তুতকারক, ব্যবসায়ী ও ব্যবহারকারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়ানো;
- সঠিক সময়ে চাষাবাদ নিশ্চিত করা, উৎপাদন খরচ ও সংগ্রহোত্তর অপচয় হ্রাস করা সম্পর্কে কৃষকদের উৎসাহিত করা; এবং
- কৃষি যন্ত্রপাতি, ফসল কর্তনোত্তর প্রযুক্তি এবং নবায়নযোগ্য শক্তি বিষয়ক গবেষণা জোরদার করা।

১০। প্রকল্পটির অনুমোদন ও সংশোধন:

কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (লীড এজেন্সী), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ''কৃষি যন্ত্রপাতি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)'' প্রকল্পটি মোট ৩১৯৩.৬০ লক্ষ টাকা ব্যয়ে (জিওবি) জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ১২/১০/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের বিদ্যমান জনবল দিয়ে কৃষি প্রযুক্তির সফল সম্প্রসারণ, স্থানীয় (ব্রি-বারি উদ্ভাবিত) কৃষি যন্ত্র জনপ্রিয় করার লক্ষ্যে মাঠ প্রদর্শনী ও কৃষক প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের কৃষি যন্ত্র ব্যবহারে আগ্রহী করে তোলা, ৬০% ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্র কৃষকের মাঝে বিতরণ ও গবেষণা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধি করা হয়। সংশোধিত প্রকল্পটি ৩৯৭৬.৬৯ লক্ষ টাকা (ব্রি অঙ্গ) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ থেকে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৮/০৬/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

১১। সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়:

ব্রি অংগ: (লক্ষ টাকায়)

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ		টাকা অবমুক্তি	ব্যয়	
	মোট	টাকা		মোট	টাকা
২০১০-২০১১	২০০.০০	২০০.০০	২০০.০০	১৯২.০৪	১৯২.০৪
২০১১-২০১২	৩৬৫.০০	৩৬৫.০০	৩৬৫.০০	৩৬৫.০০	৩৬৫.০০
২০১২-২০১৩	৪৩৯.০০	৪৩৯.০০	৪৩৯.০০	৪৩৫.১৮	৪৩৫.১৮
২০১৩-২০১৪	৩৭৭.০০	৩৭৭.০০	৩৭৭.০০	৩৭৫.৭৬	৩৭৫.৭৬
২০১৪-২০১৫	৩২৯.০০	৩২৯.০০	৩২৯.০০	৩২৫.২৫	৩২৫.২৫
সর্বমোট	**১৭১০.০০**	**১৭১০.০০**	**১৭১০.০০**	**১৬৯৩.২৩**	**১৬৯৩.২৩**

১২। **প্রকল্প মূল্যায়ন পদ্ধতি:**

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- উন্নয়ন প্রকল্প (ডিপিপি)/ সংশোধিত ডিপিপি ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি/পিসিআর পর্যালোচনা;
- SC/PIC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- আন্তঃমন্ত্রণালয় মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা; এবং
- প্রাপ্ত তথ্যেও ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৩।প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	একই সঙ্গে একাধিক প্রকল্পের দায়িত্বে	তারিখ	
				যোগদান	বদলী
ড. মুহাম্মদ আব্দুর রহমান উপ-প্রকল্প পরিচালক (ব্রি কম্পোনেন্ট) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান এফএমপিএইচটি বিভাগ, ব্রি, গাজীপুর	হ্যাঁ	-	না	২৯-১১-২০১০	৩০-০৬-২০১৫ (প্রকল্পের শেষ মেয়াদ পর্যন্ত)

১৪।সাধারণ পর্যবেক্ষণ ও পরিদর্শন:

গত ১৯/০৯/২০১৫ খ্রি. তারিখে ব্রি প্রধান কার্যালয়সহ প্রকল্প এলাকা পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ব্রি'র প্রধান কার্যালয়সহ ৬টি প্রকল্প অফিস স্থাপন করা হয়। প্রতিটি অফিসে একজন করে বৈজ্ঞানিক কর্মকর্তা এবং ২জন করে মেকানিক প্রকল্পের আওতায় নিয়োগ দান করা হয়।

প্রকল্প পরিচালনার জন্য প্রকল্প পরিচালক হিসেবে বারি'র এফএমপিই বিভাগের সিনিয়র বিজ্ঞানী এবং ব্রি ও ডিএই থেকে ২জন কর্মকর্তা উপ-প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। নিয়োগকৃত জনবল ছাড়াও সংশ্লিষ্ট বিভাগের জনবল ব্যবহার করা হয়। প্রকল্পের বিস্তারিত আলোচনায় জানা যায় প্রকল্পের আওতায় ব্রি কর্তৃক ৫৩৮০টি কৃষিযন্ত্র ৬০% ভর্তূকিমূল্যে কৃষকদের মাঝে বিতরণ করা হয়। এছাড়াও প্রকল্পের আওতায় ব্রি কর্তৃক ১৫টি কৃষি যন্ত্র নতুনভাবে উদ্ভাবন করা সম্ভব হয়েছে এবং পাশাপাশি ৬টি কৃষিযন্ত্র আধুনিকায়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় ৬০ ভাগ ভর্তূকিমূল্যে বিতরণকৃত ব্রি কৃষি যন্ত্রপাতি, নতুন উদ্ভাবিত প্রযুক্তি ও কৃষিযন্ত্রসমূহ, উন্নয়নকৃত কৃষিযন্ত্রসমূহ, পূর্ত ও নির্মাণ কাজ, সংগৃহীত মাঠ যন্ত্রপাতি, সংগৃহীত ল্যাব যন্ত্রপাতি, মাঠ প্রদর্শনী এবং সম্পাদিত প্রশিক্ষণ এর ছবি ও প্রয়োজনীয় বর্ণনা পরিশিষ্ট 'খ'-তে সংযুক্ত করা হলো।

১5। প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কাজের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ:

প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কাজের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ পরিশিষ্ট 'গ'-তে সংযুক্ত করা হলো।

১৬। প্রকল্পের প্রভাব:

প্রকল্পের আওতায় সরবরাহকৃত আধুনিক কৃষি ও ওয়ার্কশপ যন্ত্রপাতি দ্বারা নতুন গবেষণা ওয়ার্কশপ অতীতের চেয়ে অধিক সমৃদ্ধ হয়েছে; যা দিয়ে যান্ত্রিক পদ্ধতিতে কৃষি উৎপাদনের বিভিন্ন পর্যায়ের কার্যক্রম সম্পন্ন করার জন্য গবেষণা পরিচালিত হচ্ছে। আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহারে উৎসাহিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে কৃষকদের প্রশিক্ষণ ও প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভর্তূকিমূল্যে ব্রি এবং বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি বিতরণের ফলে কৃষকের ফসলের উৎপাদন খরচ ও ফলনোত্তর অপচয় হ্রাস করা সম্ভব হয়েছে। প্রকল্পের আওতায় আধুনিক কৃষি যন্ত্রপাতি চালনা ও রক্ষণাবেক্ষণের জন্য একটি প্রশিক্ষিত জনবল তৈরি হয়েছে। সর্বোপরি প্রকল্পের আওতায় আধুনিক চাষাবাদ উপযোগী বেশকিছু নতুন যন্ত্র ও প্রযুক্তি উদ্ভাবন করা সম্ভব হয়েছে। আশা করা যায় নতুন উদ্ভাবিত এ সকল যন্ত্র ও প্রযুক্তি দেশের কৃষি যান্ত্রিকীকরণে ভূমিকা রাখবে।

১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

উদ্দেশ্য	অর্জন
মাঠ প্রর্দশনী এবং প্রশিক্ষণের মাধ্যমে ব্রি উদ্ভাবিত বিভিন্ন কৃষি যন্ত্রপাতি ব্যবহারের প্রয়োজনীতা ও সুফল সম্পর্কে কৃষকদের অবহিত করণ ও সচেতনতা বৃদ্ধি করা।	ডিপিপি অনুযায়ী ৬৬৪টি মাঠ প্রদর্শনী ও ২২১টি কৃষক প্রশিক্ষণের মধ্যে যথাক্রমে ৬৬৪টি (১০০%) ও ২২১টি (১০০%) সম্পন্ন হয়েছে।
ব্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি পরিচালনা, মেরামত, রক্ষনাবেক্ষণ ও তৈরির কলাকৌশল বিষয়ে কৃষক, চালক, কৃষি সম্প্রসারণ কর্মী, প্রস্তুতকারক, ব্যবসায়ী ও ব্যবহারকারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়ানো;	২২১টি (১০০%) কৃষক প্রশিক্ষণ, ২টি (১০০%) বৈজ্ঞানিক কর্মকর্তা প্রশিক্ষণ, ৪৪টি (১০০%) উপসহকারী কৃষি কর্মকর্তা প্রশিক্ষণ ও ৮টি (১০০%) কৃষিযন্ত্র প্রস্তুতকারক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।
সঠিক সময়ে চাষাবাদ নিশ্চিত করা, উৎপাদন খরচ ও সংহোত্তর অপচয় হ্রাস করা সম্পর্কে কৃষকদের উৎসাহিত করা	৬০% ভর্তূকির মাধ্যমে ৫৩৮০টি ব্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রসমূহ কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। যা বরাদ্দের ১০০ %।
কৃষি যন্ত্রপাতি, ফসল কর্তনোত্তর প্রযুক্তি এবং নবায়নযোগ্য শক্তি বিষয়ক গবেষণা জোরদার করা।	প্রকল্পের আওতায় ১৫টি নতুন প্রযুক্তি উদ্ভাবন ও ৬টি যন্ত্রের উন্নয়ন সম্পন্ন করা হয়েছে।

১৮। উদ্দেশ্য পুরোপরি অর্জিত না হলে তার কারণ:

প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৯। বাস্তবায়ন সমস্যা:

১৯.১ প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন, ল্যাব যন্ত্রপাতি সহ অন্যান্য সকল দ্রব্যাদি লেভেলিং করা প্রয়োজন। লেভেলিং করা না হলে ভবিষ্যতে অন্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত সামগ্রী একত্র হয়ে যাওয়ায় সমস্যার সৃষ্টি হবে;

১৯.২ কৃষকদের যে যন্ত্র বিতরণ করা হয়েছে তাদের মধ্যে কেউ কেউ ঠিকমতো যন্ত্রগুলো রক্ষণাবেক্ষণ করেন না, যন্ত্রপাতি ঢেকে না রাখার ফলে বৃষ্টিতে ভিজে যন্ত্রগুলোতে মরিচা পড়ে নষ্ট হয়ে যাচ্ছে যা কৃষকদের জন্য আর্থিক ক্ষতির কারণ হতে পারে বলে প্রতীয়মান হয়। এক্ষেত্রে সচেতনতা সৃষ্টি এবং প্রশিক্ষণের মাধ্যমে কিভাবে যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ করতে হবে তা কৃষকদের জানানোর অভাব প্রতীয়মান হয়;

১৯.৩ ব্রি দেশের বৃহত্তম ধান গবেষণা প্রতিষ্ঠান। আধুনিক ধানের জাত উদ্ভাবনের পাশাপাশি ধান চাষের আধুনিক কলাকৌশল বিষয়ক গবেষণায় এই প্রতিষ্ঠান উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। সরেজমিন পরিদর্শণকালে জানা যায় কৃষি যান্ত্রিকায়নের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন গবেষণা কার্যক্রমের একটি বড় অংশ প্রকল্প নির্ভর। প্রকল্প শেষ হয়ে গেলে

গবেষণা কাযক্রমের ব্যয় ব্রির নিজস্ব বাজেট থেকে সংস্থান করা প্রায় সম্ভব হয় না। সেই কারণে ধারাবাহিকভাবে প্রকল্প গ্রহণ করা উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু এটি কোন স্থায়ী সমাধান নয়। যেহেতু ব্রি মূলত একটি গবেষণা প্রতিষ্ঠান, সুতরাং এর আওতায় সকল গবেষণা কার্যক্রম রাজস্ব বাজেটের আওতায় পরিচালনা করার উদ্যোগ কৃষি মন্তণালয় গ্রহণ করতে পারে;

১৯.৪ প্রকল্প পরিচালকের দেওয়া তথ্য অনুসারে প্রকল্প বাস্তবায়ন শেষে অব্যয়িত টাকা সমর্পণ করা হয়েছে। তবে পিসিআরে এ সংক্রান্ত কোন তথ্য সংযোজন করা হয়নি;

১৯.৫ পিসিআর এ সন্নিবেশিত তথ্য ও প্রকল্প পরিচালকের নিকট হতে জানা যায় প্রকল্পের External Audit সম্পন্ন করার প্রক্রিয়া চলমান রয়েছে। বিভিন্ন বিষয়ে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জবাব দাখিল করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে; এবং

১৯.৬ প্রকল্পের আওতায় বিভিন্ন পর্যায়ে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তবে পরিদর্শনের সময় প্রকল্প চলাকালীন বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণকারীদের সম্পূর্ণ তালিকা পাওয়া যায়নি এবং প্রশিক্ষণার্থীদের কোন Database তৈরী করা হয়নি। কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রায় প্রকল্পেই প্রশিক্ষণ সঙ্ক্রান্ত Component থাকে। কিন্তু প্রশিক্ষনাণার্থীদের ছবি, নাম, পেশা, বয়স, জাতীয় পরিচয়পত্র, প্রশিক্ষণের ধরন ও মেয়াদ ইত্যাদি সংবলিত কোন Database না থাকার কারণে কোন ধরনের ব্যক্তি কোন বিষয়ে প্রশিক্ষণ পাচ্ছেন সেই তথ্য বিশ্লেষণের সুযোগ থাকে না। তাছাড়া একই ব্যক্তির প্রকল্প মেয়াদে একই বিষয়ে একাধিকবার প্রশিক্ষণের বিষয়টিও ঘটতে পারে।

২০। সুপারিশ:

২০.১ দেশীয় প্রযুক্তি নির্ভর কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও সম্প্রসারণ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে উন্নয়ন/অনুন্নয়ন বাজেটের আওতায় কৃষি মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারে;

২০.২ ব্রি উদ্ভাবিত দেশীয় প্রযুক্তি নির্ভর কৃষি যন্ত্রপাতিসমুহ মাঠ পর্যায়ে সম্প্রসারনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে প্রকল্প গ্রহন করা প্রয়োজন;

২০.৩ প্রকল্পের অব্যয়িত অর্থ যথাযথভাবে সমর্পণ করা হয়েছে কিনা তা কৃষি মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং আইএমিডিকে অবহিত করবে ;

২০.৪ প্রকল্পের External Audit দ্রুত শেষ করতে হবে;

২০.৫ প্রশিক্ষণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবার জন্য যে কোনো প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণার্থীদের মোবাইল নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বর সহ Database তৈরী করা আবশ্যক;

২০.৬ কৃষি মন্ত্রণালয়ের আওতায় যেসকল প্রশিক্ষণ প্রদান করা হয় সেগুলির সেন্ট্রাল ডাটাবেজ তৈরীর উদ্যোগ গ্রহণ করা য়েতে পারে;

২০.৭ প্রকল্পের আওতায়ভর্তূকিমূল্যে বিতরণকৃত কৃষি যন্ত্রপাতির সঠিক রক্ষণাবেক্ষণের জন্য স্ব স্ব এলাকার উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে সম্পৃক্ত করা যেতে পারে;

২০.৮ প্রকল্পের আওতায় উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতিগুলো আধুনিকায়ণের কাজ অব্যাহত রাখতে হবে; এবং

২০.৯ ব্রির গবেষণা কার্যক্রম নিরবচ্ছিন্ন করার জন্য রাজস্ব বাজেটে আর্থিক সংস্থান করা যেতে পারে।

২১. অনুচ্ছেদ ২০ এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং আগামী ০২ (দুই) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

পরিশিষ্ট 'ক'

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অঙ্গের নাম	পরিমাণ	ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলন			প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	আর্থিক মোট		বাস্তব %	আর্থিক মোট	
				জিওবি	ডিপিএ		জিওবি	(%)
ক	কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি	সংখ্যা	১৯ জন	১২৭.২৬		১৯ জন	১২৫.৪২	১২৫.৪২ (৯৯)
খ	**সরবরাহ ও সেবা**							
০১	ভ্রমণ ব্যয়	থোক	প্রয়োজন মত	৩০.৯৩		প্রয়োজন মত	৩০.৯৩	৩০.৯৩ (১০০)
০২	অতিরিক্ত কাজের ভাতা	থোক	প্রয়োজন মত	১.১৮		প্রয়োজন মত	১.১৮	১.১৮ (১০০)
০৩	অফিস ভাড়া	থোক	প্রয়োজন মত	৭.৭৩		প্রয়োজন মত	৭.৭৩	৭.৭৩ (১০০)
০৪	ডাক	থোক	প্রয়োজন মত	০.৮০		প্রয়োজন মত	০.৮০	০.৮০ (১০০)
০৫	রেজিস্ট্রেশন ফি	থোক	প্রয়োজন মত	৩.৪৪		প্রয়োজন মত	৩.৪৪	৩.৪৪ (১০০)
০৬	গ্যাস ও জ্বালানি	থোক	প্রয়োজন মত	২৬.৭৯		প্রয়োজন মত	২৬.৭৯	২৬.৭৯ (১০০)
০৭	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	প্রয়োজন মত	১৯.৫৬		প্রয়োজন মত	১৯.৫৬	১৯.৫৬ (১০০)
০৮	মুদ্রণ ও ভিডিও প্রকাশনা	থোক	প্রয়োজন মত	২০.৮৭		প্রয়োজন মত	২০.৮৭	২০.৮৭ (১০০)
০৯	স্টেশনারী	থোক	প্রয়োজন মত	১৬.৮৪		প্রয়োজন মত	১৬.৮৪	১৬.৮৪ (১০০)
১০	গবেষণা ব্যয়	থোক	প্রয়োজন মত	৬৪.৬১		প্রয়োজন মত	৬৪.৬১	৬৪.৬১ (১০০)
১১	স্ট্যাম্প	থোক	প্রয়োজন মত	১.১৮		প্রয়োজন মত	১.১৮	১.১৮ (১০০)
১২	বইপত্র ও সাময়িকী	থোক	প্রয়োজন মত	৮.০৫		প্রয়োজন মত	৮.০৫	৮.০৫ (১০০)
১৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	প্রয়োজন মত	১৮.৮৮		প্রয়োজন মত	১৮.৮৮	১৮.৮৮ (১০০)
১৪	প্রশিক্ষণ ও প্রদর্শণী ব্যয়	৮৮৫ টি	৮৮৫ টি	২০৩.০৭		৮৮৫ টি	২০৩.০৭	২০৩.০৭ (১০০)
১৫	সেমিনার ওয়ার্কসপ	থোক	প্রয়োজন মত	১৫.৪৪		প্রয়োজন মত	১৫.৪৪	১৫.৪৪ (১০০)
১৬	আপ্যায়ন ব্যয়	থোক	প্রয়োজন মত	১.৯৮		প্রয়োজন মত	১.৯৮	১.৯৮ (১০০)
১৭	ট্রান্সপোর্ট হায়ার	থোক	প্রয়োজন মত	১৮.০০		প্রয়োজন মত	১৮.০০	১৮.০০ (১০০)
১৮	শ্রমিক মজুরী	থোক	প্রয়োজন মত	৩৫.৪৩		প্রয়োজন মত	৩৫.৪৩	৩৫.৪৩ (১০০)
১৯	কাঁচামাল ও যন্ত্রাংশ	থোক	প্রয়োজন মত	১৩.৮০		প্রয়োজন মত	১৩.৮০	১৩.৮০ (১০০)

ক্রঃ নং	অঙ্গের নাম	পরিমাণ	ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলন			প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	আর্থিক মোট		বাস্তব %	আর্থিক মোট	
				জিওবি	ডিপিএ		জিওবি	(%)
২০	কনসালটেন্সী	থোক	প্রয়োজন মত	৩.৬৯		প্রয়োজন মত	৩.৬৯	৩.৬৯ (১০০)
২১	সম্মানি ভাতা/ফি/পারিশ্রমিক	থোক	প্রয়োজন মত	১২.৬৯		প্রয়োজন মত	১২.৬৯	১২.৬৯ (১০০)
২২	কম্পিউটার সামগ্রী	থোক	প্রয়োজন মত	১১.৫০		প্রয়োজন মত	১১.৫০	১১.৫০ (১০০)
২৩	অন্যান্য ব্যয়	থোক	প্রয়োজন মত	৬.০০		প্রয়োজন মত	৬.০০	৬.০০ (১০০)
মোট সরবরাহ ও সেবা (খ)				**৫৪২.৪৬**			**৫৪২.৪৬**	**৫৪২.৪৬ (১০০)**
গ) মেরামত ও সংরক্ষণ								
০১	মোটর যানবাহন মেরামত	থোক	প্রয়োজন মত	১৬.০০		প্রয়োজন মত	১৬.০০	১৬.০০ (১০০)
০২	আসবাবপত্র	থোক	প্রয়োজন মত	২.৭৭		প্রয়োজন মত	২.৭৭	২.৭৭ (১০০)
০৩	কম্পিটার ও অফিস সরঞ্জাম	থোক	প্রয়োজন মত	৬.২৫		প্রয়োজন মত	৬.২৫	৬.২৫ (১০০)
০৪	ল্যাব মেশিনারী ইক্যুইপমেন্ট	থোক	প্রয়োজন মত	৬.৭৩		প্রয়োজন মত	৬.৭৩	৬.৭৩ (১০০)
০৫	বিল্ডিং ও অন্যান্য	থোক	প্রয়োজন মত	৭.৭০		প্রয়োজন মত	৭.৭০	৭.৭০ (১০০)
মোট মেরামত ও সংরক্ষণ (গ)				**৩৯.৪৫**			**৩৯.৪৫**	**৩৯.৪৫ (১০০)**
মোট রাজস্ব ব্যয় (ক + খ + গ)				**৭০৯.১৭**			**৭০৭.৩৩**	**৭০৭.৩৩ (৯৯.৭৪)**
মূলধন ব্যয়								
ঘ) সম্পদ সংগ্রহ/ক্রয়								
০১	ট্রাক	১ টি	১ টি	১৬.৬৭		১ টি	১৬.৬৭	১৬.৬৭ (১০০)
০২	পিক-আপ	১ টি	১ টি	২৫.০০		১ টি	২৫.০০	২৫.০০ (১০০)
০৩	মোটর সাইকেল	৬ টি	৬ টি	৮.৪০		৬ টি	৮.৪০	৮.৪০ (১০০)
০৪	ইলেকট্রিক ইক্যুইপমেন্ট	থোক	প্রয়োজন মত	১.৯৫		প্রয়োজন মত	১.৯৫	১.৯৫ (১০০)
০৫	ত্রিপল	৪০ টি	৪০ টি	২.১০		৪০ টি	২.১০	২.১০ (১০০)
০৬	রাইস ট্রান্সপ্লান্টার (ওয়াকিংটাইপ)	৪ টি	৪ টি	২০.০০		৪ টি	২০.০০	২০.০০ (১০০)
০৭	রাইস ট্রান্সপ্লান্টার (রাইডিংটাইপ)	২ টি	২ টি	২৪.০০		২ টি	২৪.০০	২৪.০০ (১০০)
০৮	কম্বাইন হারভেস্টার	১ টি	১ টি	২৭.২৫		১ টি	২৭.২৫	২৭.২৫ (১০০)

ক্রঃ নং	অঙ্গের নাম	পরিমাণ	ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলন			প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	আর্থিক মোট		বাস্তব %	আর্থিক মোট	
				জিওবি	ডিপিএ		জিওবি	(%)
০৯	ফর্কলি্ফট	১ টি	১ টি	২০.০০		১ টি	২০.০০	২০.০০ (১০০)
১০	মিনি কম্বাইন হারভেস্টার	১ টি	১ টি	৬.০০		১ টি	৬.০০	৬.০০ (১০০)
১১	রিপার বাইন্ডার	১ টি	১ টি	৬.০০		১ টি	৬.০০	৬.০০ (১০০)
১২	পাওয়ার টিলার	২৫ টি	২৫ টি	২৫.০০		২৫ টি	২৫.০০	২৫.০০ (১০০)
১৩	ইমপোর্টেড রিপার	৫ টি	৫ টি	৮.০০		৫ টি	৮.০০	৮.০০ (১০০)
১৪	ব্রি উইডার	৪০০০ টি	৪০০০ টি	৩০.৮০		৪০০০ টি	৩০.৮০	৩০.৮০ (১০০)
১৫	ব্রি রিপার	৮০ টি	৮০ টি	২৬.৮০		৮০ টি	২৬.৮০	২৬.৮০ (১০০)
১৬	ব্রি ক্লোজড ড্রাম থ্রেসার	২৭৫ টি	২৭৫ টি	২২৪.০৫		২৭৫ টি	২২৪.০৫	২২৪.০৫ (১০০)
১৭	ব্রি ওপেনড্রাম থ্রেসার	৪৯০ টি	৪৯০ টি	১৩০.৮৬		৪৯০ টি	১৩০.৮৬	১৩০.৮৬ (১০০)
১৮	ব্রি উইনোয়ার	২৩৩ টি	২৩৩ টি	৫০.০০		২৩৩ টি	৫০.০০	৫০.০০ (১০০)
১৯	ব্রি দানাদার ইউরিয়া প্রয়োগ যন্ত্র	৩০০ টি	৩০০ টি	১৫.০০		৩০০ টি	১৫.০০	১৫.০০ (১০০)
২০	ল্যাব ইক্যুইপমেন্ট	৩৬ টি	৩৬ টি	৮৩.৪০		৩৬ টি	৭১.৪০	৭১.৪০(৮৬)
২১	কম্পিউটার ও অন্যান্য	২৯ টি	২৯ টি	১২.৪৮		২৯ টি	১২.৪৮	১২.৪৮ (১০০)
২২	অফিস সরঞ্জাম	১৫ টি	১৫ টি	৬.০৮		১৫ টি	৬.০৮	৬.০৮ (১০০)
২৩	আসবাবপত্র ও অন্যান্য	থোক	প্রয়োজন মত	১৩.৫৪		প্রয়োজন মত	১৩.৫৪	১৩.৫৪ (১০০)
মোট সম্পদ সংগ্রহ/ক্রয় (ঘ)				**৭৮৩.৩৮**			**৭৭১.৩৮**	**৭৭১.৩৮ (৯৮.৪৬)**
ঙ নির্মাণ								
০১	ল্যাব কাম-অফিসবিল্ডিং (২০০০ মি^{২})	১ টি	১ টি	১৫০.০০		১ টি	১৪৯.৯৯	১৪৯.৯৯ (৯৯.৯৯)
০২	মেশিন শেড (৬০০ মি^{২})	১০ টি	১০ টি	৬০.০০		১০ টি	৬০	৬০ (১০০)
মোট নির্মান (ঙ)				**২১০.০০**			**২০৯.৯৯**	**২০৯.৯৯ (৯৯.৯৯)**
চ) সম্পদ এবং সিডি ভ্যাট								

ক্রঃ নং	অঙ্গের নাম	পরিমাণ	ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলন			প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	আর্থিক মোট		বাস্তব %	আর্থিক মোট	
				জিওবি	ডিপিএ		জিওবি	(%)
০১	মানব সম্পদ উন্নয়ন (এমএস)	২ জন	২ জন	৬.৪০		২ জন	৪.৫৩	৪.৫৩ (৭১)
মোট সম্পদ ও সিডি ভ্যাট ব্যয়(চ)				**৬.৪০**			**৪.৫৩**	**৪.৫৩ (৭১)**
মোট মূলধন ব্যয় (ঘ + ঙ +চ)				**৯৯৯.৭৮**			**৯৮৫.৯০**	**৯৮৫.৯০ (৯৯)**
সর্বমোট (ক +খ + গ + ঘ + ঙ + চ)				**১৭০৮.৯৫**			**১৬৯৩.২৩**	**১৬৯৩.২৩ (৯৯)**

পরিশিষ্ট 'গ'

খরচের খাত/উপ-খাত	পরিমাণ	ক্রয়ের সময় (তারিখ)	মন্তব্য
যানবাহন			
পিকআপ	১	১ (২২.০৫.১১)	
ট্রাক	১	১ (০৩.০৫.১১)	
মটর সাইকেল	৬	৬ (০৪.০৫.১১)	
বাই সাইকেল	১০	১০ (২৮.০৬.১২)	
নির্মান ও পূর্ত			
ল্যব-কাম অফিস বিল্ডিং	১ (৬০০ মি^{২})	৬০০মি^{২} (১১.০৯.২০১৩)	
মেশিন শেড	১০ (২০০০মি^{২})	১(২৮.০৩.২০১২) ১(২৩.০৪.২০১২) ১(০৫.০৬.২০১২) ১(১২.০৬.২০১২) ১(২৫.০৬.২০১২) ১(২৬.০৬.২০১২) ৪(২৭.০৬.২০১২)	
সম্পদ সংগ্রহ ক্রয় এবং অন্যান্য			
ত্রিপল	৪০	২৬(২৮.০৬.১২) ১৪ (২৭.০৬.১৩)	
রাইস ট্রান্সপ্লান্টার (ওয়াকিং টাইপ)	৪	৪ (২৬.০৬.১১)	
রাইস ট্রান্সপ্লান্টার (রাইডিং টাইপ)	২	২ (২৬.০৬.১১)	
কম্বাইন হারভেস্টার (হেড ফিড টাইপ)	১	১ (২৯.০৬.১১)	
ফর্কলিফ্ট	১	১ (১৫.০৪.১৪)	
মিনি কম্বাইন হারভেস্টার	১	১ (১৫.০৪.১৪)	
রিপার বাইন্ডার	১	১ (১৫.০৪.১৪)	
পাওয়ার টিলার	২৫	২৫ (১৪.০৬.১১)	
ব্রি উইডার	৪০০০	২০০০ (২৮.০৬.১২) ১০০০ (২২.১২.১৩) ১০০০ (১৬.১১.১৪)	
ব্রি রিপার	৮০	২০ (১৮.০৩.১২) ৬০ (০৭.০৫.১২)	
সেল্ফ প্রোপেল্ড রিপার (আমদানীকৃত)	৫	৫ (১৫.০৪.১৪)	
ব্রি থ্রেসার (টিএইচ৭)	২৭৫	৩০ (২১.১০.১২) ৩০ (১৯.১১.১২) ৩০ (৩০.০৬.১৩) ১০০ (২২.১২.১৩) ৮০ (১৬.১১.১৪)	
ব্রি ওপেন ড্রাম থ্রেসার	৪৯০	৪০ (২৮.০৬.১২) ১০০ (১৪.১০.১২) ১০০ (২৮.১১.১২) ১৫০ (২২.১২.১৩) ১১০ (১৬.১১.১৪)	
ব্রি উইনোয়ার	২৩৩	১২৫ (২০.১১.১২) ৫০ (২২.১২.১৩) ৫৮ (১৬.১১.১৪)	
ব্রি প্রিল্ড ইউরিয়া এপ্লিকেটর	৩০০	১০০ (০৭.০১.১৫) ২০০ (০২.০৩.১৫)	

খরচের খাত/উপ-খাত	পরিমাণ	ক্রয়ের সময় (তারিখ)	মন্তব্য
ল্যাব ইকুইপমেন্ট			
ডিজিটাল থার্মোমিটার এন্ড থার্মোকাপল	১	১ (২৮.০৬.১২)	
প্রেসার গেজ মিটার	১	১(১৫.০৬.১১)	
ডিজিটার ভারনিয়ার স্কেল	১	১(১৫.০৬.১১)	
ফ্রিজ ১২ সিস্টি	১	১(১৯.০৯.১১)	
ডিজিটাল ম্যানোমিটার	১	১ (২৮.০৬.১২)	
ডিজিটার এয়ার ফ্লো মিটার	১	১(১২.১২.১১)	
কোন পেনেট্রোমিটার	১	১ (২৮.০৬.১২)	
ডিজিটাল স্ট্রেইন গেজ	১	১(১৫.০৬.১১)	
হাইগ্রোমিটার	১	১ (২৮.০৬.১২)	
সিড গ্রেডার	১	১ (২৮.০৬.১২)	
ল্যাব ওভেন	২	২ (২৮.০৬.১২)	
ডিজিটাল টেকোমিটার	৫	৫(১২.১২.১১)	
ডিজিটাল ময়েশ্চার মিটার	৫	৫(১২.১২.১১)	
ডাটা লগার (Com. Ver)	১	১ (২৮.০৬.১২)	
সোলার মিটার	২	২ (২৮.০৬.১২)	
স্কুইরাল টাইপ ডাটা লগার	২	২ (২৮.০৬.১২)	
বম্ব ক্যালোরিমিটার	১	১ (২৮.০৬.১২)	
বায়োগ্যাস এনালাইজার	১	১ (১৫.০৬.১৪)	
ময়েশ্চার মিটার	২	২ (১৫.০৬.১৪)	
কোন পেনেট্রোমিটার (ডিজিটাল)	১	১ (১৫.০৬.১৪)	
কোন পেনেট্রোমিটার (এনালগ)	১	১ (১৫.০৬.১৪)	
কোর স্যাম্পলার	১	১ (১৫.০৬.১৪)	
কম্পিউটার ও অন্যান্য			
কম্পিউটার (ডেস্কটপ)	১১	৬ (০৪.০৫.১১) ৫ (২৯.১২.১১)	
লেজার প্রিন্টার	৬	৬ (২৯.১২.১১)	
ইউপিএস	১১	১১ (২৯.১২.১১)	
স্ক্যানার	১	১ (২৯.১২.১১)	
কম্পিউটার সফ্টওয়ার	থোক	থোক(১১.১২.১১) থোক (১৫.১২.১১) থোক (২৪.০৯.১২) থোক (০৫.০৩.১৩) থোক (০৭.০৪.১৩) থোক (১০.০৪.১৩) থোক (০৩.০৫.১৩) থোক (১৩.০৫.১৩) থোক (০৭.০৬.১৩) থোক (২৪.০৬.১৩)	
অফিস ইকুইপমেন্ট			
ফটোকপিয়ার	১	১ (১৫.০৯.১১)	
মাল্টিমিডিয়া প্রজেক্টর	১	১ (১৫.০৯.১১)	
ফ্যাক্স	১	১ (১৫.০৯.১১)	
ভোল্টেজ স্ট্যাবুলাইজার	১২	১২ (২৭.০৬.১৩)	
আসবাবপত্র ও অন্যান্য			
আসবাবপত্র (অফিস, কম্পিউটার ও ল্যাব)	থোক	থোক (২৯.০৬.১১) থোক (২৮.০৬.১২)	

বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

১। **প্রকল্পের নাম** : বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : কৃষি মন্ত্রণালয়

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

৪। **প্রকল্পের অবস্থান** : ঢাকা বিভাগের ৫ টি জেলার ২৯ টি উপজেলায়

5। **প্রকল্পের ব্যয়** :

(লক্ষ টাকা)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (জিওবি)	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল অনুমোদিত (জিওবি)	১ম সংশোধিত (জিওবি)		মূল	১ম সংশোধিত সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৮৯৬৮.৭৭	৯৪৬২.৬৬	৯১০৫.72	জুলাই, ২০১১ হতে জুন ২০১৪	জুলাই, ২০১১ হতে জুন ২০১৫	জুলাই, ২০১১ হতে জুন ২০১৫	১৩৬.৯৫ (১.৫৩%)	১ বছর (৩৩%)

৬। **প্রকল্পের অর্থায়ন:** প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত।

৭। **অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**
কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এবং মাঠ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**
প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পরীক্ষা, সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় যে, ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ১২৭টি গভীর নলকূপের জন্য বিদ্যুৎ লাইন নির্মাণের সংস্থান থাকলেও পুনর্বাসিত ১৫টি গভীর নলকূপে পূর্বেই বিদ্যুৎ লাইন থাকায় ও নতুন স্থাপিত ২টি গভীর নলকূপের নিকটেই বিদ্যুৎ লাইন থাকায় (১৫+২) ১৭টি গভীর নলকূপের জন্য বিদ্যুৎ লাইন নিমার্ণের প্রয়োজন হয়নি। প্রকল্পের ডিপিপি'তে ১৫৫টি ভূ-গভর্স্থ সেচনালা (সিসি পাইপ) সম্প্রসারণ কাজের সংস্থান থাকলেও এফজিআর প্রকল্পের ১ম ও ২য় পর্যয়ে সিসি পাইপ দ্বারা নিমির্ত ভূ-গভর্স্থ সেচনালাগুলো বেশ কয়েক বছর ব্যবহারের ফলে বতর্মানে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। সে করণে কৃষকগ্রুপের অনাগ্রহের কারণে ১৬টি সিসি পাইপ দ্বারা নির্মিত ভূ-গভর্স্থ সেচনালা সম্প্রসারণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এছাড়া প্রকল্পের ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয়েছে।

৯। **৯.১. প্রকল্প গ্রহণের পটভূমি:**
কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে বিএডিসি কতৃর্ক বাস্তবায়নাধীন "বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন" প্রকল্পটি ঢাকা বিভাগের ৫টি জেলার ২৯টি উপজেলায় বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরিমিত সেচের পানি সরবরাহ, On-farm Water Management এবং স্থানীয় স্বল্পব্যয়ী প্রযুক্তি ব্যবহার করে সেচ অবকাঠামো নির্মাণের মাধ্যমে শস্য উৎপাদন বৃদ্ধি এবং প্রকল্প এলাকায় গ্রামীণ জনগণের আর্থসামাজিক অবস্থার উন্নয়নকল্পে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

১ম পর্যয়ে ফরিদপুর, গোপালগঞ্জ ও রাজবাড়ী জেলার ১৯ টি উপজেলায় এফজিআর সমন্বিত এলাকা উন্নয়ন প্রকল্প নামে একটি প্রকল্প জুলাই, ১৯৯৯ থেকে জুন, ২০০৬ মেয়াদে ৬৫.০০১৩ কোটি টাকা ব্যয়ে এবং ২য় পর্যয়ে উক্ত তিনটি

জেলায় এফজিআর সমন্বিত সেচ এলাকা উন্নয়ন প্রকল্প নামে একটি প্রকল্প জুলাই, ২০০৬ থেকে জুন, ২০০৯ মেয়াদে ২৩.১০১৪ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়িত হয়েছে। অনুমোদিত প্রকল্পটি উল্লিখিত দু'টি প্রকল্পের ধারাবাহিক প্রকল্প।

৯.২. প্রকল্পের উদ্দেশ্য :

(ক) গভীর নলকূপ স্থাপন (১১২টি + ১৫টি = ১২৭টি ২কিউসেক), ভূ-গভর্স্থ সেচনালা নিমার্ণ (১৮৭.০০ কি:মি:) ও খাল/বরোপিট পুন:খনন (৩০০.০০ কি:মি:) এবং অন্যান্য সেচ অবকাঠামো নিমার্ণের মাধ্যমে বছরে ১১৪৯৬.০০ হেক্টর আবাদযোগ্য জমিতে সেচ সুবিধা সম্প্রসারণ করে প্রতি বছর অতিরিক্ত প্রায় ২৭,৭৪০.০০ মে. টন খাদ্য শস্য উৎপাদন;

(খ) ১ম এবং ২য় পর্যায়ে প্রকল্পের আওতায় ইতোমধ্যে নির্মিত অবকাঠামো এবং গণকূসমূহ ব্যবহারের মাধ্যমে ১৩,৪৫৬.৮০ হেক্টর জমি সেচের আওতায় আনা। যার মাধ্যমে প্রতি বছর ৩৩,৬৬৪.৫০ মে. টন খাদ্য শস্য উৎপাদন;

(গ) প্রকল্পের আওতায় নিমির্তব্য সেচ অবকাঠামো এবং গনকূসমূহ স্থাপনের পর ২৪,৯৬১.৮০ (১১৪৯৬+১৩৪৫৬.৮০) হেক্টর জমিতে সেচ প্রদান ও প্রতি বছর ৬২,৪০৪.৫০ মে. টন খাদ্য শস্য উৎপাদন; এবং

(ঘ) আত্মকমর্সংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ২২২৫ জন কৃষক/বেকার যুবককে প্রশিক্ষণ প্রদান।

১০। **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

এ এলাকার আর্থ সামাজিক উন্নয়নের জন্য কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন কতৃর্ক বাস্তবায়িত **"বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)"** প্রকল্পটি গ্রহণ করা হয়। তিন বৎসর মেয়াদী (জুন ২০১১-জুলাই ২০১৪) প্রকল্পটি ০৫/০৪/২০১১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। ডিপিপি'র প্রস্তাব অনুযায়ী ২০১১ সালের জুলাই মাসে প্রকল্পটির বাস্তবায়ন কাজ শুরু হয়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী জুন/২০১৪ সালে প্রকল্পটির কাজ শেষ হওয়ার কথা থাকলেও ডিপিপি'র বরাদ্দ অনুযায়ী প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না পাওয়ায় নির্দ্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। পরবতীর্তে জুন/২০১৪ মাসের পরেও প্রকল্পটির বাস্তবায়ন কাজ অব্যাহত রাখা হয়। ২৪/০৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় প্রকল্পটির কার্যক্রম জুন/২০১৫ পর্যন্ত বৃদ্ধি করার জন্য সুপারিশ করা হয় এবং প্রকল্পটির ব্যয় ৮৯৬৮.৭৭ লক্ষ টাকা হতে ৯৪৬২.৬৬ লক্ষ টাকায় নির্ধারণ করা হয়। ০৪ মে ২০১৫ তারিখে ডিপিইসি সভায় প্রকল্প ব্যয় ও প্রকল্প মেয়াদ ঠিক রেখে প্রকল্পের আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় প্রস্তাব অনুমোদিত হয়।

১১। **সংশোধিত এডিপি বরাদ্দ ও ব্যয়:**

(লক্ষ টাকা)

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ		ব্যয়	
	মোট	টাকা	মোট	টাকা
২০১১-২০১২	২৪০০.০০	২৪০০.০০	২৩৬৪.০৬৮	২৩৬৪.০৬৮
২০১২-২০১৩	২৪০০.০০	২৪০০.০০	২৩৭২.০৫0	২৩৭২.০৫0
২০১৩-২০১৪	১৯৫০.০০	১৯৫০.০০	১৯৪২.৪৯৭৭	১৯৪২.৪৯৭৭
২০১৪-২০১৫	২৪২৮.০০	২৪২৮.০০	২৪২৭.১০৩	২৪২৭.১০৩
সর্বমোট	**৯১৭৮.০০**	**৯১৭৮.০০**	**৯১০৫.৭২**	**9105.72**

১২। **প্রকল্প পরিচালকের তথ্য:**

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	মেয়াদ কাল
১। মোঃ জয়নুল আবেদীন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)	পূর্ণকালীণ	০১-০৭-২০১১ হতে ২২-০১-২০১৪
২। মোঃ কামরুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)	পূর্ণকালীণ	২৩-০১-২০১৪ হতে ২৩-০৯-২০১৪
৩। পরিতোষ কুমার কুন্ডু, নিবার্হী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) (অ: দা:)	খন্ডকালীণ	২৪-০৯-২০১৪ হতে ৩০-০৬-২০১৫

১৩। **পরিদর্শনের বাস্তব অবস্থা:**

২১-১০-২০১৫ হতে ২৩-১০-২০১৫ তারিখ পর্যন্ত সময়ে প্রকল্প দপ্তরসহ প্রকল্প এলাকা পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্প মেয়াদে ১টি জীপ, ৪টি ডাবল কেবিন পিকআপ, ১১২টি সেট গভীর নলকূপ খনন মালামাল, ১২৭ সেট গভীর নলকূপের কমিশনিং মালামাল ও ১৮৭ সেট ভূ-গভর্স্থ সেচনালা নিমার্ণের মালামাল ক্রয় করা হয়। এছাড়া ৩টি অফিস বিল্ডিং/অতিথি ভবন নির্মাণ, ১৫৭০০০ মিটার ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণ, ৩০০ কি: মি: খাল পুন:খনন, ২৫০টি বড় ও ছোট আকারের হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ, ৩৪৭৫০ মিটার ভূ-গভর্স্থ সেচনালা সম্প্রসারণ, ১১২টি গভীর নলকূপ স্থাপন, ১১০টি গভীর নলকূপের বৈদ্যুতিক লাইন নির্মাণসহ ২২২৫ জন সেচযন্ত্রের মালিক/ম্যানেজার/কৃষক/ চালককে প্রশিক্ষণ প্রদান করা হয়। উল্লিখিত কার্যক্রমের মধ্যে বড় আকারের ৩টি হাইড্রোলিক স্ট্রাকচার, ৪টি খাল পুন:খনন ও ৫টি গভীর নলকূপ স্কীম সরজমিনে পরিদশর্ন করা হয়। প্রকল্পের আওতায় বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমের ছবি পরিশিষ্ট 'খ'-তে দেখানো হয়েছে।

১৪। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):**

প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কতৃর্ক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- প্রকল্পের অগ্রগতি মনিটরিং প্রতিবেদন পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পদির্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৫। **প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কাজের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ:**

প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কাজের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ পরিশিষ্ট 'গ'-তে সংযুক্ত করা হলো।

১৬। **পরিদর্শন পর্যবেক্ষণ:**

প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শণ ও মূল্যায়নের জন্য প্রকল্পভূক্ত রাজবাড়ী, ফরিদপুর ও গোপালগঞ্জ জেলায় বিভিন্ন স্থানে সফর করা হয়। পরিদর্শণ কালে প্রকল্প অফিস, গভীর নলকূপ সেচ স্কীম, ভূ-গভর্স্থ **(uPVC)** সেচনালা, খাল পুন:খনন, হাইড্রোলিক স্ট্রাকচারসহ প্রকল্পের আওতায় বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রম পরিদশর্ন করা হয়। নির্মিত রাজবাড়ী অফিস বিল্ডিং, ফরিদপুর সেচ ক্যাম্পাসে নির্মিত অতিথি ভবন ও কাশিয়ানী উপজেলায় নির্মিত অফিস বিল্ডিং প্রত্যক্ষ করা হয়। এছাড়াও বিভিন্ন স্কীম পরিদর্শণের সময় সংশ্লিষ্ট স্কীমের কৃষক, জনপ্রতিনিধি ও উপকারভোগীদের সাথে আলোচনা করে তথ্য সংগ্রহ করা হয়।

বিএডিসি ঢাকা বিভাগের ৫টি জেলার ২৯টি উপজেলায় / স্থানে [ফরিদপুর (ফরিদপুর, বোয়ালমারী, মধুখালী, আলফাডাঙ্গা, চরভদ্রাসন, সদরপুর, নগরকান্দা, সালথা, ভাংগা), মাদারীপুর (মাদারীপুর, রাজৈর, কালকিনি, শিবচর), শরীয়তপুর (শরীয়তপুর, নড়িয়া, জাজিরা, ডামুড্যা, ভেদরগঞ্জ, গোসাইরহাট), গোপালগঞ্জ (গোপালগঞ্জ, কাশিয়ানী, মুকসুদপুর, টুংগীপাড়া, কোটালীপাড়া) ও রাজবাড়ী (রাজবাড়ী, গোয়ালন্দ, পাংশা, বালিয়াকান্দি, কালুখালী)] এ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করেছে।

১৬.১ খাগড়াবাড়ীয়া গভীর নলকূপ স্কীম:

গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন ওড়াকান্দি ইউনিয়নের খাগড়াবাড়ীয়া গভীর নলকূপ স্কীমের ২০১৩-১৪ অর্থ বছরে সম্পাদনকৃত বাস্তবায়ন কাজ পরিদশর্ন করা হয়। এই স্কীমে গভীর নলকূপ স্থাপন, পাম্পঘর নির্মাণ, বৈদ্যুতিক সংযোগসহ ১০০০ মিটার ইউপিভিসি পাইপ দ্বারা ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণ করা হয়েছে। এ স্কীমে ১১৫ জন

চাষী ১২০ একর জমি সেচ সুবিধা পাচ্ছে বলে স্কীম ম্যানেজার জানান। আলাপকালে উপকারভোগী কৃষকগণ জানান যে, ইউপিভিসি পাইপ দ্বারা ব্যারিড পাইপ নির্মাণের ফলে পানি ও জমির অপচয় রোধসহ সেচ খরচ কমানো সম্ভব হয়েছে।

১৬.২ চরভাটপাড়া গভীর নলকূপ স্কীম:

গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন রাতৈল ইউনিয়নের চরভাটপাড়া গভীর নলকূপ স্কীমের ২০১২-১৩ অর্থ বছরে সম্পাদনকৃত বাস্তবায়ন কাজ পরিদর্শণ করা হয়। এই স্কীমে গভীর নলকূপ স্থাপন, পাম্পঘর নির্মাণ, বৈদ্যুতিক সংযোগসহ ১০০০ মিটার ইউপিভিসি পাইপ দ্বারা ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণ করা হয়েছে। তাছাড়াও এ স্কীমে ফিতা পাইপ ব্যবহার করে সেচ দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে। ফিতা পাইপ ব্যবহার করা হলে পানির অপচয় রোধ করে সেচের দক্ষতা বৃদ্ধি করা সম্ভব হবে। সুবিধাভোগী চাষীরা জানান যে, এ স্কীমে ১০০০ মিটার ইউপিভিসি ব্যারিড পাইপ এর মাধ্যমে ৯৫ একর জমিতে সেচ দেওয়া সম্ভব হচ্ছে। উপকারভোগী কৃষকগণ অরও জানান যে, ইউপিভিসি পাইপ দ্বারা ব্যারিড পাইপ নিমার্ণের ফলে পানি ও জমির অপচয় রোধসহ সেচ খরচ কমানো সম্ভব হয়েছে।

১৬.৩ সাতাশিয়া গভীর নলকূপ স্কীম:

ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলাধীন ভাঙ্গা পৌরসভার সাতাশিয়া গভীর নলকূপ স্কীমের ২০১৪-১৫ অর্থ বছরে সম্পাদনকৃত বাস্তবায়ন কাজ পরিদর্শণ করা হয়। এই স্কীমে গভীর নলকূপ স্থাপন, পাম্পঘর নিমার্ণ, বৈদ্যুতিক সংযোগসহ ১০০০ মিটার ইউপিভিসি পাইপ দ্বারা ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণ করা হয়েছে। সুবিধাভোগী চাষীরা জানান যে, এ স্কীমে ১০০০ মিটার ইউপিভিসি ব্যারিড পাইপ এর মাধ্যমে ১০৫ একর জমিতে সেচ দেওয়া সম্ভব হচ্ছে। উপকারভোগী কৃষকগণ আরও জানান যে, ইউপিভিসি পাইপ দ্বারা ব্যারিড পাইপ নির্মাণের ফলে পানি ও জমির অপচয় রোধসহ সেচ খরচ কমানো সম্ভব হয়েছে।

১৬.৪ ডাউকি গভীর নলকূপ স্কীম:

রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর উপজেলাধীন চন্দনী ইউনিয়নের ডাউকি গভীর নলকূপ স্কীমের ২০১১-১২ অর্থ বছরে সম্পাদনকৃত বাস্তবায়ন কাজ পরিদর্শণ করা হয়। এই স্কীমে গভীর নলকূপ স্থাপন, পাম্পঘর নির্মাণ, বৈদ্যুতিক সংযোগসহ ১০০০ মিটার ইউপিভিসি পাইপ দ্বারা ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণ করা হয়েছে। তাছাড়াও এ স্কীমে ফিতা পাইপ ব্যবহার করে সেচ দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে। ফিতা পাইপ ব্যবহার করা হলে পানির অপচয় রোধ করে সেচের দক্ষতা বৃদ্ধি করা সম্ভব হবে। সুবিধাভোগী চাষীরা জানান যে, এ স্কীমে ১০০০ মিটার ইউপিভিসি ব্যারিড পাইপ এর মাধ্যমে ৯৫ একর জমিতে সেচ দেওয়া সম্ভব হচ্ছে। উপকারভোগী কৃষকগণ আরও জানান যে, ইউপিভিসি পাইপ দ্বারা ব্যারিড পাইপ নির্মাণের ফলে পানি ও জমির অপচয় রোধসহ সেচ খরচ কমানো সম্ভব হয়েছে।

১৬.৫ রায়নগর গভীর নলকূপ স্কীম:

রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর উপজেলাধীন রামকান্তপুর ইউনিয়নের রায়নগর গভীর নলকূপ স্কীমের ২০১৪-১৫ অর্থ বছরে সম্পাদনকৃত বাস্তবায়ন কাজ পরিদশর্ন করা হয়। এই স্কীমে গভীর নলকূপ স্থাপন, পাম্পঘর নির্মাণ, বৈদ্যুতিক সংযোগসহ ১০০০ মিটার ইউপিভিসি পাইপ দ্বারা ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণ করা হয়েছে। তাছাড়াও এ স্কীমে ফিতা পাইপ ব্যবহার করে সেচ দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে। ফিতা পাইপ ব্যবহার করা হলে পানির অপচয় রোধ করে সেচের দক্ষতা বৃদ্ধি করা সম্ভব হবে। সুবিধাভোগী চাষীরা জানান যে, এ স্কীমে ১০০০ মিটার ইউপিভিসি ব্যারিড পাইপ এর মাধ্যমে ৯০ একর জমিতে সেচ দেওয়া সম্ভব হচ্ছে। উপকারভোগী কৃষকগণ আরও জানান যে, ইউপিভিসি পাইপ দ্বারা ব্যারিড পাইপ নিমার্ণের ফলে পানি ও জমির অপচয় রোধসহ সেচ খরচ কমানো সম্ভব হয়েছে।

১৬.৬ চরমাঠলা ৩ ভেন্ট হাইড্রোলিক ষ্ট্রাকচার:

গোপালগঞ্জ সদর উপজেলাধীন জালালাবাদ ইউনিয়নের চরমাঠলা মৌজায় ২০১৩-১৪ অর্থ বছরে প্রায় ৩০.০০ লক্ষ টাকা ব্যয়ে নিমির্ত চরমাঠলা হাইড্রোলিক স্ট্রাকচারটি একটি ৩ ভেন্টের স্লুইসগেট। এই হাইড্রোলিক স্ট্রাকচারটি নিমার্ণের ফলে জোয়ারের সময় লবণাক্ত পানি জমিতে প্রবেশ রোধ করে ফসল রক্ষা করবে। এছাড়াও বর্ষা মৌসুমে খালে বৃষ্টির পানি ধরে রেখে লো-লিফ্ট পাম্পের মাধ্যমে সেচ সুবিধা প্রদান করা যাবে। বৃষ্টির পানি খালে ধরে রাখা হলে ভূ-গভর্স্থ পানির স্তরকে রিচার্জের মাধ্যমে সমৃদ্ধ করবে। সৃষ্ট জলাধার বিভিন্ন প্রকার জলজ উদ্ভিদ ও জলজ জীবের জন্য আবাসস্থল হবে, যা প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় সহায়ক হবে।

১৬.৭ মহিষাখোলা ৩ ভেন্ট হাইড্রোলিক ষ্ট্রাকচার:

রাজবাড়ী সদর উপজেলাধীন পাঁচুড়িয়া ইউনিয়নের মহিষাখোলা মৌজায় ২০১৪-১৫ অর্থ বছরে প্রায় ৩৮.০০ লক্ষ টাকা ব্যয়ে হাইড্রোলিক স্ট্রাকচারটি নির্মিত হয়েছে। পরিদশর্নকালে স্থানীয় কৃষকদের সাথে আলাপে জানা যায় যে, এই হাইড্রোলিক স্ট্রাকচারটি নিমার্ণের ফলে বর্ষা মৌসুমে খালে বৃষ্টির পানি ধরে রেখে লো-লিফ্ট পাম্পের মাধ্যমে সেচ সুবিধা প্রদান করা যাবে। এছাড়াও বর্ষা মৌসুমে নদী থেকে আসা বন্যার পানির প্রবেশ রোধ করে ফসল রক্ষা করা যাবে। শুষ্ক মৌসুমে সেচ প্রদান করাসহ পাট পচানো সহজ হবে এবং খালে মাছের প্রাপ্যতা বৃদ্ধি পাবে। বৃষ্টির পানি খালে ধরে রাখা হলে ভূ-গভর্স্থ পানির স্তরকে রিচার্জের মাধ্যমে সমৃদ্ধ করবে। সৃষ্ট জলাধার বিভিন্ন প্রকার জলজ উদ্ভিদ ও জলজ জীবের জন্য আবাসস্থল হবে, যা প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় সহায়ক হবে।

১৬.৮ কৈজুরি ২ ভেন্ট হাইড্রোলিক ষ্ট্রাকচার:

ফরিদপুর সদর উপজেলাধীন কৈজুরি ইউনিয়নের তুলাগ্রাম মৌজায় ২০১৪-১৫ অর্থ বছরে প্রায় ২৯.০০ লক্ষ টাকা ব্যয়ে হাইড্রোলিক স্ট্রাকচারটি নিমির্ত হয়েছে। পরিদর্শণকালে স্থানীয় কৃষকদের সাথে কথা বলে জানা যায় যে, এই হাইড্রোলিক স্ট্রাকচারটি নিমার্ণের ফলে বর্ষা মৌসুমে খালে বৃষ্টির পানি ধরে রেখে লো-লিফ্ট পাম্পের মাধ্যমে সেচ সুবিধা প্রদান করা যাবে। এছাড়াও বর্ষা মৌসুমে নদী থেকে আসা বন্যার পানির প্রবেশ রোধ করে ফসল রক্ষা করা যাবে। শুষ্ক মৌসুমে সেচ প্রদান করাসহ পাট পচানো সহজ হবে এবং খালে মাছের প্রাপ্যতা বৃদ্ধি পাবে। বৃষ্টির পানি খালে ধরে রাখা হলে ভূ-গভর্স্থ পানির স্তরকে রিচার্জের মাধ্যমে সমৃদ্ধ করবে। সৃষ্ট জলাধার বিভিন্ন প্রকার জলজ উদ্ভিদ ও জলজ জীবের জন্য আবাসস্থল হবে, যা প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় সহায়ক হবে।

১৬.৯ শুকুরহাটা-ইছাপাশা খাল পুন:খনন:

ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন আলফাডাঙ্গা ইউনিয়নের শুকুরহাটা-ইছাপাশা খাল পুন:খনন কাজ পরিদর্শন করা হয়। খালের পাড়ে অবস্থিত সাইনবোর্ডে খননের তথ্য লিপিবদ্ধ রয়েছে। সাইনবোর্ডের তথ্য হতে জানা যায় যে, ৬০০০.০০ মিটার দৈর্ঘ্যের এই খালটি ২০১৪-১৫ অর্থ বছরে প্রায় ৩৮.০০ লক্ষ টাকা ব্যয়ে পুন:খনন করা হয়েছে। পরিদশর্নকালে স্থানীয় জনগণ সাথে কথা বলে জানা যায় যে, খালটি পুন:খনন করায় গভীরতা বৃদ্ধি পেয়েছে। ৬ কি: মি: দৈর্ঘ্যের এই খালের উভয় পাড়ে কৃষি জমি রয়েছে এবং প্রায় ৫০ টি এলএলপি দিয়ে প্রায় ২৫০ হেক্টর জমিতে সেচ দেওয়া সম্ভব হবে বলে স্থানীয় কৃষকগণ জানান। সম্পূরক সেচ প্রদান করে গম, ধান, পাট ও মুসুর ডাল উৎপাদন করা সম্ভব হবে এবং উৎপাদন খরচ অনেক সাশ্রয় হবে। শুষ্ক মৌসুমে সেচ প্রদান করাসহ পাট পচানো সহজ হবে এবং খালে মাছের প্রাপ্যতা বৃদ্ধি পাবে।

১৬.১০ জয়পাশা খাল পুন:খনন:

ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলাধীন পরমেশ্বরদি ইউনিয়নের জয়পাশা খাল পুন:খনন কাজ পরিদর্শণ করা হয়। খালের পাড়ে অবস্থিত সাইনবোর্ডে খননের তথ্য লিপিবদ্ধ রয়েছে। সাইনবোর্ডের তথ্য হতে জানা যায় যে, 232০.০০ মিটার দৈর্ঘ্যের এই খালটি ২০১৪-১৫ অর্থ বছরে প্রায় 18.০০ লক্ষ টাকা ব্যয়ে পুন:খনন করা হয়েছে।

পরিদর্শণকালে স্থানীয় জনগণ জানান যে, খালের উভয় পাড়ে কৃষি জমি রয়েছ এবং প্রায় ২০টি এলএলপি দিয়ে প্রায় ১০০ হেক্টর জমিতে সেচ দেওয়া সম্ভব হবে। খালটি পুন:খনন করায় মাছের প্রাপ্যতা বেড়ে যাওয়া ছাড়াও গম ও পাটের জমিতে প্রয়োজন অনুযায়ী সম্পূরক সেচ দেওয়া সম্ভব হবে। খালের পাড়ের ভূমিক্ষয় ও স্থায়ীত্বের জন্য গাছ লাগানো প্রয়োজন।

১৬.১১ ধুলজোড়া খাল পুন:খনন:

ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলাধীন পরমেশ্বরদি ইউনিয়নের ধুলজোড়া খাল পুন:খনন কাজ পরিদর্শণ করা হয়। খালের পাড়ে অবস্থিত সাইনবোর্ডে খননের তথ্য লিপিবদ্ধ রয়েছে। সাইনবোর্ডের তথ্য হতে জানা যায় যে, 2০০০.০০ মিটার দৈর্ঘ্যের এই খালটি ২০১৪-১৫ অর্থ বছরে প্রায় 1২.০০ লক্ষ টাকা ব্যয়ে পুন:খনন করা হয়েছে। পরিদশর্নকালে স্থানীয় জনগণের সাথে কথা বলে জানা যায় যে, খালটি পুন:খনন করায় গভীরতা বৃদ্ধি পেয়েছে। ২ কি: মি: দৈর্ঘ্যের এই খালের উভয় পাড়ে কৃষি জমি রয়েছে এবং প্রায় ২০ টি এলএলপি দিয়ে প্রায় ১০০ হেক্টর জমিতে সেচ দেওয়া সম্ভব হবে বলে স্থানীয় কৃষকগণ জানান। সম্পূরক সেচ প্রদান করে গম, ধান, পাট ও মুসুর ডাল উৎপাদন করা সম্ভব হবে এবং উৎপাদন খরচ অনেক সাশ্রয় হবে। খালে সংরক্ষিত পানিতে হাঁস পালন, মৎস্য চাষ ও পাট পচানো সম্ভব হবে।

১৬.১২ শকুনিরবিল খাল পুন:খনন:

ফরিদপুর সদর উপজেলাধীন কৈজুরী ইউনিয়নের শকুনিরবিল খাল পুন:খনন কাজ পরিদশর্ন করা হয়। খালের পাড়ে অবস্থিত সাইনবোর্ডে খননের তথ্য লিপিবদ্ধ রয়েছে। সাইনবোর্ডের তথ্য হতে জানা যায় যে, 2৫৬০.০০ মিটার দৈর্ঘ্যের এই খালটি ২০১৪-১৫ অর্থ বছরে প্রায় 1৩.০০ লক্ষ টাকা ব্যয়ে পুন:খনন করা হয়েছে। খালটি পুন:খনন করায় এর গভীরতা বৃদ্ধি পেয়েছে। ২.৫৬ কি: মি: দৈর্ঘ্যের এই খালের উভয় পাড়ে কৃষি জমি রয়েছে এবং প্রায় ২৫টি এলএলপি দিয়ে প্রায় ১২৫ হেক্টর জমিতে সেচ দেওয়া সম্ভব হবে বলে স্থানীয় কৃষকগণ জানান। সম্পূরক সেচ প্রদান করে গম, ধান, পাট ও মুসুর ডাল উৎপাদন করা সম্ভব হবে এবং উৎপাদন খরচ অনেক সাশ্রয় হবে। খালে সংরক্ষিত পানিতে হাঁস পালন, মৎস্য চাষ ও পাট পচানো সম্ভব হবে।

১৬.১৩ প্রকল্প কর্যক্রমের সাবির্ক প্রভাব:

- গভীর নলকূপে ইউপিভিসি পাইপ ও সিমেন্ট কংক্রিট (সিসি) পাইপ দ্বারা ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণের ফলে পানির অপচয় রোধ করা সম্ভব হয়েছে। এর ফলে সেচ এলাকা বৃদ্ধি পেয়েছে ও কৃষকের সেচ খরচ/উৎপাদন খরচ কমে এসেছে;
- ইউপিভিসি পাইপ দ্বারা ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণের ফলে প্রতি বছর সেচনালা তৈরীতে কৃষি জমি নষ্ট হয় না। এছাড়া সেচ এলাকায় কোন উঁচু জমি থাকলে সেখানে সেচ দেয়া সম্ভব হয়;
- খাল পুন:খনন ও হাইড্রোলিক স্ট্রাকচার নিমার্ণ করে সেচের জন্য পানি ধরে রেখে লো-লিফট পাম্পের মাধ্যমে সেচ সুবিধা দেয়া হচ্ছে। এতে ভূ-পরিস্থ (**Surface Water**) পানির ব্যবহার বৃদ্ধি পেয়েছ। খালের পানিতে পচানো পাটের গুণগতমান উন্নত হওয়া ছাড়াও মাছের প্রাপ্যতা বৃদ্ধিতে সহায়তা করছে;
- বৃষ্টি ও জোয়ারের পানি খননকৃত খালে ধরে রাখা হলে ভূ-গভর্স্থ পানির স্তরকে রিচারজের মাধ্যমে সমৃদ্ধ করবে। ফলশ্রুতিতে ভূ-গভর্স্থ পানির স্তর উপরে উঠে আসবে। সৃষ্ট জলাধার বিভিন্ন প্রকার জলজ উদ্ভিদ ও জলজ জীবের জন্য আবাসস্থল হবে। যা প্রকৃতিক ভারসাম্য রক্ষায় সহায়ক হবে এবং
- মাঠ পর্যায়ে পরিদর্শণ, উপকারভোগী চাষীদের মতামত এবং প্রাপ্ত বাস্তব তথ্যাদির ভিত্তিতে অত্র প্রকল্পের ফলপ্রসু বাস্তবায়ন লক্ষ্য করা গেছে, যা' দেশের তথা বৃহত্তর ফরিদপুর এলাকার সেচ সম্প্রসারণ, কৃষি উন্নয়ন ও খাদ্য নিরাপত্তা অর্জনে প্রত্যক্ষ ভূমিকা রাখছে বলে প্রতীয়মান হয়।

১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:	
অনুমোদিত	**অর্জিত**
ক) 112টি গভীর নলকূপ স্থাপন ও লাগসই পানি বিতরণ ব্যাবহারের মাধ্যমে প্রকল্প এলাকায় সেচ কাজে ভূ-গভর্স্থ পানির সুষ্ঠু ব্যবহার।	ক) 112টি গভীর নলকূপ স্থাপন ও ৩৪২টি ভূ-গভর্স্থ সেচনালা নির্মাণ করে প্রকল্প এলাকায় ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের নিমিত্ত সুষ্ঠু পানি বিতরণ ব্যবস্থা গড়ে তোলা হয়েছে এবং এই ব্যবস্থার মাধ্যমে প্রায় ১২৩১৮ একর জমিতে সেচ সুবিধা প্রদান করা হচ্ছে।
খ) ৩০০কি:মি: খাল/বরোপিট পুন:খনন ও ৫০টি হাইড্রোলিক স্ট্রাকচার এবং ২০০টি ফুট ব্রীজ/পাইপ কালভার্ট নির্মাণের মাধ্যমে বৃষ্টির পানি সংরক্ষণ এবং শুষ্ক মৌসুমে এই পানি মৎস্য চাষ, হাঁস পালন ও সম্পূরক সেচ কাজে ব্যবহার করা।	খ) প্রকল্প মেয়াদে ৩০০কি:মি: খাল/বরোপিট পুন:খনন ও ৫০টি হাইড্রোলিক স্ট্রাকচার এবং ২০০টি ফুট ব্রীজ/পাইপ কালভার্ট নির্মাণ করা হয়েছে। এই সমস্ত কাজের মাধ্যমে সৃষ্ট জলাধারে বৃষ্টির পানি ধরে রাখা হচ্ছে এবং এই পানি মৎস্য চাষ, হাঁস পালন ও পাট পচানো এবং শুষ্ক মোসুমে সেচ প্রদানের কাজে ব্যবহার করা হচ্ছে।
গ) ১২৭টি গভীর নলকূপের বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে গ্রাম এলাকা বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারণ এবং কুটির শিল্প ও কৃষি ভিত্তিক শিল্প স্থাপনের সহায়তা করণ।	গ) প্রকল্প মেয়াদে প্রকল্প এলাকায় স্থাপিত ১১০টি গভীর নলকূপের বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। ফলে এ সকল গ্রামীণ এলাকায় বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে এবং নির্মিত এসব বিদ্যুৎ লাইন থেকে সংযোগ গ্রহণের মাধ্যমে চাউল কল, আটা কল, করাত কল, পোল্ট্রি ফার্ম ইত্যাদি ধরণের শিল্প গড়ে উঠেছে।
ঘ) প্রকল্পের কমর্কর্তা/ কমর্চারীদের জন্য যানবাহন ক্রয়।	প্রকল্পের আওতায় ১টি জীপ, ৪টি ডাবল কেবিন পিকআপ ও ২১টি মটরসাইকেল ক্রয় করা হয়েছে। এসকল যানবাহন প্রকল্পের বিভিন্ন অঙ্গের কাজের তদারকী ও পরিদর্শণ কাজে ব্যবহৃত হচ্ছে।
ঙ) পাম্পঘর মেরামত এবং ইঞ্জিন/ পাম্প/ গিয়ারহেড মেরামত/ সরবরাহের মাধ্যমে ১৫টি গভীর নলকূপ পুনর্বাসন।	প্রকল্প মেয়াদে ১৫টি পুরাতন অচল নলকূপের পাম্পঘর মেরামত, প্রয়োজনানুসারে ইঞ্জিন/পাম্প/গিয়ারহেড মেরামত/নতুন সরবরাহ করে পুনর্বাসনের মাধ্যমে ব্যবহার উপযোগী করা হয়েছে এবং এগুলি বতর্মানে সেচ কাজে ব্যবহৃত হচ্ছে।

১৮। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ : প্রকল্পের উদ্দেশ্যে অর্জিত হয়েছে।

১৯। **সমস্যা:**

ক) মূল ডিপিপি অনুযায়ী এ প্রকল্পে কমর্কর্তা/কমর্চারীর মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা ১৬১ জন। কিন্তু প্রকল্প মেয়াদকালে কোন সময়ই প্রকল্পের আওতায় ১৬১ জন লোকবল পাওয়া যায়নি। ফলে প্রয়োজনের তুলনায় কম সংখ্যক লোকবল দিয়ে প্রকল্পটির বাস্তবায়ন কাজে বেশ অসুবিধা হয়েছে;

খ) প্রকল্পের আওতায় স্থাপিত গভীর নলকূপের বিপরীতে বিদ্যুৎ লাইন নির্মাণ ও সংযোগের জন্য প্রাপ্ত ১১২ টি ডিমান্ড নোটের (পল্লী বিদ্যুৎ সমিতি ১০৬টি ও ওজোপাডিকো ৬টি) বিপরীতে পল্লী বিদ্যুৎ সমিতি ও ওজোপাডিকোকে টাকা পরিশোধ করা হয়। তন্মধ্যে পল্লী বিদ্যুৎ সমিতি কতৃর্ক ৬৭টি ও ওজোপাডিকো কতৃর্ক ৩টির (মোট ৭০টি) বিদ্যুৎ সংযোগ পাওয়া যায়। অবশিষ্ট ৪২টি (পল্লী বিদ্যুৎ সমিতি ৩৯ টি ও ওজোপাডিকো ৩ টি) বিদ্যুৎ সংযোগ পাওয়া যায়নি। ফলে গভীর নলকূপগুলো চালু করা সম্ভব হচ্ছে না। প্রকল্পের অধীন সেচযন্ত্রসমূহ (অর্থাৎ গভীর নলকূপ ও শক্তি চালিত পাম্পসমূহ)- এ বিদ্যুৎ সংযোগ কল্পে লাইন নিমার্ণের জন্য পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ডিপোজিট ওয়ার্কে কাজ সম্পাদনের নিমিত্তে অর্থ প্রদান করা হয়। এ ক্ষেত্রে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ কর্তৃক মালামালের স্বল্পতাসহ নানা অসুবিধার করণে লাইন নির্মাণে বিলম্ব হয়।;

গ) প্রকল্প এলাকায় উপজেলা পর্যায়ে অফিস হিসাবে ব্যবহৃত **UTDC** ভবনগুলো জরাজীর্ণ ও ব্যবহারের প্রায় অনুপযোগী। ফলে দাপ্তরিক ও প্রকল্পের কার্যক্রম সম্পাদনে নানামুখী সমস্যার সম্মুখীন হতে হচ্ছে;

ঘ) জিএফআইএডি প্রকল্পটি জুন, ২০১৫ সালে সমাপ্ত হয়েছে। বৃহত্তর ফরিদপুর অঞ্চলে কৃষি উৎপাদন অব্যাহত রাখার স্বার্থে প্রকল্পের আওতায় স্থাপিত সেচযন্ত্র ও নির্মিত সেচ অবকাঠামোসমূহ তথা সেচ স্কীমসমূহ চালু রাখার জন্য তথা প্রকল্পের আওতায় সম্পাদিত উন্নয়ন কমর্কান্ডের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে জিএফআইএডি প্রকল্পে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ৪০ জন এমএলএসএস/দারোয়ান, সাকূল্য বেতনে নিয়োজিত ৪ জন ডাটা এন্ট্রি অপারেটর, আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত ১৫ জন গাড়ী চালক, ১০ জন ইলেকট্রিশিয়ান এর বেতন এবং স্থাপিত সেচযন্ত্রসমূহ ও নির্মিত সেচ অবকাঠামোসমূহ মেরামত/রক্ষণাবেক্ষণসহ অফিস পরিচালনা ব্যয় নির্বাহ প্রকল্পের নিজস্ব আয়ের খাত থেকে অসুবিধা হচ্ছে। এ কারণে সংশ্লিষ্টরা কাজ করার আগ্রহ হারিয়ে ফেলছেন। এসকল জনবল না থাকলে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহ সঠিকভাবে পরিচালনা করা সম্ভব হবে না এবং

ঙ) প্রকল্প পরিচালকের দেওয়া তথ্য অনুসারে প্রকল্প বাস্তবায়ন শেষে অব্যয়িত টাকা সমর্পণ করা হয়েছে। সরেজমিন পরিদর্শনকালে প্রকল্পের নথি পর্যালোচনা করে জানা যায় ২০১১/১২ অর্থ বছরে ৩৫,৯৩,১৩৬/- টাকা, ২০১২/১৩ অর্থ বছরে ২৭,৯৫,০০০/- টাকা, ২০১৩/১৪ অর্থ বছরে ৭,৫০,২২৫/- টাকা ও ২০১৪/১৫ অর্থ বছরে ৮৯,৬৮৫/- টাকা টাকা সমর্পন করা হয়েছে। তবে পিসিআরে এ সংক্রান্ত কোন তথ্য সংযোজন করা হয়নি।

২০। **সুপারিশমালা:**

২০.১ প্রকল্প এলাকায় বিএডিসি'র বিভিন্ন শুন্য পদে জনবল নিয়োগ/পদায়নের ব্যবস্থা নেওয়া প্রয়োজন;

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় জিওবি	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল (জিওবি)	সর্বশেষ সংশোধিত (১ম)		মূল	সর্বশেষ সংশোধিত (১ম)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৮৬২.০০	৮৬২.০০	৮৩১.০৫	নভেম্বর, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৩	নভেম্বর, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৪	নভেম্বর, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৪	-	**১ বছর (৩৩%)**

৬। **প্রকল্পের অর্থায়নঃ** প্রকল্পটি জিওবি এর অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭। **প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতিঃ** ‘‘পরিশিষ্ট-ক’’

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR) পরীক্ষা, সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় , ডিপিপি’র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে ।

৯। প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রমঃ

৯.১। প্রকল্প গ্রহণের পটভূমিঃ তাল, খেজুর ও গোলপাতা খাদ্য তথা অর্থকরী ও কুটির শিল্প সংশ্লিষ্ট উদ্ভিদ। তাল ও খেজুরের ফল উৎপাদন হলেও বাংলাদেশে এদের রস হতে উৎপাদিত সুগন্ধযুক্ত গুড় অত্যন্ত জনপ্রিয়। গ্রাম বাংলায় তাল ও খেজুরের ফলের পাশাপাশি এর রস সরাসরি পান করা ছাড়াও উৎপাদিত গুড় হতে পিঠা-পায়েস তৈরীতে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। এছাড়া তাল, খেজুর ও গোলপাতা গাছ হতে জ্বালানী কাঠ, ঘরবাড়ি মেরামতের উপকরণ, মাদুর ও কুটির

শিল্পের উপকরণ হিসেবে ব্যবহৃত হয়। গ্রাম বাংলায় চিনির বিকল্প হিসেবে ইক্ষু গুড়ের পাশাপাশি তাল, খেজুর ও গোলপাতার গুড় ব্যাপক অবদান রেখে আসছে কিন্তু এদের জাত উন্নয়ন বা পদ্ধতিগত চাষাবাদ ও গবেষণার উপর তেমন গুরুত্ব দেয়া হয়নি।

বর্তমানে দেশে প্রায় ৪,০০০ কি.মি. মহাসড়ক, ২,৫০০ কি.মি. ইট বিছানো রাস্তা ১,৪৫,০০০ কি.মি. কাঁচা রাস্তা, ৫,০০০ কি.মি বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, ১২,০০০ কি.মি. ক্রস বাঁধ, ২,০০০ কি.মি মিটারগেজ ও ১,০০০ কি.মি. ব্রডগেজ রেলপথ রয়েছে। এসব রাস্তার ধারের (দুই পার্শ্বে) পতিত জায়গায় ৫ মিটার ব্যবধানে প্রায় ৬.৫ কোটি গাছ লাগানো সম্ভব যা থেকে বৎসরে প্রায় ৮.৫ লক্ষ টন গুড় উৎপাদন করা সম্ভব।

FAO এর সুপারিশমতে মাথাপিছু বাৎসরিক ১৩ কেজি চিনি/১৭ কেজি গুড় এর হিসেবে বাংলাদেশের ১৫ কোটি জনসংখ্যার জন্য প্রায় ১৯.৫ লক্ষ টন চিনি/গুড় প্রয়োজন। কিন্তু উৎপাদন হয় মাত্র ৬-৮ লক্ষ টন (১.৫-২.০ লক্ষ টন চিনি ও ৫-৬ লক্ষ টন গুড়)। ফলে সার্বিক চিনি/গুড়ের ঘাটতি ১১.৫-১৩.৫ লক্ষ টন। জনসংখ্যা বৃদ্ধির ফলে দেশে চিনি-গুড়ের চাহিদা উত্তরোত্তর আরও বৃদ্ধি পাচ্ছে। চিনি ও গুড়ের বর্ধিত চাহিদা ইক্ষু হতে চিনিগুড় উৎপাদনের মাধ্যমে মেটানোর সম্ভাবনা কম। পক্ষান্তরে তাল, খেজুর ও গোলপাতার উৎপাদন বৃদ্ধির যথেষ্ট সুযোগ রয়েছে যার দ্বারা চিনি গুড়ের ঘাটতি কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

১. তাল, খেজুর ও গোলপাতার জাত ও উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন;

২. তাল, খেজুর ও গোলপাতা হতে গুড় ও সিরাপ উৎপাদন/প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ প্রযুক্তি উদ্ভাবন;

৩. তাল ও খেজুরের চারা উৎপাদন, মাইক্রোপ্রোপাগ্রেশন (Micropropagation), রোপন ও রক্ষণাবেক্ষন;

৪. প্রশিক্ষণ প্রদান, প্রদর্শনী স্থাপন, বুলেটিন, লিফলেট প্রকাশনা ও বিতরণের মাধ্যমে নতুন প্রযুক্তি হস্তান্তর; এবং

৫. তাল, খেজুর ও গোলপাতা চাষাবাদের প্রতি সচেতনতা সৃষ্টি।

৯.৩। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- বেঞ্চমার্ক সার্ভে;
- গবেষণা;
- প্রশিক্ষণ,ওয়ার্কশপ;
- চারা উৎপাদন, রোপণ ও রক্ষণাবেক্ষণ;
- যানবাহন সংগ্রহ;
- যন্ত্রপাতি, আসবাবপত্র সংগ্রহ এবং
- মুদ্রণ, প্রচার ইত্যাদি।

১০। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ মূল অনুমোদিত ডিপিপি ২০-১০-২০১০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি ২০/০৫/২০১৩ তারিখে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভার সুপারিশপূর্বক ০৩/০৯/২০১৩ তারিখে মাননীয় কৃষি মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

১১। সংশোধিত এডিপি বরাদ্দ :

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০১০-২০১১	৬০.০০	৬০.০০	-	৫৮.৮৬	৫৮.৮৬	৫৮.৮৬	-
২০১১-২০১২	২২৫.০০	২২৫.০০	-	২২৩.৮৮	২২৩.৮৮	২২৩.৮৮	-
২০১২-২০১৩	২৪৯.৯৫	২৪৯.৯৫	-	২৪৯.৯৫	২৪৯.৯৫	২৪৯.৯৫	-
২০১৩-২০১৪	২০৮.০০	২০৮.০০	-	২০৮.০০	২০৮.০০	২০৮.০০	-
২০১৪-২০১৫	৯০.৩৬	৯০.৩৬	-	৯০.৩৬	৯০.৩৬	৯০.৩৬	-
মোট=	৮৩৩.৩১	৮৩৩.৩১	-	৮৩১.০৫	৮৩১.০৫	৮৩১.০৫	-

১২। **মূল্যায়ন পদ্ধতি (Methodology)** প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৩। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম	পূর্ণকালীন/খন্ডকালীন	মেয়াদকাল
১। জনাব মোঃ রফিকুল আলম মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা	খন্ডকালীন	০২-১১-২০১১ হতে ৩১-১২-২০১৪ পর্যন্ত

১৪। **সাধারণ পর্যবেক্ষণঃ**

১৪.১। **প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নঃ**

প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য ১৯/০৯/২০১৫ এবং ২০/০৯/২০১৫ তারিখে বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী পাবনায় প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

১৪.২ **বেঞ্চমার্ক সার্ভেঃ**

উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে ২৬টি জেলার ৫৬ টি উপজেলায় তাল, খেজুর ও গোলাপাতা এর উপর প্রথমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে একটি বেঞ্চমার্ক সার্ভের জন্য প্রথম বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ৮ টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করলেও মাত্র ৩ টি রেসপনসিভ হয়। পিপিআর, ২০০৮ অনুযায়ী পুন:বিজ্ঞপ্তি প্রকাশ করার পর মাত্র ৩ টি প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহণ করে। যাচাই বাছাই এর পর পাথমার্ক এসোসিয়েট লিঃ, ৬/১/এ সেগুন বাগিচাকে ২৩,১০,০০০ (টাকা তেইশ লক্ষ দশ হাজার) কার্যাদেশ প্রদান করা হয়। বেঞ্চমার্ক সার্ভে দ্বারা দেশে তাল, খেজুর ও গোলপাতার বর্তমান অবস্থা নিরুপণ করা হয়েছে, যা পরবর্তী পরিকল্পনা প্রণয়নে সহায়তা করেছে।

১৪.৩ প্রশিক্ষণ :

বিএসআরআই উদ্ভাবিত তাল, খেজুর ও গোলপাতার চারা উৎপাদন, রোপণ, রক্ষণাবেক্ষণ, তাল, খেজুর, গোলপাতা গাছের পরিচর্যা, বালাই দমন, স্বাস্থ্য সম্মতভাবে রস আহরণ, গুড় উৎপাদন, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ ইত্যাদি বিষয়ে উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তরের জন্য প্রশিক্ষণ ও প্রদর্শনীর আয়োজন করা হয়। উল্লেখ্য, মানবদেহে ক্যান্সার সৃষ্টিকারী রাসায়নিক পদার্থ হাইড্রোজ এর পরিবর্তে ভেষজ গাছের নির্যাসের সাহায্যে গুড় উৎপাদন পদ্ধতির ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়।

১৪.৪ গবেষণা :

তাল, খেজুর ও গোলপাতার জাত উন্নয়ন/উদ্ভাবন, জার্মপ্লাজম সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ এবং সংকরায়ন প্রক্রিয়ায় ব্যবহার, কৃষিতাত্ত্বিক, শারীরতাত্ত্বিক, রোগতাত্ত্বিক ইত্যাদি উৎপাদন কলা-কৌশল এবং খেজুর গাছের ক্ষতি না করে বেশী রস আহরণ এবং অধিক চিনি সমৃদ্ধ রস সংগ্রহ পদ্ধতির ওপর গবেষণা করা হয়। এছাড়া প্রকল্পের আওতায় স্বাস্থ্যসম্মত উপায়ে তাল, খেজুর, গোলপাতার রস সংগ্রহ ও গুড় উৎপাদন এবং সংরক্ষণ প্রযুক্তি উদ্ভাবন করা হয়।

গবেষণাগারের চিত্র



প্রকল্পে অনুষ্ঠিত প্রশিক্ষণ ও প্রদর্শনীর সংখ্যাঃ

প্রশিক্ষণ ও প্রদর্শনী	২০১০-১১ সংখ্যা	২০১১-১২ সংখ্যা	২০১২-১৩ সংখ্যা	২০১৩-১৪ সংখ্যা
নতুন ইক্ষু জাত, তাল, খেজুর ও গোলপাতা উৎপাদন ও উন্নয়ন প্রযুক্তি প্রদর্শনী	---	৭৫ টি	৬১টি	৫৫টি
স্বাস্থ্যসম্মত উপায়ে গুড় উৎপাদন ও সংরক্ষণ প্রযুক্তি প্রদর্শনী	----	৩৩ টি	৩৩টি	৩১টি
চাষী প্রশিক্ষণ	১৮টি	৯১ টি	৬৫টি	৬৬টি
কৃষি সম্প্রসারণ কর্মী প্রশিক্ষণ	০৫টি	১০ টি	০৫টি	--
কৃষি কর্মকর্তা প্রশিক্ষণ	০১টি	০১ টি	০১টি	--

১৪.৫ **চারা উৎপাদন, রোপণ ও রক্ষণাবেক্ষণ :**

দেশের অভ্যন্তরে বীজ সংগ্রহপূর্বক ১ লক্ষ ৭৮ হাজার খেজুরের চারা ও ৩২ হাজার তালের চারা উৎপাদন করা হয়েছে, যা দেশের বিভিন্ন এলাকায় বিভিন্ন সরকারি, আধা সরকারি প্রতিষ্ঠান এনজিওসহ উপকারভোগী কৃষক/বেনিফিসিয়ারী এর মাধ্যমে রাস্তা, রেলপথ, বাঁধ ও পতিত জমিতে রোপণ সম্পন্ন করা হয়েছে।



খেজুর ও তালের চারা উৎপাদনের চিত্র

১৪.৬ **জনবল :**

তাল, খেজুর ও গোলপাতা উন্নয়নের জন্য পাইলট প্রকল্পে অনুমোদিত জনবলের মধ্যে ০৩ জন বৈজ্ঞানিক কমকর্তা, ০৪ জন বৈজ্ঞানিক সহকারী, ০১ জন হিসাব সহকারী, ০২ জন ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ করা হয়েছে। মুক্তিযোদ্ধা কোটায় ০২ জন বৈজ্ঞানিক সহকারী নিয়োগ, আউটসোর্সিং পদ্ধতিতে ০১ জন ড্রাইভার ও ০২ জন এমএলএসএস এর নিয়োগ করা হয়েছে। অবশিষ্ট ০১ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ১ জন উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ৩ জন বৈজ্ঞানিক কর্মকর্তা প্রেষণে পাওয়ার কথা থাকলেও প্রতিষ্ঠানে কর্মকর্তা সংকটের জন্য ০১ জন কর্মকর্তাকেও প্রেষণে পাওয়া যায় নাই।

১৪.৭ **মানব সম্পদ উন্নয়ন :**

মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে জনাব আবু তাহের সোহেল বৈজ্ঞানিক কর্মকর্তা, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে বীট সুগার বিষয়ে এবং জনাব মো: সোহরাব হোসেন, ফিল্ড কো-অর্ডিনেটর (বৈজ্ঞানিক কর্মকর্তা) খেজুর সম্পর্কিত বিষয়ে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়ন করছেন।

১৪.৮ **বৈদেশিক ভ্রমণ :**

প্রকল্পের আওতায় আরবীয় খেজুরের জার্মপ্লাজম সংগ্রহ, রোপন, পরিচর্যা ও ফল প্রক্রিয়াকরণের বিষয়ে মিশরে ০৯দিন ব্যাপী ২ জন সদস্য বিশিষ্ট স্টাডি ট্যুর আয়োজন করা হয়।

১৪.৯ **মুদ্রণ, প্রচার ও প্রকাশনা :**

প্রকল্পের আওতায় বিভিন্ন প্রচার মাধ্যমে যেমন রেডিও, টিভিতে সংবাদ সম্প্রচার, নাটক, গম্ভিরা ও ভিডিওর মাধ্যমে আপামর জনসাধারণকে মাঝে উদ্ভাবিত প্রযুক্তিসমূহ ছড়িয়ে দেওয়া এবং গুড়ের প্রয়োজনীয়তা অনুধাবনের ব্যবস্থা করা হয়। এছাড়া ৩টি পুস্তিকা, ১টি ফোল্ডার ছাপানো হয়েছে যা দক্ষিণাঞ্চলের জেলাগুলোতে সরবরাহ করা হয়েছে।

১৪.১০ **মেশিনারী ও সরঞ্জামাদি, আসবাবপত্র ও যানবাহন সংগ্রহঃ**

প্রকল্প বাস্তবায়নের জন্য ১টি ডাবল কেবিন পিকআপ, ৩টি মোটরসাইকেল, গবেষণা/কৃষি যন্ত্রপাতি, ২টি ল্যাপটপ, ৬ টি কম্পিউটার ও প্রিন্টার সংগ্রহ করা হয়েছে। অধিকাংশ আসবাবপত্রের গায়ে প্রকল্পের নাম লেভেল করা হয়েছে তবে কতিপয় আসবাবপত্রের গায়ে প্রকল্পের নাম উল্লেখ করা হয়নি। প্রকল্পের আওতায় নিম্নলিখিত গবেষণা যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে:

Sl. No	**Description**	**Nos**
1.	Hot air Oven	1
2.	Digital Refractometer (Range: 0-95^{0} Brix)	1
3.	Distiled water plant	1
4.	P^{H} Meter borocilicali glam	2
5.	Double band auto polysealer machine	2
6.	Cork sealer machine	2
7.	Balance (Digital)	2
8.	Digital Spectro Photometer	1
9.	Muffle Furnace	1
10.	Hot Plate	2
11.	automatic Oven	2
12.	Hand Refractometer	10
13.	Gur Grinder	3
14.	Pan Chula (set)	2
15.	CCM-200: Chlorophyl Content Meter	1
16.	CIRAS-2: Portable photosynthesis system (Measurement range: Co_2 0-2,000 to 0-9999 umol mol^{-1}	1
17.	Chlorophyl spad Meter	1
18.	UV-visible Spectrophotometer	1
19.	High Performance Liquid Chromatography (HPLC)	1
20.	Micro Centrifuge	1
21.	Electronic Analytical Banalce: Range 0.0001-210 gm	1
22.	Digital Tharmostatic Water bath (capacity 70-80 ltr)	1
23.	MHAT plant (Digital thermostatic control: Tempearture ambient to 60^{0}C capacity 0.8-1.0 ton:)	1
24.	Digital Orbital Shaker (Max-load 10 Kg, Speed range 10-300 rpm;)	1
25.	Fluorescent Microscope	2
26.	Mini Centrifuge	1
27.	NIR Spectroscopy for sugar and gur analyses	1



প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন যন্ত্রপাতির চিত্র

১৫ **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

অনুমোদিত	অর্জিত
তাল, খেজুর ও গোলপাতার জাত ও উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন;	প্রকল্পের আওতায় তাল, খেজুর ও গোলপাতার জাত উন্নয়ন/উদ্ভাবন, জার্মপ্লাজম সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ এবং এবং সংকরায়ন প্রক্রিয়ায় ব্যবহার, কৃষিতাত্ত্বিক, শারীরতাত্ত্বিক, রোগতাত্ত্বিক ইত্যাদি উৎপাদন কলা-কৌশল উদ্ভাবন করা হয়। পলিথিন ব্যাগে খেজুর ও তালের চারা উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। এছাড়া বাংলাদেশে আরবীয় খেজুরের চাষ প্রবর্তন, চারা উৎপাদন, রোপণ ও আন্ত:পরিচর্যার পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে। সৌদি আরব ও মিশর থেকে উন্নত আরবীয় খেজুরের মাতৃ গাছের কুশি (Sucker) সংগ্রহ করা হয়েছে।
তাল, খেজুর ও গোলপাতা হতে গুড় ও সিরাপ উৎপাদন/প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ প্রযুক্তি উদ্ভাবন;	প্রকল্পের আওতায় খেজুর গাছের ক্ষতি না করে বেশী রস আহরণ এবং অধিক চিনি সমৃদ্ধ রস সংগ্রহ পদ্ধতির ওপর গবেষণা করা হয় এবং স্বাস্থ্যসম্মত উপায়ে তাল, খেজুর, গোলপাতার রস সংগ্রহ ও গুড় উৎপাদন এবং সংরক্ষণ প্রযুক্তি উদ্ভাবন করা হয়।
তাল ও খেজুরের চারা উৎপাদন, মাইক্রোপ্রোপাগেশন, রোপন ও রক্ষণাবেক্ষন;	দেশের অভ্যন্তরে বীজ সংগ্রহপূর্বক ১ লক্ষ ৭৮ হাজার খেজুরের চারা ও ৩২ হাজার তালের চারা উৎপাদন করা হয়েছে, যা দেশের বিভিন্ন এলাকায় বিভিন্ন সরকারি, আধা সরকারি প্রতিষ্ঠান এনজিওসহ উপকারভোগী কৃষক এর মাধ্যমে রাস্তা, রেলপথ, বাঁধ ও পতিত জমিতে রোপণ সম্পন্ন করা হয়েছে।
প্রশিক্ষণ প্রদান, প্রদর্শনী স্থাপন, বুলেটিন, লিফলেট প্রকাশনা ও বিতরণের মাধ্যমে প্রযুক্তি হস্তান্তর;	প্রকল্পে উদ্ভাবিত প্রযুক্তিসমূহ সম্প্রসারণের লক্ষ্যে গুড় উৎপাদনের সঙ্গে সংশ্লিষ্ট ৯,৬০০ জন কৃষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া ৯০ জন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা,

অনুমোদিত	অর্জিত
	৭৫০ জন সম্প্রসারণ কর্মীকে রস সংগ্রহ, গুড় উৎপাদন সংক্রান্ত আধুনিক কলা কৌশলের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নতুন উদ্ভাবিত প্রযুক্তিসমূহ যেমন স্বাস্থ্য সম্মতভাবে রস সংগ্রহ ও গুড় উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতি টেকসইভাবে সম্প্রসারণের জন্য চাষী পর্যায়ে ৪০০ টি প্রদর্শনী স্থাপন, ৪ টি মাঠ দিবস ও ৪ টি কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া বিলুপ্ত প্রায় ঔষধি গুণ সম্পন্ন তালমিশ্রি উৎপাদন কলাকৌশল পুনরুদ্ধার করে প্রদর্শনী স্থাপনের মাধ্যমে চাষীদের লাভজনক পর্যায়ে উৎপাদন কলাকৌশল সম্পর্কে অবহিত করা হয়েছে। পলিথিন ব্যাগে খেজুর ও তালের চারা উৎপাদন প্রযুক্তি ব্যবহার করে ১,৭৮,০০০ টি খেজুরের চারা ও ৩২,০০০ টি তালের চারা উৎপাদন করা হয়েছে যা বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, সড়ক ও জনপথের রাস্তা এবং কৃষক পর্যায়ে বিতরণ ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
তাল, খেজুর ও গোলপাতা চাষাবাদের প্রতি সচেতনতা সৃষ্টি।	রেডিও ও টিভিতে সংবাদ সম্প্রচার, নাটক, গম্ভিরা ও ভিডিওর মাধ্যমে প্রকল্পের আওতায় উদ্ভাবিত প্রযুক্তিসমূহ প্রচার করা হয়। এছাড়া ৩টি পুস্তিকা, ১টি ফোল্ডার ছাপানো হয়েছে যা দক্ষিণাঞ্চলের জেলাগুলোতে সরবরাহ করা হয়।

১৬। সমস্যাঃ

১৬.১। প্রকল্পের ওপর External Audit করা হয়নি;

১৬.২। প্রকল্পের আওতায় সংগৃহীত কতিপয় আসবাবপত্র ও যন্ত্রপাতিতে প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল লেভেলিং করা হয়নি এবং

১৬.৩। পরিদর্শনকালে জানা যায় যে, গবেষণাগারে সংরক্ষিত সিরাপ নষ্ট হয়ে গেছে। উল্লেখ্য, স্বাস্থ্যসম্মতভাবে তৈরী তাল, খেজুর এবং গোলপাতার রসের সিরাপ/গুড় দীর্ঘ মেয়াদে সংরক্ষণ এর প্রযুক্তি উদ্ভাবনের ওপর গবেষণা করা যেতে পারে।

১৭। সুপারিশঃ

১৭.১। দেশে তাল, খেজুর ও গোলপাতা গাছ হতে গুড়/সিরাপ তৈরীর ব্যাপক সুযোগ এবং সম্ভাবনা রয়েছে। তাল, খেজুর, গোলপাতার গাছ হতে গুড়/সিরাপ তৈরীর মাধ্যমে চিনি জাতীয় খাদ্যের আমদানী হ্রাসপূর্বক বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব;

১৭.২। মানবদেহে ক্ষতিকর ক্যান্সার সৃষ্টিকারী পদার্থ হাইড্রোজ এর পরিবর্তে ভেষজ উদ্ভিদের নির্যাসের মাধ্যমে গুড় উৎপাদনের বিষয়ে অধিক হারে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে কৃষি মন্ত্রণালয়/ বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.৩। প্রকল্পের আওতায় সংগৃহীত যে সব আসবাবপত্র ও যন্ত্রপাতি লেভেলিং করা হয়নি তা দ্রুত লেভেলিং করতে হবে;

১৭.৪। সমাপ্ত প্রকল্পটির অতি দ্রুত External Audit সম্পন্ন করার ব্যবস্থা করে অডিট প্রতিবেদনর কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে; এবং

১৭.৫। অনুচ্ছেদ ১৭.১-১৭.৪ এর উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-ক

ক্রঃ নং	অংগের নাম	একক	টিপিপি অনুযায়ী অংগের প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১।	কর্মকর্তাদের বেতন	০৬	০৬	১৮.৪০	০৬	১৮.৪০
২।	কর্মচারীদের বেতন	১২	১২	২২.২৩	১২	২২.২৩
৩।	ভাতাদি	১৯	১৯	৪৭.৩৮	১৯	৪৭.৩৮
৪।	**সরবরাহ ও সেবা**					**০.০০**
৫।	কেমিক্যাল ও গ্যাসওয়্যার	থোক	থোক	১৫.০০	থোক	১৫.০০
৬।	সার, বীজ উৎপাদন/ গবেষণা	থোক	থোক	৮.০০	থোক	৮.০০
৭।	বেঞ্চমার্ক সার্ভে	থোক	থোক	২৪.০০	থোক	২৪.০০
৮।	অনিয়মিত শ্রমিক	থোক	থোক	৬.০০	থোক	৬.০০
৯।	ভাড়াকৃত সেবা	থোক	থোক	২৫.০০	থোক	২৫.০০
১০।	তৈল ও জ্বালানী	থোক	থোক	১৭.০০	থোক	১৭.০০
১১।	ভ্রমণ ভাতা	থোক	থোক	২০.০০	থোক	২০.০০
১২।	জার্নাল/বুক/প্রকাশনা	থোক	থোক	১০.০০	থোক	১০.০০
১৩।	বিজ্ঞপ্তি ও প্রচার	থোক	থোক	৭.০০	থোক	৭.০০
১৪।	অফিস ভাড়া	৫ টি	৫ টি	১৮.০০	৫ টি	১৭.৫০
১৫।	চারা তৈরী	৩০০০০০	৩০০০০০	৫৪.০০	৩০০০০০	৫৪.০০
১৬।	সেমিনার/ওয়ার্কশপ	০৫	০৫	৬.২৫	০৫	৬.২৫
১৭।	স্টেশনারী	থোক	থোক	৭.১৪	থোক	৭.১৪
১৮।	মানব সম্পদ উন্নয়ন	০২ জন	০২ জন	১৪.০০	০২ জন	১৪.০০
১৯।	প্রশিক্ষণ	১০৮৪০ জন	১০৮৪০ জন	৫৪.৪০	১০৮৪০ জন	৫০.৪০
২০।	প্রদর্শনী/ বিবিধ	৪০০	৪০০	৫০.০০	৪০০	৫০.০০
২১।	মাঠ দিবস	১০ টি	১০ টি	৪.০০	১০ টি	৪.০০
২২।	জার্মপস্নাজম সংগ্রহ (দেশী)	থোক	থোক	১.০০	থোক	১.০০
২৩।	ভিজিট	০২ জন	০২ জন	১৯.৫০	০২ জন	১০.৫০
২৪।	পিআইসি/মূল্যায়ন	থোক	থোক	৫.২৫	থোক	৫.২৫
২৫।	মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	১৫.০০	থোক	১৫.০০
	মোট রাজস্ব ব্যয়ঃ			**৪৬৮.৫৫**		**৪৫৫.০৫**
	মূলধন ব্যয়					
২৬।	যানবাহন ক্রয়	৪ টি	৪ টি	২৯.৫০	৪ টি	২৯.৫০
২৭।	মেশিনারী ও ইক্যুইপমেন্ট	৫০	৫০	২৬৫.৪৫	৫০	২৪৮.৪৫
২৮।	মেশিনারী ও অন্যান্য ইক্যুইপমেন্ট	১৮	১৮	৬২.৭০	১৮	৬২.২৫
২৯।	কম্পিউটার সরঞ্জাম	১২ টি	১২ টি	১০.৬০	১২ টি	১০.৬০
৩০।	ইলেকট্রিক যন্ত্রাংশ	থোক	থোক	৩.১৫	থোক	৩.১৫
৩১।	অফিস সরঞ্জাম	০৫	০৫	৭.৫০	০৫	৭.৫০
৩২।	টেলিকমিউনিকেশন	থোক	থোক	২.৫৫	থোক	২.৫৫
৩৩।	ফার্নিচার	থোক	থোক	১২.০০	থোক	১২.০০
	মোট মুলধন ব্যয়ঃ			**৩৯৩.৪৫**		**৩৭৬.০০**
	সর্বমোট ব্যয়ঃ			**৮৬২.০০**		**৮৩১.০৫**

বৃহত্তর ঢাকা জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন,২০১৫)

১.	**প্রকল্পের নামঃ**		বৃহত্তর ঢাকা জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (২য় সংশোধিত)
২.	**বাস্তবায়নকারী সংস্থাঃ**		বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
৩.	**প্রশাসনিক মন্ত্রণালয়ঃ**		কৃষি মন্ত্রণালয়
৪.	**প্রকল্প এলাকাঃ**		বৃহত্তর ঢাকা জেলার ৩৫টি উপজেলা

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	ঢাকা	দোহার, নবাবগঞ্জ, কেরানীগঞ্জ, সাভার ও ধামরাই
	গাজীপুর	গাজীপুর সদর, কালিয়াকৈর, কালিগঞ্জ, কাপাসিয়া,শ্রীপুর ও টঙ্গী
	মানিকগঞ্জ	হরিরামপুর, সিংগাইর,শিবালয়,মানিকগঞ্জ সদর, সাটুরিয়া,ঘিওর ও দৌলতপুর
	নারায়নগঞ্জ	রূপগঞ্জ, আড়াইহাজার, সোনারগাঁও,বন্দর ও নারায়নগঞ্জ সদর
	মুন্সিগঞ্জ	গজারিয়া,লৌহজং,সিরাজদিখান, টঙ্গিবাড়ী, শ্রীনগর ও মুন্সিগঞ্জ সদর
	নরসিংদী	নরসিংদী সদর, রায়পুরা, পলাশ,শিবপুর, মনোহরদি ও বেলাব

৫. প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়ঃ

(হিসাব লক্ষ টাকায়)

প্রকল্পের অনুমোদিত ব্যয়			প্রকৃত ব্যয়	প্রকল্পের অনুমোদিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত		মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত			
৯৯৩০.৭০	৯৯৩০.৭০	১০৪৭৫.৫৫	১০৪৭০.৫৯	জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৩	জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৪	জুলাই ২০১০ হতে জুন ২০১৫	জুলাই ২০১০ হতে জুন ২০১৫	৫.৪৩%	১৮ মাস (৪২.৮৫%)

৬. প্রকল্পের অর্থায়নঃ

প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭. কাজের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এর তথ্যের ভিত্তিতে

৮. কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

পিসিআর পর্যালোচনা, সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় আরডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৯. প্রকল্পের পটভুমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রমঃ

৯.১ পটভুমিঃ

বৃহত্তর ঢাকার ৬টি জেলার ৩৫টি উপজেলার ভূপরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি ব্যবহার করে ১৯৬৮৫ হেক্টর সেচ এলাকা সম্প্রসারণের মাধ্যমে ৪৯২১৩ মেঃটন খাদ্য উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্র বিমোচন, আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষাকরণের লক্ষ্যে নিয়ে কৃষি মন্ত্রণালয়ের আওতায় বিএডিসি কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে নিয়ে ২০১০-১১ অর্থ বছরে "বৃহত্তর ঢাকা জেলা সেচ এলকা উন্নয়ন প্রকল্পের (২য় পর্যায়)" কার্যক্রম শুরু হয়। এছাড়া ২০০১-২০০৬ খ্রিঃ পর্যন্ত শহীদ ময়েজ উদ্দিন গাজীপুর-নরসিংদী সমন্বিত এলাকা উন্নয়ন প্রকল্পের এবং ২০০৬-২০০৯ খ্রিঃ পর্যন্ত বৃহত্তর ঢাকা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের ১ম পর্যায়ের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সমূহকে কার্য্যক্ষম রাখা ও ১০৫০ জন কৃষক, ১৬২০ জন ম্যানেজার/ অপারেটর/ফিল্ডম্যান/কর্মকর্তা ও ৩৭৫ জন মেকানিককে সেচ ও উন্নত প্রযুক্তিগত, ট্রেনিং এর মাধ্যমে তাদের অর্থনৈতিকভাবে নিজ পায়ে দাঁড়াবার সহায়তা করে সেচ এলাকা বৃদ্ধি করা এ প্রকল্পের অন্যতম লক্ষ্যে । প্রকল্পটি ১২/১০/২০১০ খ্রিঃ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং ১৪/১১/২০১০ খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়।

৯.২ উদ্দ্যেশ্যঃ

- সেচ অবকাঠামো উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি যথাযথ ব্যবহার করে ১৯,৮৮৫ হেক্টর সেচ এলাকা সম্প্রসারণপূর্বক অতিরিক্ত ৪৯,৭১৩ মে. টন খাদ্য শস্য উৎপাদন;
- বিভিন্ন ধরনের সেচনালা নির্মাণ করে মাঠ পর্যায় সুষ্ঠুভাবে পানি ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প এলাকায় উৎপাদন পার্থক্য (Yield Gap) কমানো এবং সেচ এলাকা বৃদ্ধি এবং বৃহত্তর ঢাকা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের ১ম পর্যায় এবং শহীদ ময়েজ উদ্দিন গাজীপুর-নরসিংদী সমন্বিত এলাকা উন্নয়ন প্রকল্পের কাজের ধারাবাহিকতা রক্ষা এবং টেকসইকরণ এবং ৩,০৪৫জন সেচ যন্ত্রের মালিক/ ম্যানেজার/ চালক/ ফিল্ডম্যান/ কৃষক/কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি করার মাধ্যমে আত্ন-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দারিদ্র বিমোচন ।

৯.৩। **প্রধান প্রধান অংগ ও বাস্তবায়ন** (হিসাব লক্ষ টাকায়)

অংগের নাম	আরডিপিপি লক্ষ্যমাত্রা		আরডিপিপি'র মোট আর্থিক সংস্থানের অংশ (%)	ব্যয়
	বাস্তব পরিমাণ	আর্থিক		
খাল পুনঃখনন	৪১০ কিঃমিঃ	৩০১৪.০০	২৮.৭৭%	৩০১৩.৯৭
গভীর নলকূপ স্থাপন	৭০টি	৩১৪.৩৮	৩%	৩১৪.৩৫
৫ ও ২ কিউসেক পাম্পের জন্য পাকা সেচ নালা নির্মাণ	৯০টি	১২২৪.৪৬	১১.৬৯%	১২২৪.৪৪
৫ও ২ কিউসেক পাম্পের জন্য ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণ	১৫৩টি	৭৬৬.৯৫	৭.৩২%	৭৬৬.৯২
হাইড্রোলিক ষ্ট্রাকচার নির্মাণ	১০৩টি	৬৮৫.৪০	৬.৫৫%	৬৮৫.৩৮
আরসিসি ওভারহেড চ্যানেল নির্মাণ	১৫৬০ মিঃ	১৪২.০০	১.৩৫	১৪১.৯২
সেচ স্কীমে বিদ্যুৎ লাইন নির্মাণ	১৫৩ টি	৬৪৫.৬০	৬.১৭%	৬৪৫.৫৫
দক্ষ/অদক্ষ ও অনিয়মিত শ্রমিক	৭০ জন	১৭৭.৩৬	১.৬৯%	১৭৭.৩৬

১০. প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ

প্রকল্পটি দুই দফা সংশোধনীসহ মোট ১০৪৭০.৬০ টাকা ব্যয়ে জুলাই ২০১০ হতে জুন ২০১৫ মেয়াদে অনুমোদিত হয়;

১০.১ প্রকল্পের মূল ডিপিপি ৯৯৩০.৭০ টাকা ব্যয়ে জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৩ মেয়াদে বিগত ১২/১০/২০১০ খ্রিঃ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং ১৪/১১/২০১০ খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী করা হয়;

১০.২ বিগত ০৮/০৯/২০১৩ খ্রিঃ তারিখে প্রকল্পটির ব্যয় অপরিবর্তীত রেখে মেয়াদ ১ বছর বৃদ্ধি করে জুলাই'২০১০ হতে ডিসেম্বর' ২০১৪ পর্যন্ত মেয়াদে কৃষি মন্ত্রণালয় কর্তৃক ১ম সংশোধনের অনুমোদন করা হয়;

১০.৩ পরবর্তীতে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মোট ১০৪৭০.৬০ টাকা ব্যয়ে প্রকল্পের মেয়াদকাল ৬ মাস বৃদ্ধি করে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ পর্যন্ত পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২য় সংশোধন অনুমোদিত হয়।

১১. **সংশোধিত এডিপি বরাদ্দ ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল এডিপি বরাদ্দ	সংশোধিত এডিপি বরাদ্দ	ব্যয়
২০১০-১১	৩৬৯১.৩৫	১৬৫১.০০	১৬২২.০৯
২০১১-১২	৩৪৯৯.৫০	২৬০০.০০	২৫৯২.০৯
২০১২-১৩	২৪৬৮.৫৫	২৩০০.০০	২২৯৫.১৫
২০১৩-১৪	২৭১.৩০	২০০০.০০	১৯৯৯.৫১
২০১৪-১৫	-	১৯৬৬.০০	১৯৬১.৭৫
মোট	৯৯৩০.৭০	১০৫১৭.০০	১০৪৭০.৫৯

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্প পরিচালকের নাম	পূর্ণকালীন/খন্ডকালীন	মেয়াদকাল	
		হতে	পর্যন্ত
মোঃ আশরাফ আলী খান	খন্ডকালীন (অতিঃ দায়িত্ব)	১২-০৪-২০১০	২৪-০৩-২০১১
মোঃ মাহবুবউল কবীর	খন্ডকালীন (অতিঃ দায়িত্ব)	২৪-০৩-২০১১	১৩-০১-২০১৪
মোঃ মাহফুজার রহমান	খন্ডকালীন (অতিঃ দায়িত্ব)	১৩-০১-২০১৪	২৯-১০-২০১৫
আছিয়া খাতুন	খন্ডকালীন (অতিঃ দায়িত্ব) প্রকল্প সমাপ্তির পর	২৯-১০-২০১৫	০৩-০১-২০১৬
প্রকৌশলী মোঃ আবদুর রাজ্জাক	পূর্নকালীন (অতিঃ দায়িত্ব) প্রকল্প সমাপ্তির পর	০৩-০১-২০১৬	অদ্যাবধি

১৩. **মুল্যায়ন পদ্ধতি (Methodology):** প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- প্রকল্প মূল্যায়র কমিটি সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪. প্রকল্প পরিদর্শন:

গত ৩০/০৪/২০১৬ তারিখে মহা-পরিচালক আইএমইডি কতৃর্ক প্রকল্প এলাকার অর্ন্তগত গাজীপুর জেলায় বিভিন্ন স্কীমে বাস্তবায়িত কার্যক্রম (Component) পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রধান প্রকৌশলী (নির্মাণ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা (ক্ষুদ্রসেচ) সার্কেল ও প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী, গাজীপুর সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।বাস্তবায়িত খাল পুনঃখনন, গভীর নলকূপ, ৫-কিউসেক লো লিফট পাম্প স্কীমের পাকা সেচ নালা, ডিসচার্জ বক্স, ভূ-গর্ভস্থ সেচ নালা, হাইড্রোলিক ষ্ট্রাকচার, বিদ্যুৎ লাইন নির্মাণ কাজ পরিদর্শন করা হয়;

প্রকল্প দপ্তর পরিদর্শন: ০৫/০৫/২০১৬ তারিখে সেচ ভবনস্থ প্রকল্প দপ্তর পরিদর্শণ করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। সবাইর সাথে মত বিনিময় এবং প্রকল্পের বিভিন্ন (Component) নিয়ে আলোচনা করা হয় এবং প্রকল্পের নথিপত্র পর্যালোচনা করা হয়।

১৫ পর্যবেক্ষনঃ

১৫.১ প্রকল্পের বিভিন্ন সেচ স্কীমে ১০০০ মিটার বারিড পাইপ সেচনালা নির্মাণ করা হয়েছে। কোন কোন স্কীমে জমির পরিমান বেশী হওয়ায় কৃষকরা বারিড পাইপ লাইন সম্প্রসারণের আবেদন জানিয়েছেন;

১৫.২ পরিদর্শনকালে কৃষক ও ম্যানেজারদের সাথে আলোচনায় অনুমিত হয় যে, কোন কোন সেচযন্ত্র খুচরা যন্ত্রাংশের অভাবে সেচ মৌসুমের মাঝেই বিকল হয়ে সেচ কাজে বিঘ্ন ঘটায়;

১৫.৩ ৫-কিউসেক ও ২- কিউসেক সেচযন্ত্রের ব্যাটারী মৌসুম শেষে ব্যবহার না থাকায় অকেজো হয়ে পড়ে; ফলে পরবর্তী মৌসুমে সেচযন্ত্র চালু করতে অসুবিধা দেখা দেয়;

১৫.৪ বৈদ্যুতিক সেচ যন্ত্রের ক্ষেত্রে মৌসুমের মাঝে বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি বা নষ্ট হয়ে সেচ কাজে ব্যাঘাত ঘটছে;

১৫.৫ প্রকল্পের শুরুতে পুনঃখননকৃত খালসমূহ কোথাও কোথাও পলি জমে পুনরায় ভরাট হওয়ার উপক্রম হয়েছে, ফলে সেচ স্কীমসমূহ পানি সংকটে পড়তে পারে;

১৫.৬ মাঠ পর্যায়ে রিজিয়ন, জোন ও ইউনিট দপ্তরের অবকাঠামো পুরাতন, জরাজীর্ণ ও আসবাবপত্রের অভাব পরিলক্ষিত হয়েছে;

১৫.৭ প্রকল্প সমাপ্তির পর সেচ স্কীম সমূহে সেচযন্ত্র ও সেচ অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষেণের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়েছে;

১৫.৮ প্রকল্প চলাকালে নির্দিষ্ট সময়ে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক লাইন নির্মাণ ও সেচযন্ত্রে বিদ্যুৎ সংযোগ না পাওয়ায় সেচযন্ত্র যথাসময়ে ক্ষেত্রায়ন করা য়ায়নি;

১৫.৯ প্রকল্প এলাকায় বিভিন্ন দপ্তরে প্রয়োজনীয় জনবলের অভাব লক্ষ্য করা গেছে। প্রকল্পের আত্ততায় নিয়োগকৃত অস্থায়ী জনবলও প্রকল্প মেয়াদ শেষে না থাকায় প্রকল্পের ধারাবাহিকতা রক্ষায় চলামান সেচ স্কীমের রক্ষণাবেক্ষণ/পরিচালনা বিঘ্ন সৃষ্টি হয়েছে;

১৫.১০ প্রকল্প এলাকায় কৃষকদের অধিকাংশই শুধু কৃষির উপর নির্ভরশীল বিধায় কৃষি পন্যের ন্যয্য মূল্য না পেলে বা প্রাকৃতিক কোন দুর্যোগে ফসল হানি হলে কৃষকরা আগ্রহ হারিয়ে ফেলে। কৃষকদের আয়বর্ধক অন্যান্য প্রশিক্ষনের অভাব রয়েছে;

১৫.১১ প্রকল্প বাস্তবায়নকালে পূর্ণ মেয়াদে কোন প্রকল্প পরিচালক ছিল না। অতিরিক্ত দায়িত্ব বা খন্ডকালীন প্রকল্প পরিচালক দিয়ে কাজ চালানো হয়েছে।

১৬ **প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নঃ**

১৬.১ **পূর্ত নির্মাণঃ** ৪১০ কিঃমিঃ খাল পুনঃখনন (ডিওয়াটারিং, জরীপ ও ডিজাইনসহ); ৭০টি ২-কিউসেক গভীর নলকূপ স্থাপন (গনকূ) স্থাপন (পাম্প হাউজ নির্মাণসহ); ৪০টি ৫-কিউসেক লো লিফট পাম্প (এলএলপি) স্কীমের পাকা সেচ নালা নির্মাণ ডিসচার্জ বক্সসহ (প্রতিটি ১০০০ মিটার); ৩৫টি ৫-কিউসেক লো লিফট পাম্প (এলএলপি) এর ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ (১২ ইঞ্চি ডায়া প্রতিটি ১০০০ মিটার); ৫০টি ২-কিউসেক লো লিফট পাম্প (এলএলপি) স্কীমের পাকা সেচ নালা নির্মাণ ডিসচার্জ বক্সসহ (প্রতিটি ৬০০ মিটার); ৭০টি ২-কিউসেক নতুন গভীর নলকূপ (গনকূ) এর ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ (১০ ইঞ্চি ডায়া প্রতিটি ১০০০ মিটার); ৪৮টি ২-কিউসেক পুরাতন গভীর নলকূপ (গনকূ) এর ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ (১০ ইঞ্চি ডায়া প্রতিটি ১০০০ মিটার); ৩টি আরসিসি স্লুইচ গেট নির্মাণ; ১০০টি হাইড্রোলিক ষ্ট্রাকচার নির্মাণ (বক্স কালভার্ট, পাইপ কালভার্ট, রেগুলেটর, সাবমার্জড ওয়্যার, ফুট ব্রীজ, সাইফুন, ক্যাটল ক্রসিং, ক্রস ড্যাম ইত্যাদি); ১৬৫০ আরসিসি ওভারহেড চ্যানেল নির্মাণ; ৪০টি ৫-কিউসেক লো-লিফট পাম্প এর বিদ্যুৎ লাইন নির্মাণ (ট্রান্সফরমার, মিটার এবং অন্যান্য মালামাল সরবরাহসহ); ৩০ ২-কিউসেক লো-লিফট পাম্প এর বিদ্যুৎ লাইন নির্মাণ (ট্রান্সফরমার, মিটার এবং অন্যান্য মালামাল সরবরাহসহ); ৭০টি ২-কিউসেক নতুন গভীর নলকূপ এর বিদ্যুৎ লাইন নির্মাণ (ট্রান্সফরমার, মিটার এবং অন্যান্য মালামাল সরবরাহসহ); ১৩টি ২-কিউসেক পুরাতন গভীর নলকূপ এর বিদ্যুৎ লাইন নির্মাণ (ট্রান্সফরমার, মিটার।

১৬.২ **সম্পদ সংগ্রহঃ** প্রকল্পের আওতায় অনুমোদিত বরাদ্দের বিপরীতে ৭০ টি স্মার্ট কার্ড প্রি-পেইড মিটার; ৫টি কম্পিউটার ও আনুষঙ্গিক ক্রয়; অফিস সরঞ্জামাদি ক্রয়; অফিস আসবাবপত্র ক্রয়; ৩৫ সেট ৫-কিউসেক ডিজেল ইঞ্জিন ক্রয়; ৪ সেট ৫-কিউসেক বৈদ্যুতিক মটর ক্রয়; ২০ সেট ২-কিউসেক ডিজেল ইঞ্জিন ক্রয়; ৩০সেট ২-কিউসেক এর বৈদ্যুতিক মটর ক্রয়; ৭০ সেট ২-কিউসেক গভীর নলকূপের খনন মালামাল ক্রয়; ৩০ সেট সাবমারসিবল পাম্প ক্রয়; ৩৫ সেট**(৪৫০০০মিঃ)** ৫-কিউসেক বারিড পাইপ নির্মাণ মালামাল ক্রয়; **৭০ সেট (৭০০০০মিঃ)**নতুন গভীর নলকূপের বারিড পাইপের মালামাল ক্রয়; ৪৮ সেট (৪৮০০০মিঃ) পুনর্বাসনযোগ্য পুরাতন গভীর নলকূপের বারিড পাইপের মালামাল ক্রয় করা হয়েছে এবং প্রকল্প কাজে ব্যবহার করা হয়েছে।

১৬.৩ **যানবাহনঃ** প্রকল্পের আওতায় অনুমোদিত বরাদ্দের বিপরীতে যানবাহন গুলো (৪টি ডাবল কেবিন পিক-আপ ও ২০টি মোটর সাইকেল) প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে ব্যবহার করা হচ্ছে ।

১৭. **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

পরিকল্পিত	অর্জিত
(ক) সেচ অবকাঠামো উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি যথাযথ ব্যবহার করে ১৯,৮৮৫ হেক্টর সেচ এলাকা সম্প্রসারণ পূর্বক অতিরিক্ত ৪৯,৭১৩ মে. টন খাদ্য শস্য উৎপাদন ।	(ক) বৃহত্তর ঢাকার ৬টি জেলার ৩৫টি উপজেলায় ৪১০ কিঃমিঃ খাল পুনঃখনন, ৭০টি ডিজেল ও বিদ্যুৎ চালিত ৫কিউসেক লো-লিফট পাম্প ক্ষেত্রায়ন, ৫০টি ডিজেল ও বিদ্যুৎ চালিত ২কিউসেক লো-লিফট পাম্প ক্ষেত্রায়ন, ৭০টি নতুন ২-কিউসেক গভীর নলকূপ (পাম্প হাউজ নির্মাণসহ) স্থাপন, ১৫৩টি নতুন সেচযন্ত্রে (৪০টি ৫কিউসেক এলএলপি , ৩০টি ২কিউসেক এলএলপি, ৭০টি নতুন গভীর নলকূপ ও ১৩টি পুরাতন গভীর নলকূপ) বিদ্যুৎ লাইন নির্মাণসহ বিদ্যুৎ সংযোগ প্রদান, ১০০টি হাইড্রোলিক ষ্ট্রাকচার (বক্স কালভার্ট, পাইপ কালভার্ট, রেগুলেটর, সাবমার্জড ওয়্যার, ফুট ব্রীজ, সাইফুন, ক্যাটল ক্রসিং, ক্রস ড্যাম ইত্যাদি) এবং ৩টি আরসিসি স্লুইচ গেট নির্মাণের মাধ্যমে ভূপরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি ব্যবহার করে ১৯৬৮৫ হেক্টর সেচ এলাকা সম্প্রসারনের মাধ্যমে ৪৯২১৩ মেঃটন খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধি করা হয়েছে।

পরিকল্পিত	অর্জিত
(খ) বিভিন্ন ধরনের সেচনালা নির্মাণ করে মাঠ পর্যায় সুষ্ঠুভাবে পানি ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প এলাকায় উৎপাদন প্রার্থক্য (Yield Gap) কমানো এবং সেচ এলাকা বৃদ্ধি ।	(খ) প্রকল্প এলাকায় Yield Gap কমানোর জন্য ৭৫টি ৫-কিউসেক লো লিফট পাম্প স্কীমে ৪০,০০০মিটার ভূ-পরিস্থ পাকা সেচনালা ও ৪৫,০০০মিটার ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ, ৫০টি ২-কিউসেক লো লিফট পাম্প স্কীমে ৩০,০০০মিটার ভূ-পরিস্থ পাকা সেচনালা, ৭০টি ২-কিউসেক নতুন গভীর নলকূপ স্কীমে ও ৪৮টি ২-কিউসেক পুরাতন গভীর নলকূপ স্কীমে ১,১৮,০০০ মিটার ভূ-গর্ভস্থ সেচ নালা এবং ১৬৫০ মিটার আরসিসি ওভারহেড চ্যানেল নির্মাণ করে মাঠ পর্যায় সুষ্ঠুভাবে পানি ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প এলাকায় ১৯৬৮৫ হেক্টর জমি সেচের আওতায় আনা হয়েছে।
(গ) বৃহত্তর ঢাকা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের ১ম পর্যায় এবং শহীদ ময়েজ উদ্দিন গাজীপুর-নরসিংদী সমন্বিত এলাকা উন্নয়ন প্রকল্পের কাজের ধারাবাহিকতা রক্ষা এবং টেকসই করণ।	(গ) বৃহত্তর ঢাকা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের ১ম পর্যায় এবং শহীদ ময়েজ উদ্দিন গাজীপুর-নরসিংদী সমন্বিত এলাকা উন্নয়ন প্রকল্পের কাজের ধারাবাহিকতা রক্ষা এবং টেকসইকরণের লক্ষ্যে ৪৮টি পুরাতন গভীর নলকূপ স্কীমে সিসি নির্মিত ভূ-গর্ভস্থ সেচ নালার পরিবর্তে ৪৮,০০০ মিটার uPVC নির্মিত ভূ-গর্ভস্থ সেচ নালা প্রতিস্থাপন করা হয়েছে।
(ঘ) ৩,০৪৫ জন সেচ যন্ত্রের মালিক/ম্যানেজার/চালক/ফিল্ডম্যান/ কৃষক/ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি করার মাধ্যমে আত্নকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দারিদ্র বিমোচন ।	(ঘ) আত্নকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দারিদ্র বিমোচনের লক্ষে ১০৫০ জন কৃষক, ১৬২০ জন ম্যানেজার/অপারেটর/ফিল্ডম্যান/ কর্মকর্তা ও ৩৭৫ জন মেকানিককে সেচ ও উন্নত প্রযুক্তিগত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্প এলাকার দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নতি সাধন করা হয়েছে।

১৮. বাস্তবায়ন সমস্যাঃ

১৮.১ যথাসময়ে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সেচযন্ত্র সংযোগ না পাওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে মাঠ পর্যায়ে বৈদ্যুতিক সেচযন্ত্র ক্ষেত্রায়ন করা সম্ভব হয়নি;

১৮.২ জানুয়ারী মাস পর্যন্ত মাঠে পানি থাকায় এবং পরবর্তীতে ফসল থাকায় খাল খনন ও বারিড পাইপ সেচনালা স্কীম সমূহের কাজ বাস্তবায়ন নির্দিষ্ট সময়ের মধ্যে করা সম্ভব হয় না;

১৮.৩ প্রকল্পের খুচরা যন্ত্রাংশের সংস্থান না থাকায় এর অভাব, ট্রান্সফরমা চুরি/নষ্ট হওয়া এবং মৌসুম শেষে ব্যাটারী অকেজো হয়ে পড়ায় সেচ কাজে বিঘ্ন সৃষ্টি হয়;

১৮.৪ উপ-সহকারী প্রকৌশলীর দপ্তর তথা ইউনিট অফিসসমূহ সেচ স্কীম বাস্তবায়নে গুরুত্বপূর্ন ভূমিকা রাখে। প্রকল্প এলাকায় প্রায় সব গুলো ইউনিট অফিস উপজেলায় ঝুঁকিপূর্ন ভবনে অবস্থিত এবং তেমন কোন আসবাবপত্র নেই। এ অবস্থায় কর্মকর্তাদের প্রকল্প বাস্তবায়নে বেশ অসুবিধা সৃষ্টি হয়েছে;

১৮.৫ প্রকল্পের আওতাধীন দপ্তর সমূহে প্রয়োজনীয় জনবল সংকটের কারনে প্রকল্প বাস্তবায়নে অসুবিধা সৃষ্টি হয়েছে;

১৮.৬ আরডিপিপি'র সংস্থান অনুযায়ী এডিপি বরাদ্দ পাওয়া না পাওয়া;

১৮.৭ প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় নিয়োগকৃত জনবলের চাকুরী শেষ হয়ে যাওয়ায় দপ্তর সমূহে জনবল সংকট বেড়ে যায় এবং চলমান স্কীম সমূহের রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হয়;

১৮.৮ পূর্ণ মেয়াদে প্রকল্প পরিচালক না থাকায় ধারাবহিকভাবে প্রকল্পের কার্যক্রম পরিচালনায় কিছুটা অসুবিধা সৃষ্টি হয়।

১৯ সুপারিশঃ

১৯.১ প্রকল্পের কাজের ধারাবাহিকতার রক্ষা ও ফসল উৎপাদন অব্যাহত রাখতে এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন;

১৯.২ যে সকল সেচ স্কীমে জমির পরিমান বেশী সে সকল স্কীমে ভূ-গর্ভস্থ সেচনালার দৈর্ঘ্য যৌক্তিকভাবে সম্প্রসারণ করা যেতে পারে;

১৯.৩ সেচ যন্ত্র চালু রাখার লক্ষ্যে প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ ও ট্রান্সফরমার মজুদ ও সরবরাহের ব্যবস্থা করা যেতে পারে;

১৯.৪ পল্লী বিদ্যুৎ সমিতির সাথে আলোচনা করে যথাসময়ে বিদ্যুৎ লাইন নির্মাণ ও সেচযন্ত্রে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করা যেতে পারে;

১৯.৫ ইত:পূর্বে বাস্তবায়িত সেচ স্কীম ও সেচ অবকাঠামো প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষনের মাধ্যমে সচল রাখা যেতে পারে;

১৯.৬ প্রকল্প এলাকায় যেসব স্থানে বিদ্যুৎ নেই সে সকল স্থানে সোলার পাম্পের মাধ্যমে সেচ প্রদান করা যেতে পারে ;

১৯.৭ ভূ-গর্ভস্থ পানির সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে মজা পুকুর খনন করে বৃষ্টির পানি সংরক্ষনের মাধ্যমে সেচ কাজে ব্যবহার করা যেতে পারে;

১৯.৮ সেচের পানির পরিমিত ব্যবহার নিশ্চিতকরণ ও সেচ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক সেচ পদ্ধতি যেমন, স্প্রিংলার ও ড্রিপ সেচ পদ্ধতি সম্প্রসারণ করা যেতে পারে; এবং

১৯.৯ সুষ্ঠুভাবে প্রকল্প মনিটরিং এবং মালিকানা সনাক্তকরণের সুবিধার্থে বিএডিসি কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন সেচ অবকাঠামো ও যন্ত্রপাতিগুলোর গায়ে আরো দর্শনীয় তথ্য নির্দেশক বোর্ড বা লিখনের ব্যবস্থা জরুরিভিত্তিতে গ্রহণ করা করা যেতে পারে।

ক্রঃনং	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
	অফিসারের বেতন				
	কর্মচারীদের বেতন				
ক	কর্মচারীদের বেতন (সাকুল্যে)	২৯জন	১৪৭.৩৬	২৯জন	১৪৭.৩৬ (১০০)
	ভাতাদি		০.০০		০.০০
	উৎসব বোনস	২৯জন	১৪.৭০	২৯জন	১৪.৭০ (১০০)
	উপ-মোট		১৬২.০৬		১৬২.০৬ (১০০)
খ	সরবরাহ ও সেবা				
	ভ্রমন ব্যয়		৬৫.০০		৬৫.০০ (১০০)
	অতিরিক্ত কাজের ভাতা		৯.৯০		৯.৯০ (১০০)
	ভাড়া অফিস	২টি	১৩.০০	২টি	১২.৮৪ (১০০)
	পৌরকর		৭.৭২		৭.৭২ (১০০)
	কাস্টম, শুল্ক/কর/ভ্যাট		০.৬৬		০.৬৬ (১০০)
	ডাক		০.৬৩		০.৬৩ (১০০)
	টেলিফোন/টেলিগ্রাম		৩.৯২		৩.৯২ (১০০)
	রেজিষ্টেশন ফি		১০.০০		৭.৯০ (৭৯)
	বিদ্যুৎ		১২.৩৫		১২.৩৫ (১০০)
	পেট্রোল ও লুব্রিক্যান্ট		৭৭.০০		৭৭.০০ (১০০)
	বীমা/ব্যাংক চার্জ		৩.৩০		২.৫০ (৭৭)
	মুদ্রন প্রকাশনা ও গবেষণা		৫.০০		৫.০০ (১০০)
	ষ্টেশনারী ,সীল ও ষ্ট্যাম্প		২৭.৫০		২৭.৫০ (১০০)
	প্রচার ও বিজ্ঞাপন		১১.৬৪		১১.৬৪ (১০০)
	প্রশিক্ষন ব্যয়	৩০৪৫জন	৪৬.০০	৩০৪৫জন	৪৬ (১০০)
	ওয়ার্কসপ/সেমিনার/ কনফারেন্স	১টি	১.০০		০.০০
	পরিবহন ব্যয়		৯.৭৫		৯.৭৫ (১০০)
	অনিয়মিত শ্রমিক		৩০.০০		৩০.০০ (১০০)
	পরিস্কার পরিচছন্নতা		২.০০		২.০০ (১০০)
	নিরাপত্তা প্রহরী		১৭.০০		১৭.০০ (১০০)
	সম্মানী ভাতা/ফি/ পারিশ্রমিক		৯.৫০		৯.৫০ (১০০)
	সম্মানী ভাতা (মনিটরিং ও মূল্যায়ন)		৪.৫০		৪.৫০ (১০০)
	অন্যান্য ব্যয়		১২.২৫		১২.২৫ (১০০)
	মোট সরবরাহ ও সেবা (খ)		৩৭৯.৬২		৩৭৫.৫৬ (৯৯)
গ	মেরামত সংরক্ষণ ও পুনর্বাসণ				
	যানবাহন মেরামত		৩৮.০০		৩৮.০০ (১০০)
	আসবাবপত্র		৩.০০		৩.০০ (১০০)
	কম্পিউটার		৬.২৫		৬.২৫ (১০০)
	অফিস সরঞ্জাম		৪.৫০		৪.৫০ (১০০)
	সেচ যন্ত্রপাতি ও সরঞ্জাম		২৮.০০		২৭.৮৬ (১০০)
	অফিস ভবন মেরামত		৭২.০০		৭২.০০ (১০০)
	আবাসিক ভবন		১৮.০০		১৮.০০ (১০০)
	সেচ অবকাঠামো		৩৭.৮৫		৩৭.৮৫ (১০০)
	পুরাতন গনকূ পূনর্বাসন		৪৪.৯৬		৪৪.৯৬ (১০০)
	বৈদ্যুতিক অবকাঠামো		১৬.০০		১৬.০০ (১০০)
	মোট মেরামত ও সংরক্ষণ (গ)		২৬৮.৫৬		২৬৮.৪২ (৯৯.৯৪)
	মোট রাজস্ব ব্যয় (ক+খ+গ)		৮১০.২৪		৮০৬.০৪ (৯৯.৪৮)
ঘ	সম্পদ সংগ্রহ/ক্রয়				
	ডাবল কেবিন পিক-আপ	৪টি	১০৭.৯৬	৪টি	১০৭.৯৬ (১০০)
	মোটর সাইকেল	২০টি	২৪.৮০	২০টি	২৪.৮০ (১০০)
	স্মার্ট কার্ড প্রি-পেইড মিটার	৭০টি	১১১.৯৯	৭০টি	১১১.৭৯ (৯৯.৪)
	কম্পিউটার ও আনুষঙ্গিক ক্রয়	৫টি	৪.০০	৫টি	৪.০০ (১০০)
	অফিস সরঞ্জামাদি ক্রয়		৩.৪৫		৩.৪৫ (১০০)
	অফিস আসবাবপত্র ক্রয়		৬.০০		৬.০০ (১০০)
	৫-কিউসেক ডিজেল ইঞ্জিন ক্রয়	৩৫সেট	২৯৭.২৭	৩৫সেট	২৯৭.২৭ (১০০)

ক্রঃনং	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
	৫-কিউসেক বৈদ্যুতিক মটর ক্রয়	৪০সেট	১৩৫.৪৮	৪০সেট	১৩৫.৪৮ (১০০)
	২-কিউসেক ডিজেল ইঞ্জিন ক্রয়	২০সেট	৮৯.৬৯	২০সেট	৮৯.৬৯ (১০০)
	২-কিউসেক এর বৈদ্যুতিক মটর ক্রয়	৩০সেট	৪৭.৫৫	৩০সেট	৪৭.৫৫ (১০০)
	২-কিউসেক গভীর নলকূপের খনন মালামাল ক্রয়	৭০সেট	৬৪৩.৭৫	৭০সেট	৬৪৩.৭৫ (১০০)
	সাবমারসিবল পাম্প ক্রয়	৩০সেট	৬২.১০	৩০সেট	৬২.১০ (১০০)
	৫-কিউসেক বারিড পাইপ নির্মাণ মালামাল ক্রয়	৩৫ সেট (৪৫০০০মিঃ)	৫৫৭.০০	৩৫ সেট (৪৫০০০মিঃ)	৫৫৬.৭২ (৯৯.৯৯)
	নতুন গভীর নলকূপের বারিড পাইপের মালামাল ক্রয়	৭০ সেট (৭০০০০মিঃ)	৪৩৩.২৭	৭০ সেট (৭০০০০মিঃ)	৪৩৩.২৭ (১০০)
	পুনর্বাসনযোগ্য পুরাতন গভীর নলকূপের বারিড পাইপের মালামাল ক্রয়	৪৮সেট (৪৮০০০মিঃ)	৩৪৮.২১	৪৮সেট (৪৮০০০মিঃ)	৩৪৮.১৯ (৯৯.৯৯)
	মোট সম্পদ সংগ্রহ ক্রয় (ঘ)		২৮৭২.৫২		২৮৭২.০২ (৯৯.৯৮)
ঙ	**নির্মাণ ও পূর্ত**				
	খাল পুনঃখনন	৪১০কিঃমিঃ	৩০১৪.০০	৪১০কিঃমিঃ	৩০১৩.৯৭ (৯৯.৯৯)
	২-কিউসেক গভীর নলকূপ স্থাপন	৭০	৩১৪.৩৮	৭০	৩১৪.৩৫ (৯৯.৯৯)
	৫-কিউসেক পাম্প স্কীমের পাকা সেচ নালা নির্মাণ ডিসচার্জ বক্সসহ	৪০টি (৪০০০০মিঃ)	৭৬৭.০০	৪০টি (৪০০০০মিঃ)	৭৬৬.৯৮ (৯৯.৯৯)
	৫-কিউসেক পাম্পের ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ	৩৫টি (৪৫০০০মিঃ)	২৭১.০০	৩৫টি (৪৫০০০মিঃ)	২৭০.৯৮ (৯৯.৯৯)
	২-কিউসেক পাম্প স্কীমের পাকা সেচ নালা নির্মাণ	৫০ টি(৩০০০০মিঃ)	৪৫৭.৪৬	৫০ টি(৩০০০০ মিঃ)	৪৫৭.৪৬ (১০০)
	নতুন গভীর নলকূপের ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ	৭০ টি(৭০০০০মিঃ)	২৯০.০০	৭০ টি(৭০০০০মিঃ)	২৮৯.৯৯ (৯৯.৯৯)
	পুরাতন গভীর নলকূপের ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ	৪৮ টি(৪৮০০০মিঃ)	২০৫.৯৫	৪৮ টি(৪৮০০০মিঃ)	২০৫.৯৫ (১০০)
	আরসিসি স্লুইচ গেট নির্মাণ	৩টি	১১৩.৪০	৩টি	১১৩.৪০ (১০০)
	হাইড্রোলিক ষ্ট্রাকচার নির্মাণ	১০০টি	৫৭২.০০	১০০টি	৫৭১.৯৮ (৯৯.৯৯)
	আরসিসি ওভারহেড চ্যানেল নির্মাণ	১৬৫০মিটার	১৪২.০০	১৬৫০মিটার	১৪১.৯২ (৯৯.৯৪)
	৫-কিউসেক লো-লিফট পাম্প এর বিদ্যুৎ লাইন নির্মাণ	৪০টি	১৭৬.৩৫	৪০টি	১৭৬.৩৩ (৯৯.৯৮)
	২-কিউসেক লো-লিফট পাম্প এর বিদ্যুৎ লাইন নির্মাণ	৩০টি	৯৮.১৫	৩০টি	৯৮.১৪ (৯৯.৯৯)
	২-কিউসেক নতুন গভীর নলকূপ এর বিদ্যুৎ লাইন নির্মাণ	৭০টি	৩০৯.৮৮	৭০টি	৩০৯.৮৬ (৯৯.৯৯)
	২-কিউসেক পুনর্বাসনযোগ্য পুরাতন গভীর নলকূপ এর বিদ্যুৎ লাইন নির্মাণ	১৩টি	৬১.২২	১৩টি	৬১.২২ (১০০)
	মোট নির্মাণ (ঙ)		৬৭৯২.৭৯		৬৭৯২.৫৩ (৯৯.৯৯)
	(খ) মোট মূলধন ব্যয় (ঘ+ঙ)		৯৬৬৫.৩১		৯৬৬৪.৫৫
	মোট ব্যয় (রাজস্ব (ক+খ+গ) + মূলধন) (ঘ+ঙ)		১০৪৭৫.৫৫		১০৪৭০.৬০ (৯৯.৭৫)
	(চ) ফিজিক্যাল কন্টিনজেন্সি		০		০.০০
	(ছ) প্রাইস কন্টিনজেন্সি		০		০.০০
	মোট প্রকল্প ব্যয় (ক+খ+গ+ঘ+ঙ+চ+ছ)		১০৪৭৫.৫৫		১০৪৭০.৬০ (৯৯.৭৫)



gwÝMÄ ‡Rjvq Swi Lvj cbtLbb



XvKv †KivbxMÄ Dc‡Rjv¯ K‡ii Mvl Lvj cbtLbb





Avi wmwm 2-‡f›U ¯øBP †MBU, Pi DwRjve, †ejve, biwms`x gwR`ci 2-wKD‡mK GjGjwc †mP ¯‹g (wW‡Rj Pvwjz)
Pvbci BDwbqb, ivqciv Dc‡Rjv, biwms`x|



MvRxci †Rjvi Kvcwmqv Dc‡Rjvaxb †UvK bMi †gŝRvq ¯vwcZ
5-wKD‡mK †jv-wjdU cv¤ú ¯vc‡bi Rb¨ wbwgZ lfvi‡nW wWmPvR e·

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজী প্রজেক্ট (এনএটিপি) ফেজঃ১ (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। **প্রকল্পের নাম** t **ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজী প্রজেক্ট (এনএটিপি) ফেজঃ১ (৩য় সংশোধিত)**

২। বাস্তবায়নকারী সংস্থা t বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
কৃষি গবেষণা ফাউন্ডেশন
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মৎস্য অধিদপ্তর
প্রাণি সম্পদ অধিদপ্তর
হরটেক্স ফাউন্ডেশন

৩। প্রশাসনিক মন্ত্রণালয় t কৃষি মন্ত্রণালয়

৪। প্রকল্পের এলাকা t গবেষণা কম্পোনেন্টঃ সমগ্র বাংলাদেশ
সম্প্রসারণ এবং সাপ্লাই চেইনঃ ৩১টি জেলার ১৫০টি উপজেলা।

৫। **প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়** t

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা প্রঃ সাহায্য	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত (৩য় সংশোধিত)		মূল	সর্বশেষ সংশোধিত (৩য় সংশোধিত)			
মোট টাকা প্রঃ সাহায্য	মোট টাকা প্রঃ সাহায্য						
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬০৩৯৭.০০ ৩০০৬.০০ ৫৭৩৯১.০০	৬৩৭০২.০০ ৬৩১১.০০ ৫৭৩৯১.০০	৫৯১৯৩.১০ ৫৫১০.৫৯ ৫৩৬৮২.৫১	জুলাই, ২০০৭ হতে জুলাই ২০১২	জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর ২০১৪	জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর ২০১৪	--	২৫%

৬। **প্রকল্পের অর্থায়ন** t বাংলাদেশ সরকারের (জিওবি) ৬৩১১.০০ লক্ষ টাকা এবং বৈদেশিক সহায়তা ৫৭৩৯১.০০ লক্ষ টাকা অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৭। **কাজের অঙ্গভিত্তিক বাস্তবায়ন** t পরিশিষ্ট –'ক'

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR), ২৯-৩০/০৫/২০১৫ তারিখে সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় , ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে ।

৯। প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রমঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ বাংলাদেশের কৃষির বৈশিষ্ট্য হল ছোট এবং মিশ্র খামার ব্যবস্থা। ধান ও অন্যান্য ফসলের উৎপাদনশীলতা এশিয়ার অন্যান্য দেশের চেয়ে কম। এখানে গবেষণা প্রতিষ্ঠান ও মাঠ পর্যায়ে কৃষকদের ফলনের তারতম্য অনেক বেশী। এ অবস্থা মৎস্য ও পশু সম্পদ খাতেও প্রযোজ্য। কৃষি উৎপাদন ব্যবস্থায় উচ্চ-মূল্য ফসল যেমন শাক-সবজি, ফল -মূল এর বিস্তার এখনও সীমিত। এ লক্ষ্য অর্জনে কৃষকদের প্রয়োজনীয় প্রযুক্তির উদ্ভাবন ও বিস্তারের

জন্য আমাদের গবেষণা ও সম্প্রসারণ ব্যবস্থাকে যুগোপযোগী করা প্রয়োজন। গবেষণালব্ধ কৃষি প্রযুক্তিরসমূহ মাঠ পর্যায়ে দ্রুততম সময়ে পৌছে দেয়া, কৃষি প্রযুক্তি ব্যবস্থা পুর্নগঠন করা ও প্রযোগিতামূলক গবেষণা কার্যক্রম প্রবর্তন করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের অনুরোধে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় প্রকল্পটির ১ম পর্যায়ের কার্যক্রম বাস্তবায়িত হয়।

৯.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

(ক) কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রযুক্তি ব্যবস্থা শক্তিশালীকরণ এবং গবেষণা ও সম্প্রসারণ মধ্যে যোগসূত্র সুদৃঢ়করণ ;

(খ) ফসল, মৎস্য ও পশুপালন কার্যক্রমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের Common Interest Group (CIG) গঠনের মাধ্যমে তাদের সমস্যা চিহ্নিত করে নীতিনির্ধারণ পর্যায়ে প্রতিফলন; এবং

(গ) উচ্চ মূল্যসম্পন্ন পণ্যের সংগ্রহোত্তর মূল্য সংযোজন ও বাজার ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি।

৯.৩। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- **কৃষি গবেষণা কার্যক্রমঃ** Sponsored Public Goods Research (SPGR) ; যা বিএআরসি এর মাধ্যমে এবং Competitive Grants Programme (CGP) যার মাধ্যমে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান ও সংস্থা মারফত স্বল্প মেয়াদী ও সাম্প্রতিক চাহিদাভিত্তিক গবেষণা পরিচালনা ;

- **কৃষি সম্প্রসারণ কার্যক্রমঃ** কৃষি সম্প্রসারণ কার্যক্রম পরিচালিত হয়েছে (ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ফসল), (খ) পশু সম্পদ অধিদপ্তর (পশু সম্পদ) ও (গ) মৎস্য অধিদপ্তর (মৎস্য) এর সমন্বয়ে। কৃষি বিষয়ক প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণের জন্য তৃনমূল পর্যায়ে কৃষকদের সংগঠিত করার নিমিত্তে কৃষি সম্প্রসরণের কর্মকান্ড বিকেন্দ্রীকরণ; এবং

- **সাপ্লাই চেইন ডেভেলপমেন্ট কার্যক্রমঃ** চাষীদের উৎপাদিত উচ্চমূল্যের কৃষিজ পণ্যের মান বৃদ্ধি এবং চাষীদের নায্য মূল্য প্রাপ্তির জন্য Farmer-Market-Linkage প্রতিষ্ঠার ব্যবস্থা করা। এ জন্য নির্ধারিত কয়েকটি উপজেলায় কনট্রাক্ট চাষীদের মাধ্যমে সব্জী, ফল, ফুল, মাছ,দুধ, মাংস ও ডিম উৎপাদনের ব্যবস্থা করা হবে এবং তাদের ও নিকট থেকে সংগৃহীত এ পণ্যাদি sorting করে মান বৃদ্ধির জন্য sorting house তৈরী করা। শহরের বিক্রয় কেন্দ্রের sorting house এর যোগাযোগ স্থাপনের ব্যবস্থা।

১০। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ প্রকল্পটি ০১-১০-২০০৭ তারিখে একনেক সভায় মোট ৬০৩৯৭.০০ লক্ষ টাকা (জিওবি-৩০০৬.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৭৩৯১.০০ লক্ষ টাকা) ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে উন্নয়ন সহযোগী সংস্থার (বিশ্ব ব্যাংক ও IFAD) পরামর্শে প্রকল্পের কাজ শুরুর পূর্বেই জিওবি খাতে ম্যাচিং ফান্ড অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ০১-০৩-২০০৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদিত হয়। প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণ, বেতন ভাতা বৃদ্ধি, সিডি ভ্যাট বৃদ্ধি, আন্তঃখাত সমন্বয় করে ১ বছর ৬ মাস মেয়াদ বৃদ্ধি করে মোট ৬২৬২৫.০০ লক্ষ টাকা (জিওবি-৫২৩৪.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৭৩৯১.০০ লক্ষ টাকা) ব্যয়ে জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ২য় সংশোধন অনুমোদিত হয়। পরবর্তীতে বাস্তবতার নিরিখে প্রকল্পটি ০১-০৭-২০১৪ তারিখে একনেক সভায় ৩য় সংশোধন মোট

৬৩৭০২.০০০ লক্ষ টাকা (জিওবি-৬৩১১.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৭৩৯১.০০ লক্ষ টাকা) ব্যয়ে জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

১১। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম	পূর্ণকালীন/খন্ডকালীন	মেয়াদকাল
ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	১৫-০১-২০০৯ হতে ৩১-১২-২০১৪ পর্যন্ত

১৩। **সাধারণ পর্যবেক্ষণঃ** প্রকল্পটির টাঙ্গাইল ময়মনসিংহ এবং গাজীপুর জেলায় বাস্তবায়িত কার্যক্রম ২৯ ও ৩০ মে ২০১৫ তারিখে পরিদর্শন করা হয়।

টাঙ্গাইল

বার পাখিরা ইউনিয়ন, দেলদুয়ারঃ এ স্কিমে এনএটিপি প্রকল্পের মৎস্য কম্পোনেন্ট এর কার্যক্রম পরিদর্শণ করা হয়। পরিদর্শনকালে জানা যায়, এ ইউনিয়নে ২টি মৎস্য CIG (Common Interest Group) গ্রুপ রয়েছে। CIG গ্রুপ ২০ জন সদস্যের সমন্বয়ে গঠিত। উপস্থিত কয়েকজন CIG সদস্যের সাথে কথা বলে জানা যায় যে, তারা নিয়মিত ১০০ টাকা হারে চাঁদা প্রদান করে আসছেন। গ্রুপ গঠন হবার ফলে তারা মৎস্যচাষের বিভিন্ন কলা-কৌশল, প্রাপ্ত প্রশিক্ষণ ও প্রযুক্তি বিষয়ে নিজেদের মধ্যে আলোচনা করতে পারেন এবং এর ফলে তারা অধিক উৎপাদন করতে পারছেন। কৃষকরা সবগুলো CIG মিলে উপজেলা মাইক্রোপ্ল্যান তৈরীর কাজ করে আসছেন। CIG গ্রুপের সদস্যসরা নন CIG কৃষকদের কৃষি বিষয়ে পরামর্শ প্রদান করছেন বলে আলাপকালে জানা যায়। CIG এর রেজিষ্ট্রেশন হয়নি। গ্রুপের প্রতিমাসের উত্তোলিত অর্থ নির্দিষ্ট ব্যাংক একাউন্ট এ জমা রাখা হচ্ছে।

ফাজিলাটি ইউনিয়ন, দেলদুয়ারঃ এ স্কিমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা হয়। প্রকল্পের আওতায় ডিএই এর CIG গ্রুপকে লেবু চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। একটি CIG সভাপতির সাথে আলোচনা করে জানা যায় যে প্রকল্পের আওতায় লেবু পরিচর্যা, গ্রেডিং, আইপিএম (সমন্বিত বালাই দমন) পদ্ধতির প্রয়োগ পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একজন CIG সদস্য জানান যে, CIG গ্রুপের সকল সদস্য এই স্কিমে ১০০ একর জমিতে লেবু চাষ করছেন। প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্তি ও CIG গঠনের ফলে ব্যাপক অধিক্ষেত্র জুড়ে চাষাবাদ করতে পারছেন বলে তারা জানান। আলোচ্য CIG টি রেজিষ্ট্রেশনপ্রাপ্ত এবং তাদের বাৎসরিক সঞ্চয় ১.০৫ লক্ষ টাকা। তারা সঞ্চয় হতে ৮০ হাজার টাকা ব্যয়ে একটি লেবু বাগান তৈরী করেছে। এ অঞ্চলে অধিক লেবু উৎপাদন হলেও বাজারজাতকরণে চাষীদের সমস্যায় পরতে হয়। দেশ ও বিদেশে মার্কেটিং সুবিধা না থাকায় অধিক উৎপাদনের সুফল তারা পাচ্ছে না বলে আলোচনায় বিষয়টি উঠে আসে।

ফাজিলাটি FIAC(Farmers Information Assistance Centre) : ফাজিলাটি ইউনিয়নের FIAC বা কৃষক তথ্যসেবা কেন্দ্রটি পরিদর্শন করা হয় প্রকল্পের আওতায় এ ইউনিয়ন ছাড়াও প্রকল্প এলাকাসমূহে কৃষক তথ্য সেবা কেন্দ্র গঠণ করা হয়েছে। এ সেন্টারটি কৃষি, মৎস্য, পশুসম্পদ সংক্রান্ত সমস্যা নিরসনে যথাক্রমে ডিএই এর উপসহকারী কৃষি কর্মকর্তা, মৎস্য অধিদপ্তরের LEAF (Local Extension Agent of Fisheries) এবং পশুসম্পদের ক্ষেত্রে CEAL (Community Extension Agent of Livestock) সমন্বয়ে গঠিত। আলোচনাক্রমে ও

পরিদর্শনে লক্ষ্য করা হয় কৃষি, মৎস্য ও গবাদিপশুর রোগ বালাই দমনে সেন্টার হতে অধিদপ্তরের এজেন্টরা ব্যবস্থাপত্র প্রদান করেন। স্থানীয় কৃষকেরা অধিদপ্তরের এজেন্টদের পরামর্শে ছোটখাট সমস্যার সমাধান পেয়ে আসছেন এবং খুব উপকৃত হচ্ছেন। ভেজাল সার চেনার উপায়, ক্ষেতে পোকা-মাকড়ের বিস্তার, ক্ষতিকর ও উপকারী পোকা সনাক্তকরণ বিষয়ে আগত কৃষকদের সেন্টারহতে নিয়মিত পরামর্শ দেয়া হয় বলে জানা যায় ।এই কৃষক তথ্য সেবা কেন্দ্রে একটি কৃষি যাদুঘর দৃশ্যমান হয়েছে। প্রকল্পের আওতায় এখানে ময়েশ্চার মিটার, ল্যাপটপ, মডেম, প্রিন্টার সরবরাহ করা হয়েছে।

৯ নং আটিয়া ইউনিয়ন দেলদুয়ারঃ এর একটি CIG গ্রুপকে বীজ সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এ ইউনিয়নের একজন CIG সদস্যের বাসা/বাড়ী পরিদর্শন করা হয়। তিনি জানান যে, প্রকল্প হতে তিনি বীজ সংরক্ষণ বিশেষ করে ধান ও সরিষা বীজ সংরক্ষণের কলা কৌশল বিষয়ে প্রশিক্ষণ পান।

আটিয়া ইউনিয়ন, মাহমুদপুর গ্রাম, দেলদুয়ারঃ এই গ্রামের একটি মহিলা CIG গ্রুপের সদস্যের সাথে সাক্ষাৎ করা হয়। তারা বলেন যে, প্রকল্পের আওতায় তারা হোমষ্টেড ভেজিটেবল গার্ডেনিং, বীজ সংরক্ষণ, বালাই দমনে ফেরোমন ট্রাপ ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছেন এবং একজন সদস্যের বাড়ির আঙ্গিনা ও পতিত জমিতে সবজি চাষ দৃশ্যমান হয়েছে। এই CIG গ্রুপের সদস্যদের সাথে আলোচনাক্রমে জানা যায় যে, গ্রুপটির রেজিষ্ট্রেশন করা হয়নি। বিশ সদস্যের সমন্বয়ে গঠিত এ CIG এর সদস্যরা মাসে ১০০ টাকা করে সঞ্চয় করে। তাদের সঞ্চিত এক লক্ষ টাকা জমি ক্রয়ে বিনিয়োগ করেছেন। তাদের পরিদর্শনকালীন সময় পর্যন্ত সঞ্চয় ১.৪০ লক্ষ টাকা। তারা যৌথ ব্যাংক একাউন্ট পরিচালনা করেন।

দইন্যা ইউনিয়ন, টাঙ্গাইল সদরঃ প্রকল্পের আওতায় এ ইউনিয়নের CIG (ফসল) গ্রুপের চাষাবাদের সুবিধার্থে ৮০০ ফুট বারিড পাইপ লাইন স্থাপন করা হয়েছে। চারটি রাইজার সংযুক্ত এ পাইপ লাইনের কমান্ড এরিয়া ৩৫ বিঘা জমি এবং উপকারভোগী কৃষক পরিবার ২০টি জমি সাশ্রয় উপকারভোগী কৃষকদের সাথে আলাপ করে জানা যায় যে, সেচকাজে পানি পরিবহনে এখন কৃষকেরা সুবিধা পাচ্ছেন, অতীতে জমিতে পানি পরিবহনে তাদের সমস্যা হত এবং পানির অপচয় হত। বারিড পাইপ লাইন স্থাপনের ফলে তাদের সেচকাজে সুবিধা হচ্ছে এবং পানির অপচয় রোধ হচ্ছে। প্রকল্পের আওতায় এ গ্রুপের সদস্যদের সরিষাবীজ সংরক্ষণ, ফসলের বিভিন্ন জাত, সার প্রয়োগ, আইপিএম পদ্ধতি, প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তারা জানান যে, বীজ সংরক্ষণ ও চাষাবাদে তারা আধুনিক জৈব প্রযুক্তি ব্যবহারে অভ্যস্ত হয়েছেন। এ ইউনিয়নের CIG টি রেজিষ্ট্রেশনপ্রাপ্ত। গ্রুপটির একটি ব্যাংক একাউন্ট রয়েছে তবে তারা নিয়মিত সঞ্চয়ে অভ্যস্থ হতে পারেনি।

দইন্যা কৃষক তথ্য সেবা কেন্দ্র (FIAC) টাঙ্গাইল সদরঃ CIG পরিদর্শনকালে লক্ষ্য করা হয় যে এ সেন্টারে কম্পিউটার, মডেম এবং ময়েশ্চার মিটার সরবরাহ করা হয়েছে। সেন্টারের LEAF এবং CEAL বলেন যে তারা মাছ ও গবাদিপশুর চিকিৎসার্থে বিভিন্ন সমস্যা সনাক্তপূর্বক ব্যবস্থাপত্র প্রদান করেন। কৃষক তথ্য সেবা কেন্দ্রে সমবেত কয়েকজন কৃষককের সাথে কথা বলে জানা যায় যে এরূপ সেবা কেন্দ্র স্থাপনের ফলে মৎস্য ও গবাদিপশু পালন, রোগ দমনে কার্যকরী সেবা ও পরামর্শ পেয়ে আসছেন। কেন্দ্রের CEAL বলেন যে, ফ্রিজের অভাবে গবাদি পশুর টিকা, ইনজেকশন, সংরক্ষণে অসুবিধার সম্মুখীন হতে হয়। এ সেন্টারে সমবেত একটি CIG গ্রুপের সদস্যদের সাথে সাক্ষাত হয় যারা মৎস্যজীবি। তাদের সঞ্চয় ১.১০ লক্ষ টাকা। এ CIG গ্রুপটি রেজিষ্ট্রেশনভুক্ত এবং নিজেদের অর্থায়নে তারা সমিতি অফিস তৈরী করেছে।

বাঘিলী ইউনিয়ন সদর উপজেলাঃ এ ইউনিয়নের প্রানিসম্পদের CIG সদস্যদের সাথে আলাপ হয়। তাঁরা প্রকল্পের আওতায় কৃত্রিম উপায়ে প্রজনন, গরু মোটাতাজাকরণ, হাস/মুরগী লালন-পালন, ভ্যাক্সিনেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ পেয়েছেন। CIG গ্রুপটি একটি নেপিয়ার ঘাষের প্লট স্থাপন করেছে। CIG সদস্যরা জানান যে, প্রকল্পের আওতায় প্রশিক্ষণ পেয়ে তারা খুব উপকৃত হয়েছেন। প্রাপ্ত প্রশিক্ষণের দ্বারা গাভী পরিচর্যা করে অধিক দুধ উৎপাদন করে বিতরণের মাধ্যমে আর্থিকভাবে লাভবান হচ্ছেন বলে তারা জানান।

ময়মনসিংহ

দোল্লা ইউনিয়ন, মুক্তাগাছাঃ দোল্লা ইউনিয়নস্থ FIAC সেন্টারটি পরিদর্শন করা হয়। কৃষি বিভাগের উপ-সহকারী কৃষি কর্মকর্তা জানান যে, প্রতিদিন ৮-১০ জন কৃষক তার কাছে কৃষি পরামর্শ গ্রহণ করতে কেন্দ্রে আসেন। কৃষি সমস্যা রেজিস্ট্রারে অন্তর্ভূক্ত করা হয় এবং কৃষককে সমস্যা নিরসনে প্রেসক্রিপশন প্রদান করা হয়। প্রকল্পের আওতায় এ সেন্টারে ময়েশ্চার মিটার প্রদান করা হয়েছে। সেন্টারটিকে কম্পিউটার/ল্যাপটপ, মডেম ও প্রিন্টার পরিলক্ষিত হয়। FIAC এর কর্মকর্তারা জানান সেন্টারটি আধুনিকায়নে কম্পিউটার সামগ্রী প্রয়োজন।

গোবিন্দবাড়ী গ্রাম, দোল্লা, ইউনিয়ন, মুক্তাগাছাঃ একটি মহিলা CIG গ্রুপের সদস্যদের সাথে আলাপ করা হয়। আলোচনাকালে জানা যায় যে, গ্রুপটির সঞ্চয় ঊনসত্তর হাজার টাকা। তারা তাদের সঞ্চিত অর্থ ব্যাংকে জমা রাখেন। ২০১৪ সালে তারা নিজস্ব ৪১০০০ টাকা দিয়ে গুটি ইউরিয়া প্রস্তুতকারী যন্ত্র বিক্রোয়েট ক্রয় করেছেন। প্রকল্পের আওতায় CIG সদস্যরা ঘরের আঙিনায়, পতিত জমিতে সবজিচাষ, পোকা দমনে ফেরোমন ফাদেঁর ব্যবহার, বীজ সংরক্ষণের কৌশল/পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ পেয়েছেন।

কুমারগাতি ইউনিয়ন, মুক্তাগাছাঃ এ ইউনিয়নের একটি গাভী পালন CIG গ্রুপের একজন সদস্য জানান যে, প্রকল্পের আওতায় গরুর রোগ সনাক্তকরন,চিকিৎসা, টিকা প্রদান বিষয়ে প্রশিক্ষণ পান। এ সদস্য তার বাড়ীতে একটি বায়োগ্যাস প্ল্যান্ট তৈরী করেছে যা পরিদর্শনকালে দেখা গেছে। এই গাভী পালন CIG এর সঞ্চয় খুব কম যা তারা বলতে চাননি। তবে CIG টি রেজিষ্ট্রেশনকৃত।

৪নং কুমারগাতা ইউনিয়ন, মুক্তাগাছাঃ এ স্কিমের একটি মৎস্যচাষী CIG গ্রুপের সাথে আলোচনা হয়। CIG সদস্য পার্থ প্রতীম আচার্য জানান যে, প্রকল্পের আওতায় তারা আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ লাভ করেন। প্রকল্পের আওতায় এই CIG কে ভাল, pellet Machine প্রদান করা হয়েছে। CIG সদস্য বলেন যে, প্রকল্পের আওতায় সুবিধাপ্রাপ্তির পূর্বে তার বাৎসরিক আয় ছিল একলক্ষ টাকা। কিন্তু বর্তমানে বাৎসরিক আয় ২.৫০ লক্ষ টাকা।

বৈলর ইউনিয়ন, ত্রিশালঃ এ স্কিমের একটি মহিলা CIG গ্রুপের সদস্যদের সাথে সাক্ষাত করা হয়। এটি একটি রেজিষ্ট্রেশনকৃত CIG । প্রকল্পের আওতায় তারা বাড়ির আঙ্গিনায় সবজিচাষ, আইপিএম পদ্ধতি এবং লিডারশীপ বিষয়ে প্রশিক্ষণ পেয়েছেন বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান। এ গ্রুপটি নিয়মিত সঞ্চয় করছেন এবং অর্থ সঞ্চয়ে তারা ব্যাংক একাউন্ট পরিচালনা করেন।

কাঠাল ইউনিয়ন, ত্রিশালঃ একটি মুরগি পালন CIG এর সদস্যদের সাথে আলাপ হয়। পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্পের আওতায় এই CIG গ্রুপটিকে তিন হাজার মুরগীর বাচ্চা ফুটাতে সক্ষম একটি হ্যাচারী তৈরী করে দেয়া হয়। এ যাবত সঞ্চয় মাত্র পয়তাল্লিশ হাজার টাকা। তবে একই ইউনিয়নের একটি গাভী পালন CIG র সদস্যদের সাথে আলাপ করে জানা যায় যে, তাদের গ্রুপটির সঞ্চয় ২.৫০ লক্ষ টাকা।

বৈলর চরপাড়া, ত্রিশালঃ বৈলর চরপাড়া CIG একটি ফসল উৎপাদনকারী CIG । এ গ্রুপের সদস্যদের চাষাবাদের সুবিধার্থে ৫০০ ফুট বাড়িড পাইপলাইন স্থাপন করা হয়েছে। পাইপ লাইন স্থাপনের পূর্বে কাচা নালা ব্যবহার করতে হত ফলে পানির অপচয় হত এবং বাড়িড পাইপ স্থাপনের ফলে পানি পরিবহনে সুবিধা সৃষ্টি হয়েছে অন্যদিকে পানি অপচয় রোধ হয়েছে এবং কম খরচে অধিক সেচ নিশ্চিত হয়েছে বলে সদস্যরা জানান।

গাজীপুর

